bes INDIA
bible educational services

# শিক্ষক-শিক্ষিকাদের জন্য নির্দেশাবলী

## বাইবেলটাইম ৩নং স্তর এবং ৪নং স্তর

A সিরিজ

৭নং - ১২নং গল্প

www.besweb.com

# বাইবেল এডুকেশান সার্ভিসেস

**মিশন বিবৃতি**
ধারাবাহিক বাইবেল পাঠগুলি যা বর্তমান এবং পরবর্তী প্রজন্মের কাছে ঈশ্বরের বাক্য শিক্ষা দিতে সক্ষম করে, সেগুলি সারা পৃথিবী জুড়ে ব্যবহারের জন্য প্রকাশিত করার দ্বারা আপনাদের পরিচর্যা করা যেন আপনি অন্যদের পরিচর্যা করতে পারেন।

**দর্শন বিবৃতি**
যারা আমাদের মৌলিক মূল্যবোধগুলি ভাগ করে নেয় তাদের সাথে অংশীদার হয়ে, যোগাযোগের বিভিন্ন উপায়গুলির মাধ্যমে পৃথিবীর অনেক ভাষায় বাইবেল এডুকেশনাল রিসোর্স-এর উৎপাদনটি সহজতর করা।

# সাধারণ তথ্য

**বাইবেল এডুকেশনাল সার্ভিসেস কি করে?**

বাইবেল এডুকেশনাল সার্ভিসেস (বিইএস) ইংরেজীতে "বাইবেল টাইম", "নিউ লাইফ" এবং "গ্লীনার্স" নামে পাঠগুলি প্রকাশ করে এবং পরিদর্শন, নেটওয়ার্কিং, পরামর্শদান ও শিক্ষণ দ্বারা ইউ.কে ও বিদেশে পোষ্টাল বাইবেল স্কুল ও বিইএস পাঠগুলি ব্যবহার ক'রে একইরকম এমন সংস্থাগুলিকে সাহায্য করে। বিইএস বর্তমানে অন্য দেশগুলিতে সেই দলগুলির সাথে অংশীদার হয়েও কাজ করছে যারা পাঠগুলির অনুবাদ, নকশা, প্রকাশনা এবং বিতরণ করায় নিয়োজিত আছে। পাঠগুলি সমস্ত ছাত্রছাত্রীদের বিনামূল্যে যোগান আবশ্যক।

বাইবেলটাইম পাঠগুলি ৫০ বছরের বেশী আগে দক্ষিণ আয়ারল্যান্ডে প্রথম ব্যবহৃত হয়েছিল। বাইবেল এডুকেশানাল সার্ভিসেস ইংরেজী এবং সব বিদেশী ভাষায় বাইবেলটাইম পাঠগুলির জন্য সম্পাদকীয় দায়িত্বটি রক্ষা করে। বাইবেলটাইম পাঠগুলি সাধারণতঃ এ৪ আকারে প্রকাশ করা হয়েছিল যা কোন কোন এলাকায় ছাত্রছাত্রীদের, প্রতি চার সপ্তাহ অন্তর, মান নির্ণয়ের জন্য পাঠগুলি বাইবেল স্কুল কেন্দ্রে ফেরত পাঠাতে সক্ষম করে। আরও সাম্প্রতিককালে, বেলফাস্ট-এর এভরি হোম ক্রুশেড (উদ্দীপনামূলক আন্দোলন) কে ধন্যবাদ জানাই, যারা ছয় মাসের জন্য পাঠগুলি এ৫ আকারে প্রকাশ করেছিল, যা মণ্ডলী এবং বিদ্যালয়গুলিতে আরও সহজতর উপায়ে ব্যবহার করা গিয়েছে, বিশেষতঃ যেখানে ডাক পদ্ধতি ফলপ্রসূ হয়।

বিইএস পাঠগুলি এতই অপূর্ব যে সেগুলি দৃশ্যত গৃহ বা দলীয় (মণ্ডলী/বিদ্যালয়) পাঠের জন্য প্রস্তুত করা হয়েছে, পরবর্তীতে তার পরিকল্পিত সিলেবাস আছে যা ছাত্রছাত্রীকে ২০ বছর বয়স পর্য্যন্ত অধ্যয়নটি চালিয়ে যেতে সুযোগ দেয়। পাঁচটি স্তরে পাঠগুলি বিশেষ বিশেষ বয়সকালীন দলের জন্য পাওয়া যায়, যেমন স্কুল-পূর্ববর্তী, ৫-৭ বছর, ৮-১০ বছর, ১১-১৩ বছর, ১৪-১৬ বছর। প্রতিটি বয়সের দলের জন্য তিন বছরের সিলেবাস আছে (৪নং পৃষ্ঠা দেখুন)। ভিন্ন ভিন্ন যোগ্যতা অনুসারে বয়সের দলগুলি বিভিন্ন হতে পারে। বাইবেলটাইম রিসোর্সগুলি ছেলেমেয়েদের ঈশ্বরের বাক্য অধ্যয়ন করতে, বাইবেলের গল্প শিখতে এবং তাদের জীবনে সুসমাচারের প্রাসঙ্গিকতার সমস্যার সম্মুখীন হতে সুযোগ দেয়।

বিইএস ওয়েবসাইট—www.besweb.com অথবা আন্তর্জাতিক সম্পাদকের কাছ থেকে পাঠগুলির ছাপান কপি ইংরেজীতে পাওয়া যায়। এগুলি অন্যান্য ভাষার ওয়েবসাইটেও পাওয়া যাবে। বিইএস-এর প্রমাণপত্রগুলি আপনার কাছে সাহায্যকারী হতে পারে যদি আপনি আমাদের সাথে অংশীদার হওয়ার জন্য চিন্তা করছেন, যা ওয়েবসাইটেও পাওয়া যাবে।

# বিইএস-এর যোগাযোগের ঠিকানা

# শিক্ষক-শিক্ষিকাদের জন্য নির্দেশাবলী

প্রারম্ভিককালে, বাইবেলটাইম পাঠগুলি ডাকযোগে বাইবেল স্কুল কেন্দ্রের মাধ্যমে ডাক পদ্ধতিতে ব্যবহারের জন্য তৈরী করা হয়েছিল কিন্তু পাঠগুলি সংখ্যায় বৃদ্ধি পেয়ে এমন জায়গায় ব্যবহৃত হচ্ছিল যেখানে ডাক পদ্ধতি বিশ্বাসযোগ্য নয় অথবা অস্তিত্বহীন বিশেষতঃ আফ্রিকা, ভারতবর্ষ এবং অন্যান্য এলাকায় মণ্ডলী এবং বিদ্যালয়গুলিতে। শিক্ষণ নির্দেশাবলী তাদের জন্য প্রকাশ করা হয়েছিল যারা এইরূপ পরিস্থিতিতে বাইবেলটাইম পাঠগুলি ব্যবহার করছিল। এই পুস্তিকায় শিক্ষণ নির্দেশাবলী ৩নং স্তর এবং ৪নং স্তর যাদের বয়সসীমা আন্দাজ ১১-১৬ বছর তাদের সাথে ব্যবহারের জন্য নকশা করা হয়েছে।

প্রতিটি শিক্ষণ নির্দেশ বাইবেলটাইম পাঠের মত একই বাইবেলের অংশ অনুসরণ করে। বাইবেলটাইম পাঠগুলি এবং নির্দেশাবলীগুলি সাপ্তাহিক ভিত্তিতে ব্যবহারের জন্য নকশা করা হয়েছে। এপ্রিলের পাঠগুলি ইষ্টারের সাথে এবং ডিসেম্বরের পাঠগুলি বড়দিনের সাথে সম্পর্কযুক্ত।

কোন কোন এলাকায় পাঠগুলির এ৪ সাপ্তাহিক প্রকাশনা ব্যবহার করবে এবং অন্য জায়গায় ২৪টা পাঠ যুক্ত করে এ৫ পুস্তিকা ব্যবহার করবে। সাধারণতঃ শিক্ষক-শিক্ষিকা বা নেতা-নেত্রী মাসিক এ৪ পাঠটি দিবেন এবং প্রতি সপ্তাহে মণ্ডলীতে বা স্কুলে পাঠটি পূর্ণ করা হবে অথবা বাড়ী নিয়ে যাবে এবং পরবর্তী সপ্তাহে ফেরত আনবে। মাসের শেষে শিক্ষক-শিক্ষিকা অথবা নেতা-নেত্রী পাঠটি সংগ্রহ করবেন এবং প্রয়োজনীয় নম্বর দিবেন, যত শীঘ্র সম্ভব ছাত্রছাত্রীকে নম্বর দেওয়া পাঠগুলি ফেরত দিবেন।

পুস্তিকাটি যখন আদর্শরূপে ব্যবহার করা হবে, তখন প্রতিটি সেসনের শেষে, পুস্তিকাগুলি সংগ্রহ করা হবে এবং নম্বর দেওয়া হবে। আমরা বুঝতে পেরেছি যে অনেক পরিস্থিতিতে তা অসম্ভব। কাজেই শ্রেণীকক্ষের মধ্যে সেগুলি অন্য ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণ করা যেতে পারে এবং শিক্ষক-শিক্ষিকা অথবা নেতা-নেত্রী পাঠগুলির মাধ্যমে উত্তরগুলি বলবেন আর ছাত্রছাত্রীরা তাদের বন্ধুর পাঠে নম্বর দিবে এবং একটা হিসাব দিবে। পুস্তিকাটির একেবারে শেষে প্রত্যেক মাসের পাঠের জন্য হিসাবের একটা জায়গা আছে এবং ছাত্রছাত্রী কি উন্নতি করেছে সেই বিষয়ে মন্তব্যের জন্য একটা জায়গা আছে। সেখানে একটা সার্টিফিকেটও আছে যা আলাদা করা যেতে পারে এবং পাঠটির ছয় মাসের জন্য ছাত্রছাত্রী যে শতাংশ অর্জন করেছে তার নির্দেশ দিয়ে তা ছাত্রছাত্রীকে ফেরত দেওয়া হবে।

# শিক্ষক-শিক্ষিকাদের জন্য প্রস্তুতি

শিক্ষক-শিক্ষিকাদের নিজেদের কল্পনা এবং কাজ করার উদ্যমের সাথে তাদের নিজেদের মত জিনিসগুলি সাজিয়ে নিতে আমরা তাদের জন্য নির্দেশক হতে এবং বাধা দিতে চাই না। এগুলি পরামর্শ যা বাইবেলটাইম রিসোর্স ব্যবহার করতে সাহায্য করতে পারে।

- **গল্পটি ভালভাবে জানুন** - শিক্ষক-শিক্ষিকাদের বাইবেলের গল্পটির সাথে এবং তার সাথে মিল করা বাইবেলটাইম পাঠের সাথেও যতটা সম্ভব ততটা পরিচিত হওয়া উচিত। আদর্শরূপে, বাইবেলটাইম পাঠটি শিক্ষক-শিক্ষিকার দ্বারা পাঠের আগেই সম্পূর্ণ করা উচিত। প্রতিটি পাঠের জন্য নির্দেশিকাটি পাঠগুলির জন্য পরিকল্পনা করতে এক সাহায্য হিসাবে সাবধানে ধরে নেওয়াও উচিত।
- **শিখবার জন্য পাঠগুলি বোঝা** - প্রতিটি পাঠ পরিকল্পনার উপরে আপনি "আমরা শিখছি যে" শব্দগুলি লক্ষ্য করে থাকবেন, তারপরই আছে শিখবার দুইটা উদ্দেশ্য যা ছেলেমেয়েরা শিক্ষক-শিক্ষিকার উপস্থাপনাটি শুনবার পর এবং বাইবেলটাইম পাঠ সম্পূর্ণ করার পর বুঝবে বলে আশা করা যায়। প্রথম শিখবার উদ্দেশ্যটি গল্পটির বিষয়ে জ্ঞানের সাথে যুক্ত, যেখানে দ্বিতীয়টি জ্ঞানের বিষয়ে চিন্তা করতে, তা প্রয়োগ করতে এবং সাড়া দিতে ছেলেমেয়েদের উৎসাহ দেয়। এই শিখবার উদ্দেশ্যগুলি প্রধান মতবাদ/সত্যের এক সংক্ষিপ্ত বক্তব্য যা পাঠে শিখান হয় এবং শিক্ষক-শিক্ষিকাগণ শিক্ষা দিতে এবং শিখতে তাদের ব্যক্তিগত মূল্যায়নের জন্য ব্যবহার করতে ইচ্ছা করতে পারে যা ঘটেছে।
- **পরিচয় করান** - সমস্ত পাঠগুলির সাথে, আমরা সেখানে শুরু করি যেখানে ছেলেমেয়েরা পরিস্থিতিতে তাদের নিজেদের অভিজ্ঞতার সাথে থাকে। আমরা বিভিন্ন উপায়ের বিষয়ে পরামর্শ দিয়েছি যা গল্পটি পরিচয় করাতে ব্যবহার করা যেতে পারে যেন গল্পটির আরম্ভের মুহূর্তে আলোচনা উত্তর-প্রত্যুত্তর করতে ছেলেমেয়েদের সক্ষম করে।
- **শিক্ষা দিন** - আমরা গল্পটির মূল বিষয়গুলি দিয়েছি। আমরা আশা করব যে শিক্ষক-শিক্ষিকারা যখন প্রকৃতই গল্পটা বলবেন তখন তাদের এগুলি উল্লেখ করতে হবে না কিন্তু তাঁরা গল্পটির সাথে পরিচিত হবেন এবং এক চমকপ্রদ ও অনুপ্রাণিতভাবে তা শিক্ষা দিতে সক্ষম হবেন। শিক্ষক-শিক্ষিকারা চাইবেন ছেলেমেয়েরা যেন গল্পটা থেকে মূল বিষয়গুলি বুঝতে পারে এবং গল্পটা শিখে তাদের কি সাড়া দিতে হবে তা বুঝতে তাদের সাহায্য করবেন। যতটা উপযোগী করা যায় আমরা কয়েকটি ব্যাখ্যা গল্প বলাটার মাধ্যমে

একত্রে বুনতে চেষ্টা করেছি। এগুলি সবসময় ***বাঁকা অক্ষরগুলিতে*** যুক্ত করা হয়।

- **দেখান** - আমরা বুঝতে পারি যে কোন কোন পরিস্থিতিতে দৃশ্য উপকরণ পাওয়া খুব দুরূহ কিন্তু যেখানে সম্ভব সেখানে গল্পটি বুঝতে সাহায্য করতে ছবি অথবা বস্তুগুলির প্রতি দৃষ্টিপাত করা গুরুত্বপূর্ণ। গল্পগুলি বলতে দৃশ্য উপকরণগুলি অত্যন্ত সাহায্য করতে পারে। প্রতিটি পাঠে যেখানে প্রযোজ্য আমরা ছবিগুলির বিষয়ে www.freebibleimages.org ছবিগুলি থেকে (এফ বি আই) তথ্যটি দিয়েছি যা তাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। দৃশ্য উপকরনের আর একটি উৎস এইকন বাইবেল আর্ট [info@eikonbibleart.com] কিন্তু তাদের উপকরণগুলি কিনতে হবে। যেখানে ফটোকপি পাওয়া যায় সেখানে কয়েকটি বাইবেলটাইম ছবি বড় করে, রঙ করে, শিক্ষা দিবার সময় ব্যবহার করা যেতে পারে।
- **শিখুন** - প্রতিটি গল্পে একটা মূল পদ আছে। কোন কোন ক্ষেত্রে, দুইটা মূল পদ আছে, যেহেতু আমরা আর একটা মূল পদ যোগ করেছি যা ছেলেমেয়েদের জন্য শিখতে সহজ হতে পারে। আমরা আশা করি যে ছেলেমেয়েরা মূল পদগুলি শিখতে পারবে এবং যতবার সম্ভব তা তাদের মনে করিয়ে দেওয়া হবে যেন তারা মূল পদগুলির বিষয়ে জ্ঞান লাভ করতে শুরু করে।
- **সম্পূর্ণ করুন** - স্কুলের পরিস্থিতিতে আপনি কাজ করার পৃষ্ঠা সম্পূর্ণ করতে ছেলেমেয়েদের যোগ্যতার বিষয়ে এবং কতটা শিক্ষক-শিক্ষিকার সাহায্য প্রয়োজন সেবিষয়ে সচেতন হবেন। কয়েকজনের জন্য, এটা প্রয়োজন হবে যে শিক্ষক/শিক্ষিকা পাঠের অংশটি পড়বেন যখন ছেলেমেয়েরা সেটা অনুসরণ করবে যা এখন এক পরিচিত গল্প। অন্য ছেলেমেয়েরা হয়ত স্বাধীনভাবে পাঠ্যাংশটি পড়তে সক্ষম হবে। অন্য ক্ষেত্রে, এটা হয়ত বিশেষ নির্দেশগুলির প্রতি ছেলেমেয়েদের দৃষ্টি আকর্ষণ করতে একটা চিন্তাধারা যা প্রশ্নগুলির সাথে সম্পর্কযুক্ত। আপনি যদি স্কুলে যায় না যারা তাদের প্রসঙ্গে বাইবেলটাইম ব্যবহার করছেন, তবে সাহায্য করতে আপনাকে পাওয়া গুরুত্বপূর্ণ যেন এটা এক দৈনন্দিন কাজকর্ম বা পরীক্ষা হিসাবে উপলব্ধি না করা হয়। এটা আনন্দজনক, উৎসাহজনক এবং প্রশংসাজনক হওয়া উচিত যখন প্রদত্ত কাজটি করা হয় যা গুরুত্বপূর্ণ।
- **পুনরালোচনা করুন** - আমরা পরামর্শ দিয়েছি যখন সম্ভব, তখন শিখতে সাহায্য করতে, এবং গল্পটি পুনরালোচনা করার এক উপায় হিসাবে কুইজ অথবা নাটক করা যেতে পারে।
- **সক্রিয় হন** - এই বিভাগটি শিরোনাম, কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে তা বহন করে, এবং এছাড়াও সম্ভাব্য দলীয় কাজের কিছু পরামর্শ এবং পাঠটির উদ্বুদ্ধ করার প্রতি ব্যক্তিগত সাড়াগুলিও দেয়।

**মূল পদটি শিক্ষা দেওয়া**

১) পদটি একটা বড় কাগজে অথবা বোর্ডে এমনভাবে লেখা যেতে পারে যেখানে ছেলেমেয়েরা যখন পদটি বার বার বলবে তখন একটা করে শব্দ সরানো যাবে যতক্ষণ না সমস্ত পদটি সরানো হয় এবং ছেলেমেয়েরা তাদের সামনে শব্দগুলি না দেখেই পদটি পুনরাবৃত্তি করতে পারে।

২) মূল পদটি পরিচয় করিয়ে দিতে আপনি ব্যবহার করতে পারেন ঃ
ক) দুইটা দলের সাথে হ্যাংম্যান পদ্ধতি — অনেক সংখ্যার অক্ষর — কোন অক্ষর ছাড়াই মূল পদটির জন্য জায়গাগুলি দেওয়া — ছেলেমেয়েরা বেছে নিবে কোন অক্ষরগুলি তারা চায় যতক্ষন না কোন একজন পদটি চিনতে সক্ষম হয়।
খ) যেখানে বাইবেল পাওয়া যাবে সেখানে সোর্ড ড্রিল করান, ছেলেমেয়েরা পদটি খুঁজতে বাইবেল ঘাঁটবে এবং যে প্রথমে খুঁজে পাবে সে জোরে পড়বে।

**সময়ের পরিকল্পনা**

- **ধারা**। প্রতিটি পাঠের জন্য আমরা শিক্ষা নির্দেশিকায় দেওয়া একই ধারা রেখেছি কিন্তু শিক্ষকরা হয়ত সময় সময় তা পরিবর্তন করতে পারেন।
  - ১। ভূমিকা এবং গল্পটা বলা — প্রায় ১৫ মিনিট
  - ২। মূল পদটি শিক্ষা দেওয়া — ৫-১০ মিনিট
  - ৩। কাজ করার পৃষ্ঠাটি সম্পূর্ণ করা — ২০ মিনিট
  - ৪। কুইজ এবং অন্যান্য কার্যক্রম — ৫-১০ মিনিট

**গুরুত্বপূর্ণ কথাটি মনে রাখুন ঃ**

"আমাকে বল কিন্তু আমি ভুলে যেতে পারি,
আমাকে দেখাও তা আমি মনে রাখব,
আমাকে নিয়োজিত কর তা আমি বুঝতে পারব।"

# বাইবেলটাইম সিলেবাস

| | ০ স্তর (স্কুল-পূর্ববর্তী)<br>১ম স্তর (৫-৭ বছর)<br>২য় স্তর (৮-১০ বছর) | ৩য় স্তর (১১-১৩ বছর) | ৪র্থ স্তর (১৪+ বছর) |
|---|---|---|---|
| | ১। প্রারম্ভিক পাঠ - ভূমিকা<br>২। ইউ১ - লূকলিখিত সুসমাচার<br>৩। ইউ২ - লূকলিখিত সুসমাচার<br>৪। ইউ৩ - লূকলিখিত সুসমাচার | ১। প্রারম্ভিক পাঠ - ভূমিকা<br>২। ইউ১ - লূকলিখিত সুসমাচার<br>৩। ইউ২ - লূকলিখিত সুসমাচার<br>৪। ইউ৩ - লূকলিখিত সুসমাচার | ১। প্রারম্ভিক পাঠ - ভূমিকা<br>২। ইউ১ - লূকলিখিত সুসমাচার<br>৩। ইউ২ - লূকলিখিত সুসমাচার<br>৪। ইউ৩ - লূকলিখিত সুসমাচার |
| সিরিজ ক | ১। সৃষ্টির বিবরণ<br>২। নোহ<br>৩। পিতর<br>৪। পিতর — ক্রুশ<br>৫। অব্রাহাম<br>৬। অব্রাহাম<br>৭। পিতর<br>৮। পিতর<br>৯। যাকোব<br>১০। আদি খ্রীষ্টিয়ানরা<br>১১। পৌল<br>১২। বড়দিনের গল্প | ১। সৃষ্টির বিবরণ<br>২। নোহ<br>৩। পিতর<br>৪। পিতর — ক্রুশ<br>৫। পিতর<br>৬। অব্রাহাম<br>৭। যাকোব<br>৮। প্রার্থনা<br>৯। পৌল<br>১০। পৌল<br>১১। পৌল<br>১২। বড়দিনের গল্প | ১। সৃষ্টির বিবরণ<br>২। আদিতে উন্নতি - আদিপুস্তক<br>৩। পিতর<br>৪। পিতর — ক্রুশ<br>৫। পিতর<br>৬। অব্রাহাম<br>৭। যাকোব<br>৮। খ্রীষ্টিয় জীবন<br>৯। পৌল<br>১০। পৌল<br>১১। পৌল<br>১২। বড়দিনের গল্প |
| সিরিজ খ | ১। খ্রীষ্টের বাল্য জীবন<br>২। আশ্চর্য কাজগুলি<br>৩। বৈথনিয়া<br>৪। ক্রুশ<br>৫। দৃষ্টান্তগুলি / উপমাগুলি<br>৬। যোষেফ<br>৭। যোষেফ<br>৮। যীশুর সাক্ষাৎপ্রাপ্ত ব্যক্তিরা<br>৯। মোশি<br>১০। মোশি<br>১১। মোশি<br>১২। বড়দিনের গল্প | ১। দৃষ্টান্তগুলি<br>২। আশ্চর্য কাজগুলি<br>৩। বৈথনিয়া<br>৪। ক্রুশ<br>৫। আদি খ্রীষ্টিয়ানরা<br>৬। যোষেফ<br>৭। যোষেফ<br>৮। সুসমাচার লেখকরা<br>৯। মোশি<br>১০। মোশি<br>১১। মোশি<br>১২। বড়দিনের গল্প | ১। দৃষ্টান্তগুলি<br>২। আশ্চর্য কাজগুলি<br>৩। বৈথনিয়া<br>৪। ক্রুশ<br>৫। আদি খ্রীষ্টিয়ানরা<br>৬। যাকোব ও তার পরিবার<br>৭। যোষেফ<br>৮। প্রেরিত ২:৪২ - অগ্রবর্তী পথ<br>৯। মোশি<br>১০। মোশি<br>১১। নিয়ম<br>১২। বড়দিনের গল্প |
| সিরিজ গ | ১। দানিয়েল<br>২। আরও আশ্চর্যকাজ<br>৩। যীশুর সাক্ষাৎপ্রাপ্ত ব্যক্তিরা<br>৪। খ্রীষ্টের মৃত্যু<br>৫। রূত ও শমূয়েল<br>৬। দায়ূদ<br>৭। দায়ূদ<br>৮। যিহোশূয়<br>৯। এলিয়<br>১০। ইলিশায়<br>১১। যোনা<br>১২। বড়দিনের গল্প | ১। দানিয়েল<br>২। যীশুর সাক্ষাৎপ্রাপ্ত ব্যক্তিরা<br>৩। আরও আশ্চর্যকাজ<br>৪। খ্রীষ্টের মৃত্যু<br>৫। রূত<br>৬। শমূয়েল<br>৭। দায়ূদ<br>৮। যিহোশূয়<br>৯। এলিয়<br>১০। ইলিশায়<br>১১। ঈশ্বর কর্তৃক ব্যবহৃত ব্যক্তি-গন - পুরাতন নিয়ম<br>১২। বড়দিনের গল্প | ১। দানিয়েল<br>২। যীশুর বাণী<br>৩। প্রভুর ক্ষমতা<br>৪। খ্রীষ্টের মৃত্যু<br>৫। রূত<br>৬। শমূয়েল<br>৭। দায়ূদ<br>৮। যিহোশূয়<br>৯। এলিয়<br>১০। ইলিশায়<br>১১। পুরাতন নিয়মের আরও চরিত্র<br>১২। বড়দিনের গল্প |

| | এ৭ - ৩ নং স্তর<br>১ নং পাঠ - যাকোবের জীবন<br>মূল বিষয় - প্রবঞ্চক | এ৭ - ৪ নং স্তর<br>১ নং অধ্যয়ণ - যাকোবের জীবন<br>মূল বিষয় - প্রবঞ্চক |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ২৫:২১-৩৪ এবং আদিপুস্তক ২৭:১-২৯**<br><br>**মূল পদ ঃ গীতসংহিতা ৩২:১**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর আমাদের ক্ষমা করতে পারেন যখন আমরা পাপ করি।<br>২। ঈশ্বর আমাদের প্রত্যেককে আশীর্বাদ করতে চান | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ২৫:১৯-৩৪ এবং আদিপুস্তক ২৭:১-৪১**<br><br>**মূল পদ ঃ রোমীয় ৫:৮**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। প্রতারণা এবং মিথ্যা কথা সমস্যা এবং অসুখ আনে।<br>২। প্রত্যেকের জীবনের জন্য ঈশ্বরের এক পরিকল্পনা আছে, এমন কি যাকোবের মত জীবনগুলিতেও। |
| পরিচয় করান | আলোচনা করুন প্রলোভনের অর্থ কি, এবং কোন পরিস্থিতিগুলিতে আমরা মিথ্যা কথা বলতে সবচেয়ে বেশী প্রলোভিত হই। এই পরিস্থিতিগুলির কয়েকটি তালিকা করুন এবং আলোচনা করুন কেন আমরা মিথ্যা কথা বলি। হিংসা করা এবং পরিস্থিতিগুলি যখন আমরা হিংসা করতে পারি, এবং কেন আমরা হিংসা করব সে বিষয়েও কথা বলুন। | আমাদের কার্যকলাপের ফল নিয়ে আমাদের বাস করতে হবে। আপনার নিজের জীবনে তা বর্ণনা করুন, যেমন কখন আপনি বা কোন একজন যাকে আপনি জানেন, বিপদে পড়েছিলেন, এমন কি হয়ত হতে পারে তাদের ঠকামি বা মিথ্যার কারণে পুলিশের হাতে? ভেবে দেখুন আইন-ভঙ্গ (পাপ) করলে কেন শাস্তি পাওয়া উচিত। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ইসহাক প্রার্থনা করবার পর, রিবিকা যমজ সন্তানের জন্ম দিয়েছিল। এষৌ ছিল সবচেয়ে বড় এবং যাকোব সবচেয়ে ছোট।<br>২। পরিবারের মধ্যে পক্ষপাতিত্ব ছিল। ইসহাক শিকারী এষৌকে ভালবাসতেন এবং রিবিকা যাকোবকে ভালবাসত যে বাড়ীতে থাকা পছন্দ করত।<br>৩। প্রাচীন মধ্যপ্রাচ্যে জন্মাধিকারের গুরুত্বটি ব্যাখ্যা করুন।<br>৪। এষৌ শিকার করছিল এবং খিদে পেয়েছিল। যাকোব রান্না করছিল, কিন্তু সে তার ভাইকে কেবলমাত্র তখনই কিছুটা দিত যদি সে তার জন্মাধিকার দিয়ে দিত।<br>৫। ইসহাক যখন বৃদ্ধ হয়েছিলেন, তিনি তাঁর বড় ছেলেকে আশীর্বাদ করতে চেয়েছিলেন, কিন্তু রিবিকা ও যাকোব ইসহাককে যিনি প্রায় অন্ধ ছিলেন তাঁকে ঠকাতে এক চক্রান্ত করেছিল। এষৌ যখন তার বাবাকে খাওয়াতে শিকার করছিল, তখন রিবিকা ও যাকোব তাড়াতাড়ি রান্না করেছিল, যাকোব ছদ্মবেশ পরেছিল যে ইসহাককে বলেছিল সে এষৌ, কাজেই সে তার বাবার কাছ থেকে বড় ছেলের আশীর্বাদটা পেয়েছিল।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং তা শিখতে ছাত্রছাত্রীদের উৎসাহিত করুন।**<br>**১ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - এষৌ যাকোবের কাছে তার জন্মাধিকার বিক্রী করে এবং যাকোব এষৌকে ঠকায় (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ইসহাক প্রার্থনা করবার পর, রিবিকা যমজ সন্তানের জন্ম দিয়েছিল। এষৌ ছিল সবচেয়ে বড় এবং যাকোব সবচেয়ে ছোট।<br>২। পরিবারের মধ্যে পক্ষপাতিত্ব ছিল। ইসহাক শিকারী এষৌকে ভালবাসতেন এবং রিবিকা যাকোবকে ভালবাসত যে বাড়ীতে থাকা পছন্দ করত।<br>৩। প্রাচীন মধ্য প্রাচ্যে জন্মাধিকারের গুরুত্বটি ব্যাখ্যা করুন।<br>৪। এষৌ শিকার করছিল এবং খিদে পেয়েছিল। যাকোব রান্না করছিল, কিন্তু সে তার ভাইকে কেবলমাত্র তখনই কিছুটা দিত যদি সে তার জন্মাধিকার দিয়ে দিত। সে দেখিয়েছিল সে কত শঠ এবং স্বার্থপর ছিল।<br>৫। ইসহাক যখন বৃদ্ধ হয়েছিলেন, তিনি তাঁর বড় ছেলেকে আশীর্বাদ করতে চেয়েছিলেন, কিন্তু রিবিকা ও যাকোব ইসহাককে যিনি প্রায় অন্ধ ছিলেন তাঁকে ঠকাতে এক চক্রান্ত করেছিল। এষৌ যখন তার বাবাকে খাওয়াতে শিকার করছিল, তখন রিবিকা ও যাকোব তাড়াতাড়ি রান্না করেছিল, যাকোব ছদ্মবেশ পরেছিল যে ইসহাককে বলেছিল সে এষৌ, কাজেই সে তার বাবার কাছ থেকে বড় ছেলের আশীর্বাদটা পেয়েছিল।<br>৬। ঠকাবার এই উদাহরণটি নিয়ে আলোচনা করুন এবং সত তার গুরুত্বটি ব্যাখ্যা করুন।<br>৭। এষৌ যখন ফিরে এসেছিল তখন সে খুব রেগে গিয়েছিল এবং তাকে আশীর্বাদ করতে তার বাবার কাছে কাতর বিণতী করেছিল কিন্তু অনেক দেরী হয়ে গিয়েছিল। সে তার জন্মাধিকার এবং আশীর্বাদ হারিয়েছিল।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং তা শিখতে ছাত্রছাত্রীদের উৎসাহিত করুন।**<br>**১ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - এষৌ যাকোবের কাছে তার জন্মাধিকার বিক্রী করে এবং যাকোব এষৌকে ঠকায় (I)** |
| পুনরালোচনা করুন | এই পাঠে যাকোব যে পাপগুলি করেছিল সে বিষয়ে চিন্তা করুন। কি ধরণের পাপগুলি আমাদের ক্ষমা করার জন্য প্রয়োজন হবে? সমগতভাবে এবং পরে ব্যক্তিগতভাবে চিন্তা করুন।<br>একটা সকলের দৃষ্টিগোচর ছবির বোর্ড অথবা ছাত্রছাত্রীদের অনেকগুলি উত্তরের মাকড়সা চিন্তা তৈরী করুন।<br>চিন্তা করুন কিভাবে আমরা ক্ষমার জন্য ঈশ্বরকে বা হয়ত অন্যদের বলতে পারি। **গীতসংহিতা ৩২:১-৫ পদ** আপনাকে সাহায্য করতে পড়ুন। | চিন্তা করুন এষৌর কেমন অনুভূমি হয়েছিল যখন সে প্রতারণা এবং তার ভাই ও মায়ের মিথ্যাটি জানতে পেয়েছিল। সেই সময়গুলির কথা চিন্তা করুন যখন মিথ্যা বা ঠকানোর কারণে আপনি বিপদে পড়েছিলেন এবং দুইটা উপায় লিখুন যা দিয়ে ভবিষ্যতে আপনি ভিন্নভাবে বাস করতে চেষ্টা করবেন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>এক টুকরা কাগজে আপনি যা যা পাপ করেছেন তার কয়েকটা লিখুন তারপর তা ছিঁড়ে ময়লা ফেলার জায়গায় ফেলে দিন অথবা মেশিনের মধ্যে দিয়ে কেটে ফেলুন। একই সাথে বালিতে বা ধূলায় ঢাকা মাটিতে কয়েকটি পাপ লিখুন তারপর পরিস্কার করে মুছে দিন। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। পরিকল্পনাগুলি চিন্তা করুন যা যাকোবের জন্য ঈশ্বরের ছিল এবং যিরমিয় ২৯:১১ পদের মত বাইবেলভিত্তিক নীতিগুলির উপর ভিত্তি করে আপনার জীবনের জন্য-ও হয়ত থাকতে পারে।<br>২। আপনার ভবিষ্যতের বিষয়ে আরও আপনাকে দেখাতে ঈশ্বরকে আমন্ত্রণ জানান। ইতিবাচক হন। |

| | এ৭ - ৩ নং স্তর<br>২ নং পাঠ - যাকোবের জীবন<br>মূল বিষয় - স্বপ্নদর্শী | এ১ - ৪ নং স্তর<br>২ নং অধ্যয়ণ - যাকোবের জীবন<br>মূল বিষয় - স্বপ্নদর্শী |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ২৭:৪১-৪৬ ও আদিপুস্তক ২৮:১০-২২**<br><br>**মূল পদ ঃ আদিপুস্তক ২৮:১৬**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। এমন কি যদিও যাকোব ভুল করেছিল, তবুও ঈশ্বর তার সাথে ছিলেন এবং তাকে খুব ভালবেসেছিলেন।<br>২। একই কথা আমাদের জন্য-ও বলা যেতে পারে। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ২৭:৪১-৪৬ ও আদিপুস্তক ২৮:১-২২**<br><br>**মূল পদ ঃ যোহন ২৮:১৬**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। এমন কি যদিও যাকোব তালগোল পাকিয়ে ফেলেছিল, তথাপি ঈশ্বরের সাথে কয়েকটি অদ্ভুদ সাক্ষাৎকার হয়েছিল যিনি তার জীবনে প্রতিজ্ঞার কথা বলেছিলেন।<br>২। ঈশ্বর সর্বদা আমাদের সাথে তেমন ব্যবহার করেন যেমন তিনি যাকোবের সাথে করেছিলেন। |
| পরিচয় করান | ভেবে দেখুন আমরা যাই করি না কেন ঈশ্বর আমাদের জীবনের নিয়ন্ত্রনে আছেন। সেই উপায়গুলির বিষয়ে চিন্তা করুন যার দ্বারা আমরা অন্য লোকদের সাথে যোগাযোগ করতে পারি, এবং ধরে নিই যে ঈশ্বর কোন কোন সময় বিভিন্ন উপায়ে আমাদের সাথে কথা বলেন। ছাত্রছাত্রীদের সেই উপায়গুলির বিষয়ে চিন্তা করতে বলুন যখন ঈশ্বর আজ আমাদের সাথে কথা বলতে পারেন। | ছাত্রছাত্রীদের একটা সময়ের অভিজ্ঞতার কথা বলতে বলুন যখন কোন একজন যার ঈশ্বরে বিশ্বাস ছিল যাকে এক নাটকীয় ঐশ্বরিক অভিজ্ঞতা/বিস্ময় দেওয়া হয়েছিল। এই রকম জিনিসগুলির অভিজ্ঞতা অর্জন করতে কি আমাদের নিষ্পাপ হতে হবে? |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। তার বাবার মৃত্যুর পর এষৌ যাকোবকে হত্যা করার বিষয়ে চিন্তা করে। রিবিকা পরামর্শ দেয় যে যতক্ষণ এষৌর রাগ না কমে ততদিন যাকোব তার মামা লাবনের কাছে যাবে এবং থাকবে।<br>২। ইসহাক যাকোবকে আশীর্বাদ করেন এবং সে পদ্দন-অরাম-এ যেতে উদ্যত হয়।<br>৩। যাকোব রাতের জন্য থামে এবং একটা স্বপ্ন দেখে। সে একটা সিঁড়ি দেখতে পায় যা স্বর্গের দিকে যাচ্ছে। তারপর ঈশ্বর তার সাথে কথা বলেন, তার কাছে প্রতিজ্ঞা করেন সেই দেশের বিষয়ে যেখানে তার পরিবার বাস করবে এবং আরও বলেন যে তিনি তার যাত্রায় তার সঙ্গে থাকবেন।<br>৪। যাকোব জেগে উঠে এবং সেই জায়গাটাকে বলে, বেথেল, যার অর্থ ঈশ্বরের গৃহ।<br>৫। যাকোব ঈশ্বরের কাছে অঙ্গীকার করে। ঈশ্বর যদি তার দেখাশোনা করেন তবে যাকোব প্রভুকে তার ঈশ্বর করবে।<br>৬। শিক্ষাগুলি চিন্তা করুন যা বেথেল-এ যাকোবের থাকার সময় থেকে শেখা যেতে পারে।<br>৭। যাকোবের পাপ নয় কিন্তু তার প্রতি ঈশ্বরের ভালবাসার ধারনাটি আলোচনা ও ব্যাখ্যা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - ঈশ্বর স্বপ্নে যাকোবের সাথে কথা বলেন (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। তার বাবার মৃত্যুর পর এষৌ যাকোবকে হত্যা করার বিষয়ে চিন্তা করে। রিবিকা পরামর্শ দেয় যে যতক্ষণ এষৌর রাগ না কমে ততদিন যাকোব তার মামা লাবনের কাছে যাবে এবং থাকবে।<br>২। ইসহাক যাকোবকে আশীর্বাদ করেন এবং সে পদ্দন-অরাম-এ যেতে উদ্যত হয়।<br>৩। যাকোব রাতের জন্য থামে এবং একটা স্বপ্ন দেখে। সে একটা সিঁড়ি দেখতে পায় যা স্বর্গের দিকে যাচ্ছে। তারপর ঈশ্বর তার সাথে কথা বলেন, তার কাছে প্রতিজ্ঞা করেন সেই দেশের বিষয়ে যেখানে তার পরিবার বাস করবে এবং আরও বলেন যে তিনি তার যাত্রায় তার সঙ্গে থাকবেন।<br>৪। যাকোব জেগে উঠে এবং সেই জায়গাটাকে বলে, বেথেল, যার অর্থ ঈশ্বরের গৃহ।<br>৫। যাকোব ঈশ্বরের কাছে অঙ্গীকার করে। ঈশ্বর যদি তার দেখাশোনা করেন তবে যাকোব প্রভুকে তার ঈশ্বর করবে।<br>৬। যাকোবের পাপ নয় কিন্তু তার প্রতি ঈশ্বরের ভালবাসার ধারনাটি আলোচনা ও ব্যাখ্যা করুন।<br>৭। ঈশ্বর যখন আমাদের জীবনে কাজ করছেন তখন যে বিষয়গুলি আমাদের থাকতে পারে সেগুলি আলোচনা ও ব্যাখ্যা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - ঈশ্বর স্বপ্নে যাকোবের সাথে কথা বলেন (I)** |
| পুনরালোচনা করুন | ছোট ছোট দলের সাথে কাজ করুন, সেই জায়গাগুলি উল্লেখ করুন যেখানে আপনি ছিলেন যখন আপনি সচেতন হয়েছিলেন যে ঈশ্বর আপনার সাথে ছিলেন, 'ঈশ্বর এখানে আমার সাথে ছিলেন' শিরোনাম ব্যবহার করুন। দৈনন্দিন জীবনে **ইব্রীয় ১৩:৫ পদের** বৈশিষ্টটি চিন্তা করুন। | ঈশ্বর কি কখনও আপনাকে স্বপ্ন দেখিয়েছেন? আপনি কখনও আত্মিক অর্থ দিয়ে স্বপ্ন দেখেছেন? তার কি অর্থ ছিল বলে আপনি মনে করেন? কি উপায়ে তা আপনাকে জীবনে সাহায্য করেছিল? চিন্তা করুন আর কিভাবে আজ ঈশ্বর মানুষের সাথে কথা বলতে পারেন। কি কি প্রতিজ্ঞা তিনি করতে পারেন যা ছাত্রছাত্রীদের দৈনন্দিন জীবনে তাদের কাছে প্রসঙ্গোচিত হতে পারে? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। আপনার কি এক সময়ের অভিজ্ঞতা আছে যখন আপনি পাপ করেছিলেন তথাপি আপনি জানতেন যে ঈশ্বর আপনার দিকে পিছন ফিরিয়ে দেন নি, পরিবর্তে আপনাকে আশীর্বাদ করেছিলেন?<br>২। এই প্রকারের অভিজ্ঞতাটি আপনাকে কেমন অনুভব করতে দিয়েছিল?<br>৩। কিভাবে ঈশ্বর আপনার সাথে কথা বলবেন বলে আপনি আশা করেন? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। আত্মিক স্বপ্নগুলি গবেষণা করুন এবং এই উপায়ে ঈশ্বর আপনার সাথে কথা বলছেন সে বিষয়ে উদার হন।<br>২। বাইবেলে চারটি প্রতিজ্ঞা দেখুন যা ঈশ্বর করেন। এগুলি ব্যবহার করে প্রার্থনা করুন। |

| | এ৭ - ৩ নং স্তর<br>৩ নং পাঠ - যাকোবের জীবন<br>মূল বিষয় - হতাশা | এ৭ - ৪ নং স্তর<br>৩ নং অধ্যয়ণ - যাকোবের জীবন<br>মূল বিষয় - হতাশা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ২৯:১-৩০**<br><br>**মূল পদ ঃ গালাতীয় ৬:৭**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। জীবনটা বপন করা ও শষ্য কাটার মত।<br>২। এমন কোন প্রতিজ্ঞা নাই যে জীবনটা সবসময় সহজ হবে। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ২৯:১-৩০ এবং ৩১:১-২১**<br><br>**মূল পদ ঃ গালাতীয় ৬:৭**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। জীবনটা বপন করা ও শষ্য কাটার মত।<br>২। ঈশ্বর যা বলেন, তিনি তা করেন।<br>৩। আমরা যে ব্যবহার পেতে ইচ্ছা করি তেমন ব্যবহারই আমাদের অন্যের সাথে করা উচিত। |
| পরিচয় করান | বাগানে, ক্ষেতে ইত্যাদিতে শষ্য বপন করা ও কাটার বিষয়ে কথা বলুন এবং ব্যাখ্যা করুন যে পরিমাণে বীজ বপন করা হবে একই পরিমাণ শষ্য উৎপন্ন করবে। কিভাবে আমাদের ভাল বা খারাপ আচরণের যে ফলাফল থাকে সে বিষয়ে কথা বলুন। আমরা যা বুনি তাই কাটি। কয়েকজন আধুনিক ব্যক্তির কথা চিন্তা করুন যারা খারাপভাবে আচরণ করেছিল ফলাফল ভোগ করেছিল। | বাগানে, ক্ষেতে ইত্যাদিতে শষ্য বপন করা ও কাটার বিষয়ে কথা বলুন এবং ব্যাখ্যা করুন যে পরিমাণে বীজ বপন করা হবে একই পরামাণে শষ্য উৎপন্ন করা হবে। আমাদের ভাল বা খারাপ আচরণের যে ফলাফল থাকে, সে বিষয়ে কথা বলুন। বীজ বপন ও শষ্য কাটার উদাহরণের জন্য স্থানীয় খবর কাগজ বা ম্যাগাজিন দেখুন এবং তাদের ছবিগুলি কাটুন এবং কথা যোগ করে সেগুলি দিয়ে কোলাজ তৈরী করুন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। যাকোব অরামে পৌঁছায় এবং মেষপালকদের সাথে সাক্ষাত হয় যারা তাদের মেষদের জন্য জল যোগাচ্ছিল।<br>২। তার মামাতো বোন, রাহেল তার ভেড়াদের জল দিতে আসে আর যাকোব তাকে সাহায্য করে, এবং সে যখন তার বাবা লাবনকে বলে যে যাকোব এসেছে, তিনি তাকে তাঁর বাড়ীতে আহ্বান করেন।<br>৩। যাকোব লাবনের জন্য কাজ করে এবং তার কাছে প্রতিজ্ঞা করা হয় সে যদি লাবনের জন্য ৭ বছর কাজ করে তবে সে রাহেলকে বিয়ে করতে পারে, যাকে সে ভালবেসেছিল।<br>৪। বিয়ের পর, যাকোব আবিষ্কার করেছিল যে সে প্রতারিত হয়েছিল এবং তাকে রাহেলের বোন, লেয়াকে বিয়ে করতে হয়েছিল।<br>৫। পরে, তার স্ত্রী হতে রাহেলকেও দেওয়া হয়েছিল এবং তার জন্য তাকে আরও ৭ বছর কাজ করতে হয়েছিল।<br>৬। আলোচনা করুন কিভাবে যাকোব প্রতারণাকারী, অনেক বছর আগে তার নিজের বাড়ীতে করা তার প্রতারণার ফল কাটছিল।<br>৭। আরও আলোচনা করুন অনেক উপায়গুলি যার মধ্যে লোকেরা হতাশার মধ্যে কাটায়।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - যাকোব তার বিয়েতে প্রতারিত হয় (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। যাকোব অরামে পৌঁছায় এবং মেষপালকদের সাথে সাক্ষাত হয় যারা তাদের মেষদের জন্য জল যোগাচ্ছিল।<br>২। তার মামাতো বোন, রাহেল তার ভেড়াদের জল দিতে আসে আর যাকোব তাকে সাহায্য করে, এবং সে যখন তার বাবা লাবনকে বলে যে যাকোব এসেছে, তিনি তাকে তাঁর বাড়ীতে আহ্বান করেন।<br>৩। যাকোব লাবনের জন্য কাজ করে এবং তার কাছে প্রতিজ্ঞা করা হয় সে যদি লাবনের জন্য ৭ বছর কাজ করে তবে সে রাহেলকে বিয়ে করতে পারে, যাকে সে ভালবেসেছিল।<br>৪। বিয়ের পর, যাকোব আবিষ্কার করেছিল যে সে প্রতারিত হয়েছিল এবং তাকে রাহেলের বোন, লেয়াকে বিয়ে করতে হয়েছিল।<br>৫। পরে, তার স্ত্রী হতে রাহেলকেও দেওয়া হয়েছিল এবং তার জন্য তাকে আরও ৭ বছর কাজ করতে হয়েছিল।<br>৬। আলোচনা করুন কিভাবে যাকোব প্রতারণাকরী, অনেক বছর আগে তার নিজের বাড়ীতে করা তার প্রতারণার ফল কাটছিল।<br>৭। পরে ঈশ্বর যাকোবকে তার নিজের দেশে ফিরে যেতে বলেছিলেন। ঈশ্বর তাকে আশীর্বাদ করেছিলেন এবং তার বহু সংখ্যক পশুপাল এবং বড় পরিবার হয়েছিল। সে লাবনকে বলে না যে সে চলে যাচ্ছে কিন্তু যখন লাবন বাড়ী থেকে দূরে যায় তখন সে পালিয়ে যায়।<br>৮। যাকোবের ব্যর্থতাগুলির বিষয়ে চিন্তা করুন এবং আলোচনা করুন কিভাবে ঈশ্বর এখনও সেই জীবনগুলিতে কাজ করেন যা সিদ্ধতা থেকে অনেক দূরে আছে।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - যাকোব তার বিয়েতে প্রতারিত হয় (I)** |
| পুনরালোচনা করুন | উপরে ৭নং থেকে উদাহরণগুলির মধ্যে একটা বেছে নিন এবং একটা বড় ক্লাস চার্টের উপর তা লিখুন যেন প্রত্যেকে দেখতে পায় তাদেরটা প্রদর্শিত হয়েছে। যদি পাওয়া যায়, লটকিয়ে দিন- এটা ব্যবহার করা যেতে পারে এবং পরিবর্তে কাগজে সাঁটান থাকবে | মানুষের জীবনে বপন করা ও শষ্য কাটার উদাহারণগুলি চিন্তা করুন, তা প্রথমে নেতিবাচক হিসাবে, পরে ইতিবাচক হিসাবে। আপনার উত্তরগুলি লিখুন অথবা নকশা করুন প্রতিটির জন্য দুইটা যোগাতে চেষ্টা করুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। শেষ কবে আপনি হতাশ হয়েছিলেন?<br>২। ঠিক কিভাবে আপনি তার সম্মুখীন হয়েছিলেন?<br>৩ এর চেয়ে ভাল কি কোন উপায় ছিল যার দ্বারা তার সাথে আচরণ করতে পারতেন?<br>৪। দুইটা স্তম্ভের নীচে বপন করা ও কাটার তিনটা উদাহরণের তালিকা করতে পারবেন? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। আপনি কি একজন প্রতারণাকারীর কথা জানেন যে পরে প্রতারিত হয়েছিল?<br>২। আপনি কি অন্য উদাহরণগুলির কথা চিন্তা করতে পারেন যখন বিশেষ, ভুল আচরণ লোককে বারবার প্রতারিত করতে ফিরে এসেছিল? |

| | এ৭ - ৩ নং স্তর<br>৪ নং পাঠ - যাকোবের জীবন<br>মূল বিষয় - আবিষ্কার | এ১ - ৪ নং স্তর<br>৪ নং অধ্যয়ণ - যাকোবের জীবন<br>মূল বিষয় - আবিষ্কার |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ৩২:১-২১ এবং আদিপুস্তক ৩৩:১-১১**<br><br>**মূল পদ ঃ ১ যোহন ১:৯**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বরের সাহায্যে মানুষকে ক্ষমা করা সম্ভব, এমন কি যে খারাপ কাজগুলি তারা আমাদের প্রতি করে, যেমন যাকোবের জীবনে ঘটেছিল।<br>২। ঈশ্বর সর্বদা আমাদের ক্ষমা করেন যখন আমরা অনুতাপ করি এবং তাঁকে ক্ষমা করতে বলি। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ৩২:১-৩২ এবং আদিপুস্তক ৩৩:১-১১**<br><br>**মূল পদ ঃ ১ যোহন ১:৯**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। যাকোব তার জীবনে এক সংকটকালে এসেছিল কিন্তু এমন কি তার অনেক দিনের ভাইকে হারানো অপেক্ষা ঈশ্বরের সাথে সাক্ষাত করা যাকোবের জন্য আরও বেশী গুরুত্বপূর্ণ ছিল।<br>২। এমন কি যদিও তখন সে প্রাপ্তবয়স্ক, তথাপি তখনও যাকোবের জীবনের জন্য ঈশ্বরের নতুন পরিকল্পনা ছিল। |
| পরিচয় করান | ছাত্রছাত্রীদের মনে করিয়ে দিন যে যাকোব ঈশ্বরের বাধ্য হচ্ছে এবং তার নিজের বাড়ী ফিরে যাচ্ছে, কিন্তু সে এষৌর সাথে সাক্ষাৎ করার বিষয়ে চিন্তিত যে অনেক বছর আগে তাকে মারবার জন্য সে হুমকি দিয়েছিল। চিন্তা করুন এষৌ তাকে ক্ষমা করার জন্য প্রস্তুত ছিল কি না।<br>আপনার প্রতি সাধারণত যা ঘটে থাকে সেই জিনিসগুলির কয়েকটি তালিকা তৈরী করুন যখন আপনি ক) ক্ষমা করেন না এবং খ) ক্ষমা করেন। | একজন বিশেষ ব্যক্তির সাথে দেখা করতে কি বিজড়িত আছে এবং তার জন্য আমরা কিভাবে প্রস্তুতি নিতে পারি সেবিষয়ে কথা বলুন। অনেক বছর ঈশ্বরের সাথে যোগাযোগ না রাখার পর, যাকোব এখন ঈশ্বরের সাথে সাক্ষাত করে। যাকোব আর কখনও একই ছিল না, এবং সে এষৌর কাছে যেতে এবং সাক্ষাত করতে সাহায্য পেয়েছিল।<br>যদি সম্ভব হয়, ইন্টারনেটে 'দ্য এন্ড অব দ্য স্পিয়ার' বইটি খুঁজে দেখুন, অথবা ডিভিডি-তে দেখুন কিভাবে জিম এলিয়টের স্ত্রী তাঁর স্বামীর হত্যাকারীদের ক্ষমা করেছিলেন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। কেন যাকোব অনেক বছর পর বাড়ী ফিরতে ভয় পেয়েছিল সেই কারণগুলি চিন্তা করুন।<br>২। যাকোব এমনকি আরও ভীত হয়েছিল যখন সে জানল যে এষৌ ৪০০ লোক নিয়ে তার সাথে দেখা করতে আসছে।<br>৩। যাকোব তিনটা জিনিস করে ১) যাকোব তার পরিবারকে দুইটা দলে ভাগ করে এই আশায় যে অন্ততঃ একটা দল নিরাপদ থাকবে (৩২:৭-৮), ২) সে প্রার্থনা করে (৩২:৯-১২), ৩) সে এষৌর জন্য উপহার পাঠায় (৩২:১৩-১৬)<br>৪। সেই রাতে ঈশ্বরের সাথে দেখা করতে এবং তাঁর আশীর্বাদের অন্বেষণ করতে তার এক অদ্ভুদ অভিজ্ঞতা হয়েছিল। (৩২:২২-৩১)<br>৫। যাকোবের ভয় ছিল ভিত্তিহীন। এষৌ তাকে আলিঙ্গন করে এবং মনে হয় তাকে ক্ষমা করেছিল। যাকোব তার পরিবারকে পরিচয় করায় এবং তার উপহারটি গ্রহণ করতে এষৌকে জোর করে।<br>৬। তথাপি সে তার বাবার কাছে ফিরে যায় নি এবং সাথে সাথে ফিরে না যাওয়ার দ্বারা সে আর একবার এষৌকে প্রতারিত করেছিল।<br>৭। কেন যাকোব সন্দেহ করেছিল এবং ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি গ্রহণ করেনি তা চিন্তা করুন।<br>৮। ভয়গুলি ব্যক্ত করুন এবং ব্যাখ্যা করুন যে বেশীরভাগ ভয় সত্যিই ঘটে না, এমন কি যদিও আমরা সেসবের উপর দৃষ্টিপাত করে অনেক সময় কাটাই।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - যাকোব কনানে ফিরে এবং যাকোব ও এষৌ পুনর্মিলিত হয়। (l)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। কেন যাকোব অনেক বছর পর বাড়ী ফিরতে ভয় পেয়েছিল সেই কারণগুলি চিন্তা করুন।<br>২। যাকোব এমনকি আরও ভীত হয়েছিল যখন সে জানল যে এষৌ ৪০০ লোক নিয়ে তার সাথে দেখা করতে আসছে।<br>৩। যাকোব তিনটা জিনিস করে ১) যাকোব তার পরিবারকে দুইটা দলে ভাগ করে এই আশায় যে অন্ততঃ একটা দল নিরাপদ থাকবে (৩২:৭-৮), ২) সে প্রার্থনা করে (৩২:৯-১২), ৩) সে এষৌর জন্য উপহার পাঠায় (৩২:১৩-১৬)<br>৪। সেই রাতে ঈশ্বরের সাথে দেখা করতে এবং তাঁর আশীর্বাদের অন্বেষণ করতে তার এক অদ্ভুদ অভিজ্ঞতা হয়েছিল। (৩২:২২-৩১)<br>৫। যাকোবের ভয় ছিল ভিত্তিহীন। এষৌ তাকে আলিঙ্গন করে এবং মনে হয় তাকে ক্ষমা করেছিল। যাকোব তার পরিবারকে পরিচয় করায় এবং তার উপহারটি গ্রহণ করতে এষৌকে জোর করে।<br>৬। তথাপি সে তার বাবার কাছে ফিরে যায় নি এবং সাথে সাথে ফিরে না যাওয়ার দ্বারা সে আর একবার এষৌকে প্রতারিত করেছিল।<br>৭। কেন যাকোব সন্দেহ করেছিল এবং ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি গ্রহণ করেনি তা চিন্তা করুন।<br>৮। মানুষের বাস্তব জীবনের গল্পগুলি চিন্তা করুন যারা অন্যদের ক্ষমা করেছিল।<br>৯। আমরা যখন ক্ষমা করি না তখন আমরা নিজেদের এবং অন্যদের যে ক্ষতি করি সে বিষয়ে চিন্তা করুন।<br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - যাকোব কনানে ফিরে এবং যাকোব ও এষৌ পুনর্মিলিত হয়। (l)** |
| পুনরালোচনা করুন | উপরের বিভাগটি উল্লেখ করে ঈশ্বরকে একটা চিঠি লিখতে আপনার কয়েকটি চিন্তা ব্যবহার করুন। ছাত্রছাত্রীদের চিন্তা করতে বলুন কি তারা ঈশ্বরের কাছে স্বীকার করবে, কি তারা চাইবে, এবং আরও কিসের জন্য ধন্যবাদ দিবে। | ঈশ্বরের সাথে মিলিত হওয়ার কি অর্থ চিন্তা করুন<br>ক) কখন তা করা যেতে পারে?<br>খ) কিভাবে তা করা যেতে পারে?<br>গ) কেন তা করা যেতে পারে?<br>ছাত্রছাত্রীদের জিজ্ঞাসা করুন তাদের সাথে কখনও ঈশ্বরের সাক্ষাত হয়েছিল কি না। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। বাইবেলের এই অংশটি থেকে কি শেখা যেতে পারে যা আমাদের জীবনের সাথে সম্পর্কযুক্ত করা যেতে পারে?<br>২। কোন একজনের উদাহরণ দিন যিনি ইদানিংকালে ক্ষমা করেছেন।<br>৩। কোন একজনকে ক্ষমা করতে ঈশ্বরের সাহায্য কি চাওয়া যেতে পারে? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। ছেলেমেয়েদের জিজ্ঞাসা করুন তারা কি কোন একজনকে জানে যে ইদানিং তাদের ক্ষমা করতে ব্যর্থ হয়েছে, অথবা তাদের ক্ষমা করেছে।<br>২। এটা তাদের কিরকম অনুভূতি দিয়েছিল?<br>৩। কোন একজন কি আছে যাকে তাদের ক্ষমা করা উচিত? |

| | এ৪ - ৩ নং স্তর<br>১ নং পাঠ - একজন খ্রীষ্টান হওয়া<br>মূল বিষয় - প্রার্থনা কি? | এ২ - ৪ নং স্তর<br>১ নং অধ্যয়ণ - একজন খ্রীষ্টান হওয়া<br>মূল বিষয় - প্রার্থনার বিষয় শিক্ষা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ গীতসংহিতা ৫:১-৮**<br><br>**মূল পদ ঃ গীতসংহিতা ৫:২**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। প্রার্থনা এক অতি বিশেষ বিষয় কারণ ঈশ্বর একজন অতি বিশিষ্ট স্বত্বা।<br>২। প্রার্থনা হল ঈশ্বরের সাথে কথা বলা এবং শোনা।<br>৩। আমরা মাঝে মাঝে আমাদের প্রার্থনাগুলির উত্তর পাই না এবং তার জন্য কারণ আছে। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ লূক ১১:১-১০ এবং মথি ৬:৫-১৫**<br><br>**মূল পদ ঃ লূক ১১:৯**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। আমাদের জানা উচিত যে প্রার্থনা এক মহান সুযোগ।<br>২। আমাদের প্রায়ই প্রার্থনা করা উচিত।<br>৩। ব্যক্তিগত প্রার্থনায় আমাদের নিজেদের দিকে আমাদের আকর্ষণ টানা উচিত নয়। |
| পরিচয় করান | যারা দূরে থাকে এমন বন্ধু ও পরিবারের সাথে যোগাযোগ করতে চেষ্টা করার সমস্যাগুলির বিষয়ে চিন্তা করুন। অপূর্ব সত্যটি চিন্তা করুন যে আমরা ঈশ্বরের সাথে যোগাযোগ করতে পারি। ছাত্রছাত্রীদের জিজ্ঞাসা করুন তারা প্রার্ধনা করে কি না। কেন? কেন নয়? | যারা দূরে থাকে এমন বন্ধু ও পরিবারের সাথে যোগাযোগ করতে চেষ্টা করার সমস্যাগুলির বিষয়ে চিন্তা করুন। অপূর্ব সত্যটি চিন্তা করুন যে আমরা ঈশ্বরের সাথে যোগাযোগ করতে পারি। সেই প্রকারের জিনিসগুলির বিষয়ে চিন্তা করুন যার বিষয়ে আমাদের প্রার্থনা করা উচিত। ছাত্রছাত্রীরা প্রার্থনার উত্তর পেয়েছে কি না সে বিষয়ে চিন্তা করুন। প্রার্থনার উত্তর পাওয়ায় তাদের প্রতিক্রিয়া কি ছিল? |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। চিন্তা করুন আমরা যখন প্রার্থনা করি তখন কার সাথে কথা বলি এবং কতগুলি পদবীর বিষয় চিন্তা করুন যা দায়ূদ গীতসংহিতায় ব্যবহার করেন।<br>২। দায়ূদ দিনের কোন সময় প্রার্থনা করতেন সে বিষয়ে চিন্তা করুন এবং আলোচনা করুন কখন আমরা প্রার্থনা করতে পারি।<br>৩। গীতসংহিতা থেকে আলোচনা করুন আমাদের প্রার্থনাগুলি শুনতে কি ঈশ্বরকে প্রতিরোধ করতে পারে।<br>৪। গীতসংহিতা দেখে আরও খুঁজে বের করুন আমরা কি কি শিখতে পারি যা আমাদের প্রার্থনায় ঈশ্বরের সাথে কথা বলতে প্রস্তুতি নিতে সাহায্য করবে।<br>৫। ঈশ্বরের সাথে দায়ূদের এক বিশেষ সম্পর্ক ছিল কারণ তিনি ২ পদে আমার রাজা এবং আমার ঈশ্বরকে উল্লেখ করেছেন। আমাদেরও, কিভাবে সেই বিশেষ সম্পর্ক থাকতে পারে।<br>৬। আলোচনা এবং ব্যাখ্যা করুন প্রার্থনা কত গুরুত্বপূর্ণ। যেমন প্রার্থনা ব্যতীত জীবন কিসের মত হবে।<br>৭। আমরা কি বিষয়ে প্রার্থনা করতে পারি?<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - কোন উপযুক্ত এফ বি আই উদাহরণ নাই।** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। একটি ঘটনায় যীশু প্রার্থনা করছিলেন এবং তাঁর শিষ্যরা বলেছিল কিভাবে প্রার্থনা করতে হয় তা শিখাতে।<br>২। চিন্তা করুন আমরা যখন প্রার্থনা করি তখন কার সাথে কথা বলি এবং পদবীর কথা চিন্তা করুন যা যীশু ব্যবহার করেছিলেন।<br>৩। যীশু ঈশ্বরের প্রতি প্রশংসা দিয়ে নমুনা প্রার্থনাটি আরম্ভ করেছিলেন। আমাদের প্রার্থনার কোন অংশে প্রশংসা থাকা উচিত?<br>৪। তিনটি প্রধান অনুরোধের বিষয়ে চিন্তা করুন যা যীশু এই নমুনা প্রার্থনায় তৈরী করেছিলেন।<br>৫। দৃষ্টান্তটি পড়ুন যা যীশু পরে বলেছিলেন **(লূক ১১:৫-১০)** এবং প্রার্থনায় নাছোড়বান্দা থাকার সম্পর্কে প্রধান শিক্ষাটির বিষয়ে চিন্তা করুন যা যীশু শিক্ষা দিচ্ছিলেন।<br>৬। মথি ৬:৫-১৫ পদে প্রার্থনার বিষয়ে যীশু যা শিখিয়ে ছিলেন সেই শিক্ষাগুলির বিষয়ে চিন্তা করুন।<br>৭। চিন্তা করুন কেন আমরা আরও বেশী প্রার্থনা করি যখন জিনিসগুলি ভুল পথে যায়।<br>৮। কেন কোন কোন সময় আমরা প্রার্থনা করা কঠিন দেখি সেই বিষয়েও চিন্তা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - মধ্য রাত্রিতে আগন্তুকের দৃষ্টান্ত (I)** |
| পুনরালোচনা করুন | কোন বিষয় এবং মানুষ আছে যার প্রয়োজন আমাদের প্রার্থনা? কত ঘন ঘন আমাদের প্রার্থনা করা উচিত? বাইবেলে অন্য একজন ব্যক্তির প্রার্থনার এবং তাদের প্রার্থনার জীবন থেকে যে শিক্ষাগুলি পাওয়া যেতে পারে সে বিষয়ে চিন্তা করুন। | সংক্ষেপে প্রার্থনার পাঁচটি দৃষ্টিভঙ্গীর বিষয়ে কথা বলুন যে ১ নং অধ্যয়ণে উল্লেখ করা হয়েছে এবং ছাত্রছাত্রীদের দলগতভাবে কাজ করতে বলুন যখন তারা প্রার্থনাগুলি প্রস্তুত করবে যেখানে সব দৃষ্টিভঙ্গীগুলি ধারণ করবে। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>প্রার্থনায় কি আপনার বেশী কথা বলা না শোনা উচিত? সম্ভবতঃ যখন আমরা প্রার্থনা করি তখন আমাদের শুনতে শুরু করা উচিত যা ঈশ্বর হয়ত আমাদের বলতে পারেন। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>ব্যক্তিগতভাবে, পরিবারে, স্থানীয় সমাজে, দেশে এবং জগত জুড়ে পরিস্থিতিগুলির বিষয়ে চিন্তা করুন যার জন্য প্রার্থনা করা যেতে পারে। সেই প্রার্থনাগুলির জন্য ধন্যবাদ দিবার বিষয়ে চিন্তা করুন যার উত্তর পাওয়া গিয়েছে। |

| | এ৮ - ৩ নং স্তর<br>২ নং পাঠ - খ্রীষ্টান হওয়া<br>মূল বিষয় - ঈশ্বর কি আমাদের প্রার্থনা শোনেন? | এ২ - ৪ নং স্তর<br>২ নং অধ্যয়ণ - খ্রীষ্টান হওয়া<br>মূল বিষয় - বাইবেলের বিষয় শিক্ষা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ লূক ১৮:৯-১৪**<br><br>**মূল পদ ঃ যাকোব ৪:৬**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বরের কাছে প্রার্থনা করতে আমাদের গীর্জাঘরে যাওয়ার প্রয়োজন নাই, আমরা যে কোন জায়গায় এবং যে কোন সময় প্রার্থনা করতে পারি।<br>২। ঈশ্বর চান প্রার্থনা করার সময় আমরা যেন নম্র ও সৎ হই। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১৭:১০-১৪ এবং ২ তীমথিয় ৩:১৪-১৭**<br><br>**মূল পদ ঃ গীতসংহিতা ১১৯:১০৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। বাইবেল পড়া গুরুত্বপূর্ণ।<br>২। আমরা বাইবেলকে বিশ্বাস করতে পারি কারণ এটা ঈশ্বরের বাক্য। |
| পরিচয় করান | ১ নং পাঠে প্রার্থনার বিষয়ে যে শিক্ষাগুলি শেখা হয়েছে তা পুনরালোচনা করুন। বাইবেল বলে "পতনের পূর্বে মনের গর্ববোধ আসে।" **(হিতোপদেশ ১৬:১৮)** এর অর্থ কি সে বিষয়ে আপনি কি ভাবেন তাতে মনোযোগ দিন। এক প্রকৃত জীবনের পরিস্থিতি অথবা কল্পিত পরিস্থিতি থেকে তার উদাহরণ দিন। | পৃথিবীতে অন্য বইয়ের চেয়ে বাইবেল আরও বেশী আছে। বছরগুলি ধরে দেশগুলি তা নিষিদ্ধ করতে, পুড়িয়ে দিতে অথবা এমন কি মাটিতে পুঁতে ফেলতে চেষ্টা করেছিল কিন্তু তা এখনও বিদ্যমান আছে। তার কারণ এটা ঈশ্বরের বাক্য। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। যীশু শিক্ষা দিচ্ছিলেন যে আমাদের সর্বদা প্রার্থনা করতে হবে এবং নিরুৎসাহ যেন না হই। **(১ পদ)**<br>২। তিনি আরও ব্যাখ্যা করছিলেন যে যারা গর্বিত এবং যাদের নম্রতার অভাব আছে তাদের প্রার্থনা করতে ঠিক মনোভাব নেই। **(৯ পদ)**<br>৩। লক্ষ্য করুন কতবার ধর্মীয় ব্যক্তি (ফরীশী) "আমি" শব্দ ব্যবহার করেছিলেন।<br>৪। ছাত্রছাত্রীদের করগ্রাহীর প্রার্থনাটি এবং মনোভাবটি বর্ণনা করতে বলুন।<br>৫। এই দুইজন ব্যক্তির প্রার্থনা করতে বিভিন্ন কৌতুহলের মধ্যে বৈষম্য প্রদর্শন করুন।<br>৬। চিন্তা করুন কোন ব্যক্তি ঈশ্বরকে খুশী করেছিল এবং কেন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - ফরীশী এবং করগ্রাহীর দৃষ্টান্ত (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। খ্রীষ্টানের জন্য বাইবেল সবচেয়ে গুরুত্বপূর্ণ বই আছে, কিন্তু কিভাবে আমরা নিশ্চিত হতে পারি যে এটা সত্য?<br>২। বাইবেল পড়া আমাদের বলে যে সমস্ত শাস্ত্র ঈশ্বর-নিশ্বাসিত, যার অর্থ ঈশ্বর তা অনুপ্রাণিত করেছিলেন। ঈশ্বর মিথ্যা বলতে পারেন না কাজেই আমরা জানি যে বাইবেল সত্যি।<br>৩। পুরাতন নিয়মে অনেক জিনিস আগে থেকে বলা হয়েছিল যা শত শত বৎসর পর কোন এক সময় প্রকৃতই ঘটেছিল। উদাহরণস্বরূপ যীশুর জন্মের বিষয়ে পুরাতন নিয়মে যা যা বলা হয়েছিল।<br>৪। প্রায় ৪০ জন বিভিন্ন ব্যক্তি অনেক শতাব্দীর ব্যবধানে বাইবেলের অংশগুলি লিখেছিলেন, কিন্তু সেখানে একটাই প্রধান মূল বিষয় এবং বার্তা আছে যা বইটিতে একতা এনেছে।<br>৫। বাইবেল পড়া এবং তার শিক্ষা অনুসরণ করা পবিত্র আত্মার সাহায্যে মানুষের জীবনকে পরিবর্তন করতে পারে।<br>৬। এটা বিস্ময়ের কিছু নাই যে বাইবেল এত গুরুত্বপূর্ণ। অনেক কারণগুলি চিন্তা করুন যে কেন আমাদের বাইবেল পড়া উচিত।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - কোন প্রযোজ্য এফ বি আই উদাহরণ নাই।** |
| পুনরালোচনা করুন | একটা বড় কাগজে করগ্রাহীর গুণগুলি প্রদর্শন করুন এবং অন্য একটায় ফরীশী যা মান দেখিয়েছিল তা প্রদর্শন করুন। | মূল পদটির বিষয়ে চিন্তা করুন এবং তারপর আকাশ থেকে বেরিয়ে আসছে এমন আলোক রশ্মির একটা ছবি আঁকুন তার নীচে সংক্ষিপ্ত বিবরণ অথবা কোন কোন জিনিসগুলি লিখুন যেখানে আপনার ঈশ্বরের আলোর প্রয়োজন, যেমন, আপনার একটা সিদ্ধান্ত নেওয়ার প্রয়োজন, যখন আপনি মানসিকভাবে বিপর্যস্ত অনুভব করেন তখন সাহায্য। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। "নম্র" শব্দটি বলতে কি বোঝায় এবং কিভাবে আমরা আরও নম্র হতে পারি? কিভাবে আমরা নম্রতা দেখাতে পারি তার উদাহরণ দিন।<br>২। "গর্বিত" শব্দটি বলতে কি বোঝায় এবং কিভাবে আমরা কম গর্বিত হতে পারি? কিভাবে আমরা গর্ব দেখাতে পারি তার উদাহরণ দিন। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। বাইবেল পড়তে কোন্ কোন্ ব্যবহারিক জিনিস সহজতর করে?<br>২। বাইবেলটি প্রায়ই আরও পড়তে আরও ভালভাবে তা বুঝতে এবং তা আমাদের জীবনে প্রয়োগ করতে সাহায্য করার জন্য প্রার্থনা করতে এবং ঈশ্বরকে বলার বিষয়ে চিন্তা করুন। |

| | এ৮ - ৩ নং স্তর<br>৩ নং পাঠ - খ্রীষ্টান হওয়া<br>মূল বিষয় - কিভাবে আমাদের প্রার্থনা করা উচিত? | এ২ - ৪ নং স্তর<br>৩ নং অধ্যয়ণ - খ্রীষ্টান হওয়া<br>মূল বিষয় - ঈশ্বরের জন্য জীবনযাপন |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ মথি ৬:৫-১৫**<br><br>**মূল পদ ঃ মথি ৬:৮**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। আমাদের নিয়মিত প্রার্থনা করা উচিত এবং কেবলমাত্র তখনই নয় যখন জিনিসগুলি ভুল হয়ে যায়।<br>২। আমাদের প্রার্থনাগুলি আকর্ষণীয় এবং লম্বা হওয়ার প্রয়োজন নাই।<br>৩। প্রভুর প্রার্থনার" অর্থ আমাদের প্রার্থনাগুলির কাঠামো গড়তে সাহায্য করা। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ যোহন ১৫:১-১৭ এবং গালাতীয় ৫:২২-২৩**<br><br>**মূল পদ ঃ যোহন ১৫:৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। খ্রীষ্টানদের আরও এবং আরও বেশী যীশুর মত হওয়া উচিত।<br>২। গোপন তথ্যটি হোল তাঁর সাথে ঘনিষ্ট হয়ে থাকা যেমন দ্রাক্ষালতা এবং তার শাখার দ্বারা উদাহরণ দেওয়া হয়েছে।<br>৩। ছেঁটে বাদ দিতে খ্রীষ্টানদের প্রয়োজন ঈশ্বরের স্পর্শ যেন আরও ফল উৎপন্ন করতে পারে। |
| পরিচয় করান | ১। ১ নং ও ২ নং পাঠগুলি এবং প্রার্থনার বিষয়ে ইতিমধ্যে যা শেখা হয়েছে সব পুনরালোচনা করুন। চিন্তা করুন কেন এতজন ব্যক্তি নিয়মিত প্রার্থনা করা কষ্টকর মনে করে।<br>২। সম্পূর্ণ মনোযোগ দিতে সাহায্য করতে জোরে জোরে প্রার্থনা করার সুবিধাগুলি কি হতে পারে?<br>৩। সঠিক শব্দগুলি দিয়ে সাহায্য করতে প্রার্থনাগুলি লেখার সুবিধাগুলি কি হতে পারে? | ১। ফলবান খ্রীষ্টানদের বিষয়ে চিন্তা করুন যারা প্রভুর আত্মার ফল প্রদর্শন করে এবং কিভাবে তাদের জীবন ফলবান সে বিষয়ে চিন্তা করুন।<br>২। ঠিক যেমন মালী দ্রাক্ষালতা ছেঁটে ফেলে তেমন সাহায্য করে না এমন জিনিস এবং সম্ভবত পাপপূর্ণ জিনিসগুলি সরিয়ে দিতে কিভাবে ঈশ্বর আমাদের জীবনে কাজ করেন তা ব্যাখ্যা করুন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পর্বতে দত্ত উপদেশে প্রভু প্রার্থনার বিষয়ে শিখিয়েছিলেন।<br>২। ব্যাখ্যা করুন প্রার্থনা কেন ঈশ্বর এবং আমাদের মধ্যে ব্যক্তিগত বিষয়।<br>৩। ব্যাখ্যা করুন কেন কেবলমাত্র বার বার উচ্চারণ করা প্রার্থনাগুলি প্রকৃত প্রার্থনা নয়।<br>৪। আলোচনা করুন কেন প্রার্থনা করা প্রয়োজনীয় যদি "পিতাকে বলার আগেই তিনি জানেন আমাদের কি প্রয়োজন"।<br>৫। প্রশংসা এবং প্রার্থনার অনুরোধগুলির বিষয়ে প্রভুর নকশা করা প্রার্থনাটির বিষয়ে চিন্তা করুন।<br>৬। আমরা যখন প্রার্থনা করি তখন যে ঈশ্বর উত্তর দিবেন এবং আমাদের প্রার্থনাগুলি সচল করবেন তা বিশ্বাস করার গুরুত্বটি চিন্তা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - কোন প্রযোজ্য এফ বি আই উদাহরণ নাই।** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। মালী হিসাবে পিতাকে, দ্রাক্ষালতা হিসাবে প্রভুকে এবং শাখা হিসাবে খ্রীষ্টানদের ছবিটি ব্যাখ্যা করুন।<br>২। ব্যাখ্যা করুন যে ঈশ্বর আমাদের জীবনে ফলপ্রসূতা দেখতে চান, এবং এটা **গালাতীয় ৫:২২-২৩** পদের মধ্যে সবচেয়ে ভাল উদাহরণ দেওয়া হয়েছে।<br>৩। ফলের গাছগুলি ছেঁটে ফেলার আগে ও পরে দেখতে কেমন লাগে এবং আরও বেশী ফল উৎপাদন করতে কেন পদ্ধতিটি অতি গুরুত্বপূর্ণ সে বিষয়ে চিন্তা করুন।<br>৪। **গালাতীয় ৫:১৯-২০** থেকে যেখানে মানুষের চরিত্রের ফল আছে যেখানে পবিত্র আত্মার কোন কাজ নাই এবং খ্রীষ্টেতে কোন বিশ্বাস নাই তার সাথে বৈষম্য প্রদর্শন করুন।<br>৫। ছাত্রছাত্রীদের মনে করিয়ে দিন যে ঈশ্বরের উদ্দেশ্য হল খ্রীষ্টান হিসাবে আমাদের আরও খ্রীষ্টের মত হওয়া উচিত, যিনি তাঁর জীবনে আত্মার সমস্ত ফল প্রদর্শন করেছেন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং অধ্যয়নটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - কোন প্রযোজ্য এফ বি আই উদাহরণ নাই।** |
| পুনরালোচনা করুন | **১ তীমথিয় ২:১** পদটির বিষয় চিন্তা করুন এবং প্রার্থনার বিভিন্ন প্রকারগুলি আলোচনা করুন। সেই জায়গাগুলির বিষয় চিন্তা করুন যেখানে আমরা ব্যক্তিগতভাবে প্রার্থনা করতে সক্ষম হতে পারি। ছাত্রছাত্রীরা জায়গাগুলির প্রস্তাব দিলে সেগুলির তালিকা তৈরী করুন। | এই অধ্যয়নে যে গুরুত্বপূর্ণ শিক্ষাগুলি শেখান হয়েছে তার সারাংশ করুন। জোর দিন যে চাবিটি তাঁর হাতেই রয়ে গিয়েছে যেমন **যোহন ১৫:৪-৫** পদে বলা হয়েছে। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>প্রার্থনা অসাড় জিনিস নয় কিন্তু এক সক্রিয় জিনিস। এই মুহূর্তে তা আপনার জন্য কি অর্থ হতে পারে সে বিষয়ে চিন্তা করুন। আপনি যখন প্রার্থনা করেন তখন বিশ্বাস করতে ঈশ্বরের সাহায্য চান। ছাত্রছাত্রীদের জন্য প্রভুর প্রার্থনায় দেওয়া নমুনাটি ব্যবহার করুন যেন তারা তাদের প্রার্থনা তৈরী করতে পারে। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>ছাত্রছাত্রীদের প্রার্থনাসহকারে **গালাতীয় ৫:২২-২৩** পদ পড়তে বলুন, এই গুণগুলি/ফলগুলি মধ্যে কোনটি উন্নতি করতে তাদের ঈশ্বরের সাহায্য প্রয়োজন তা তাদের তাঁকে দেখাতে বলুন। |

| | এ৮ - ৩ নং স্তর<br>৪ নং পাঠ - খ্রীষ্টান হওয়া<br>মূল বিষয় - ঈশ্বর কি প্রার্থনার উত্তর দেন? | এ৮ - ৪ নং স্তর<br>৪ নং অধ্যয়ণ - খ্রীষ্টান হওয়া<br>মূল বিষয় - ঈশ্বরকে দান করা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ ১শমূয়েল ১:১-২০**<br><br>**মূল পদ ঃ ১ শমূয়েল ১:২০**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। আমাদের প্রার্থনার উত্তরগুলি আমরা যেভাবে চাই বা যত তাড়াতাড়ি পেতে ইচ্ছা করি তা তেমন সর্বদা হয় না।<br>২। ঈশ্বরের উত্তর এবং পরিকল্পনাগুলি সর্বদা আমাদের চেয়ে আরও উত্তম। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ মার্ক ১২:৪১-৪৪ এবং মথি ৬:১-৪**<br><br>**মূল পদ ঃ ২ করিন্থীয় ৯:৭**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। আমাদের আনন্দসহকারে, আমাদের খ্রীষ্টিয় জীবনের এক গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে ঈশ্বরকে দেওয়া উচিত।<br>২। ঈশ্বরকে দেওয়া অর্থের মধ্যে সীমাবদ্ধ নয়। |
| পরিচয় করান | হান্না এবং তার পরিস্থিতিটি পরিচয় করিয়ে দিন।<br>হান্নার অনুভূতিগুলি দেখাতে ছবি এবং শব্দ ব্যবহার করে এক দেয়াল প্রদর্শনী তৈরী করুন।<br>প্রার্থনার আগে + প্রার্থনার পরে। | ছোট ছোট দলে, গোল করে বসে, সেইসব জিনিসগুলির তালিকা প্রস্তুত করুন যা যা ঈশ্বর আমাদের দেন, এবং তারপর সেই জিনিসগুলির তালিকা করুন যা যা আমরা প্রভুকে দিতে পারি। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। সংক্ষেপে হান্নার পরিস্থিতি এবং তার পরিবারের ব্যাখ্যা করুন। আরও ব্যাখ্যা করুন নৈবেদ্য উৎসর্গ এবং আরাধনার জন্য প্রভুর গৃহে বাৎসরিক দর্শন।<br>২। ব্যাখ্যা করুন হান্না কেমন অনুভব করেছিল যখন তার কোন সন্তান ছিল না এবং পনিন্না জ্বালাতন করত।<br>৩। ঈশ্বরের কাছে হান্নার প্রার্থনা এবং সে যা প্রতিজ্ঞা করেছিল সে বিষয়ে চিন্তা করুন।<br>৪। হান্নার প্রার্থনায় যাজক এলির প্রতিক্রিয়াটি ব্যাখ্যা করুন।<br>৫। ব্যাখ্যা করুন কিভাবে ঈশ্বর হান্নার প্রার্থনার উত্তর দিয়েছিলেন।<br>৬। প্রভুর কাছে প্রার্থনা করার পর এবং তার চিন্তা ফেলে দেবার পর সে কেমন আলাদাভাবে অনুভব করেছিল সে বিষয়ে চিন্তা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - শমূয়েল জন্মগ্রহণ করে (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। মন্দিরে সেই পরিস্থিতিটি বর্ণনা করুন যখন যীশু লোকদের অর্থ দেওয়া লক্ষ্য করেছিলেন।<br>২। ব্যাখ্যা করুন গরীব বিধবার দান কেন অন্য সকলের চেয়ে একেবারে আলাদা ছিল।<br>৩। কেন যীশু মহিলাটির অল্প দানে এত সন্তুষ্ট হয়েছিলেন?<br>৪। আমাদের সময়, প্রতিজ্ঞা, সম্পদ প্রভুকে দেবার বিষয়ে এই ঘটনাটি আমাদের কি শেখায়?<br>৫। কেন ঈশ্বর আমাদের গোপনে দান দিতে নির্দেশ দিয়েছেন?<br>৬। যারা গোপনে দান করে তাদের জন্য ঈশ্বর যে প্রতিজ্ঞা করেন সে বিষয়ে চিন্তা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - বিধবাটি যে সর্বস্ব দিয়েছিল (I)** |
| পুনরালোচনা করুন | ১। ছাত্রছাত্রীদের জিজ্ঞাসা করুন তারা কখনও কোনকিছুর উপরে প্রকৃত দুঃখ অনুভব করেছিল কি না।<br>২। চিন্তা করুন সেই সময় সাহায্য করতে তারা কি করতে পারত।<br>৩। আলোচনা করুন কেউ প্রভুর কাছে তাদের দুশ্চিন্তাগুলি দেবার পর অনেক ভাল অনুভব করেছিল কি না। | ১। চিন্তা করুন কি কি উপায়ে আমরা প্রভুকে দান দিতে পারি।<br>২। আজকের পাঠের ফল হিসাবে একটা জিনিস বেছে নিন যা কাজে লাগান যেতে পারে।<br>৩। ছাত্রছাত্রীরা যখন দান করে তখন তাদের সঠিক উদ্দেশ্য আছে তা নিশ্চিত করতে তাদের উদ্বুদ্ধ করুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>কোন একজনের কথা চিন্তা করুন যে এটা জেনে উপকার পেতে পারে যে ঈশ্বর তাদের দুঃশ্চিন্তাগুলি বহন করতে এবং তাদের আরও ভাল অনুভব করতে দিতে পারেন। কত শীঘ্র তাদের পরিদর্শন করা যেতে পারে এবং এই গল্পটা বলা যেতে পারে? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>দান দিবার বিষয়ে সম্পর্কিত অন্য যে কোন বাইবেলের পদগুলি দেখুন যেমন, "যীশু বলেছেন 'গ্রহণ করা অপেক্ষা বরং দান করা ধন্য হইবার বিষয়'।" **(প্রেরিত ২০:৩৫)** এই নীতিটি বুঝতে সাহায্য করবার জন্য ঈশ্বরকে বলুন। |

| | এ৯ - ৩ নং স্তর<br>১ নং পাঠ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - তাড়নাকারী | এ৯ - ৪ নং স্তর<br>১ নং অধ্যয়ণ - প্রেরিত পৌল<br>মূল বিষয় - তাঁর পরিবর্তন |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ৯:১-১৯**<br><br>**মূল পদ ঃ ২ করিন্থীয় ৫:১৭**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। খ্রীষ্টের সাথে পৌলের সাক্ষাত হওয়ার পর তিনি পরিবর্তিত হয়েছিলেন।<br>২। ঈশ্বর আজ-ও জীবন পরিবর্তন করেন। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ৯:১-৩০**<br><br>**মূল পদ ঃ ২ করিন্থীয় ৫:১৭**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। কেবলমাত্র ঈশ্বরই জীবন পরিবর্তন করতে পারেন।<br>২। একজন খ্রীষ্টান হওয়া কষ্টকর হতে পারে, কিন্তু ঈশ্বর খ্রীষ্টানদের সাথে থাকেন বিশেষতঃ কষ্টকর সময়গুলিতে। |
| পরিচয় করান | নতুন নিয়মে প্রধান চরিত্রগুলির মধ্যে একজন হিসাবে শৌলকে পরিচয় করান। স্তিফানের মৃত্যুর সাথে তার সংযোগটি ব্যাখ্যা করুন। **(প্রেরিত ৬:৫৮)** পরিবর্তনের ধারণাটি পরিচয় করাতে একটা শুঁয়াপোকা প্রজাপতিতে পরিবর্তিত হওয়ার উদাহরণটি ব্যবহার করুন। | নতুন নিয়মে প্রধান চরিত্রগুলির মধ্যে একজন হিসাবে শৌলকে পরিচয় করান। স্তিফানের মৃত্যুর সাথে তার সংযোগটি ব্যাখ্যা করুন। **(প্রেরিত ৬:৫৮)** পরিবর্তনের ধারণাটি পরিচয় করাতে একটা শুঁয়াপোকা প্রজাপতিতে পরিবর্তিত হওয়ার উদাহরণটি ব্যবহার করুন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ব্যাখ্যা করুন যে পৌলকে শৌল হিসাবে উল্লেখ করা হয়েছে যতদিন না গল্পটিতে অনেক পরে পৌল হয়েছিলেন।<br>২। কেন তিনি দামাস্কাসের দিকে যাত্রা করছিলেন তার বিস্তারিত বিবরণ দিন।<br>৩। সাবধানতার সাথে ব্যাখ্যা করুন কি হয়েছিল, এবং শৌল যখন প্রভুর সাথে সাক্ষাত করেছিলেন তখন কি বলা হয়েছিল। পরবর্তীতে পৌল যে বিবরণ দিয়েছিলেন তা হয়ত সাহায্য করতে পারে। **(প্রেরিত ২২:১-১৩ এবং ২৬:৯-১৮)**<br>৪। দামাস্কাসে তাঁকে নিয়ে যাবার পর কি ঘটেছিল এবং তাঁকে যে চ্যালেঞ্জ দেওয়া হয়েছিল তা বর্ণনা করুন।<br>৫। 'পরিবর্তন' শব্দটির অর্থের বিষয়ে চিন্তা করুন। কোন একজনকে খ্রীষ্টে নতুন সৃষ্টি করতে পরিবর্তন ঈশ্বরের অনুগ্রহের একটি কাজ। নতুন জন্ম হওয়ার সাথে এটা যুক্ত করুন। **(যোহন ৩:৩)**<br>৬। খ্রীষ্টের সাথে সাক্ষাত হওয়ার পর পৌল কিভাবে পরিবর্তিত হয়েছিলেন তা বর্ণনা করুন।<br>৭। খ্রীষ্টিয় বিশ্বাসের এই বার্তাটি কত প্রয়োজনীয় তার উপর জোর দিন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - শৌল (পৌল)-এর পরিবর্তন (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ব্যাখ্যা করুন যে পৌলকে শৌল হিসাবে উল্লেখ করা হয়েছে যতদিন না গল্পটিতে অনেক পরে পৌল হয়েছিলেন।<br>২। কেন তিনি দামাস্কাসের দিকে যাত্রা করছিলেন তার বিস্তারিত বিবরণ দিন।<br>৩। সাবধানতার সাথে ব্যাখ্যা করুন কি হয়েছিল, এবং শৌল যখন প্রভুর সাথে সাক্ষাত করেছিলেন তখন কি বলা হয়েছিল। পরবর্তীতে পৌল যে বিবরণ দিয়েছিলেন তা হয়ত সাহায্য করতে পারে। **(প্রেরিত ২২:১-১৩ এবং ২৬:৯-১৮)**<br>৪। দামাস্কাসে তাঁকে নিয়ে যাবার পর কি ঘটেছিল এবং তাঁকে যে চ্যালেঞ্জ দেওয়া হয়েছিল তা বর্ণনা করুন।<br>৫। একজন খ্রীষ্টান হওয়া কখনও সহজ নয়। কয়েকটি সমস্যা বর্ণনা করুন যা পৌল প্রভুকে অনুসরণ করার প্রথমদিনগুলিতে সম্মুখীন হয়েছিলেন।<br>৬। কোন একজনকে খ্রীষ্টে নতুন সৃষ্টি করতে ঈশ্বরের অনুগ্রহের কাজ হিসাবে পরিবর্তনের প্রকৃতির বিষয়ে চিন্তা করুন। **যোহন ৩:৩** এবং নতুন জন্ম হওয়্যার সাথে এটা যুক্তি করুন।<br>৭। আরও চিন্তা করুন কিভাবে শৌলকে 'ধার্মিক' তৈরী করা হয় নি, তিনি ইতিমধ্যে তাঁর পরিবর্তনের আগেই ধার্মিক ছিলেন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - শৌল (পৌল)-এর পরিবর্তন (I)** |
| পুনরালোচনা করুন | 'শৌল - পূর্বে এবং পরে' বিষয়বস্তুর উপর একটা দেওয়াল প্রদর্শনী তৈরী করুন। | শিখবার উদ্দেশ্যগুলির একটা বেছে নিন এবং তা আপনার জীবনে কিভাবে প্রভাব ফেলতে পারে প্রকাশ করে একটা প্রার্থনা লিখুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। ছাত্রছাত্রীদের নিজের পরিস্থিতির বিষয়ে তাদের উদ্বুদ্ধ করুন।<br>২। অননিয়ের উদাহরণ থেকে বাধ্যতার বিষয়ে আমরা কি শিখতে পারি? বাধ্যতার বিষয়ে কি শেখা যেতে পারে তার উপর ভিত্তি করে কটা 'করতে হবে' তালিকা তৈরী করুন।<br>৩। উপায়গুলি চিন্তা করুন যার দ্বারা খ্রীষ্টানরা একজন নতুন খ্রীষ্টানের কাছে উৎসাহ হতে পারে। এগুলির তালিকা করুন এবং একটা কর্ম পরিকল্পনা তৈরী করুন। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। ছাত্রছাত্রীদের নিজের পরিস্থিতির বিষয়ে তাদের উদ্বুদ্ধ করুন।<br>২। আজ খ্রীষ্টানদের জন্য প্রার্থনা করুন যারা তাড়নার সম্মুখীন হচ্ছে।<br>৩। **১ তীমথিয় ১:১২-১৬ পদ** পড়ুন। **১৫ পদটি** অপরিবর্তনকারী বন্ধুদের কাছে বলার বিষয়ে চিন্তা করুন। |

| | এ৯ - ৩ নং স্তর<br>২ নং পাঠ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - সমস্যাগুলি | এ৯ - ৪ নং স্তর<br>২ নং অধ্যয়ণ - প্রেরিত পৌল<br>মূল বিষয় - তাঁর ভ্রমণ |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ৯:১৯-৩০**<br><br>**মূল পদ ঃ রোমীয় ১:১৬**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। কোন কোন সময় একজন খ্রীষ্টান হওয়া কষ্টকর হতে পারে যেহেতু প্রত্যেকে সুসমাচারের বার্তার প্রশংসা করে না। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১১:১৯-২৬; ১৩:১-১২**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ১৩:১২**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। পরিবর্তন খ্রীষ্টে নতুন জীবনের শুরু।<br>২। নতুন খ্রীষ্টানদের শিক্ষা দেওয়া গুরুত্বপূর্ণ যেন তারা খ্রীষ্টিয় জীবনের বিষয়ে তাদের বোধশক্তিতে বৃদ্ধি পেতে পারে। |
| পরিচয় করান | উৎসাহ দেওয়ার গুরুত্বপূর্ণতা আলোচনা করুন। ছাত্রছাত্রীদের উদাহরণগুলি দিতে বলুন যখন তারা তাদের জীবনে উৎসাহ পেয়েছিল এবং কেন তা এত গুরুত্বপূর্ণ তা ব্যাখ্যা করুন। | আমাদের শারিরীক বৃদ্ধির জন্য খাদ্য কিভাবে গুরুত্বপূর্ণ তার উদাহরণ ব্যবহার করে আলোচনা করুন। খ্রীষ্টানদের জন্য আত্মিক বৃদ্ধির ধারণাটি পরিচয় করান। যদি বাইবেল থাকে তবে কাউকে **১ পিতর ২:২ এবং ২ পিতর ৩:১৮** পদ পড়তে বলুন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। শৌল যখন দামাস্কাসে প্রচার করতে শুরু করেছিলেন তখন কি ঘটেছিল বর্ণনা করুন, এবং তাঁর বার্তাটি কি ছিল তাও ব্যাখ্যা করুন।<br>২। যিহুদীরা কেন তাঁকে ঘৃণা করেছিল ব্যাখ্যা করুন এবং আরও ব্যাখ্যা করুন কিভাবে তিনি রক্ষা পেয়েছিলেন।<br>৩। শৌলের সমস্যাগুলির প্রকৃতি কি ধরনের ছিল আলোচনা করুন এবং কেন লোকেরা সুসমাচারের বার্তাটিতে প্রতিবাদ করেছিল। শৌল কেন সুসমাচারে লজ্জিত ছিলেন না? (মূল পদটি দেখুন)<br>৪। তিনি যখন যিরূশালেমে ফিরে এসেছিলেন তখন যে সমস্যাগুলির সম্মুখীন হয়েছিলেন তা বর্ণনা করুন।<br>৫। শৌলের কাছে বার্ণবা কত গুরুত্বপূর্ণ ছিলেন এবং খ্রীষ্টিয় জীবনে উৎসাহের গুরুত্বপূর্ণতার বিষয়ে কথা বলুন। **১ শমূয়েল ৩০:৬** পদ পড়ুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পৌলের মন পরিবর্তন (l)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। স্তিফানের মৃত্যুকে অনুসরণ করে, খ্রীষ্টানরা বিস্তৃত এলাকা জুড়ে ছড়িয়ে পড়েছিল এবং কয়েকজন আন্তিয়খিয়ায় এসেছিল।<br>২। তারা যীশুর বিষয়ে শুভ সংবাদটি ছড়িয়ে দিয়েছিল এবং অনেকে বিশ্বাস করেছিল আর প্রভুর দিকে ঘুরে দাঁড়িয়েছিল।<br>৩। নতুন খ্রীষ্টানদের সাহায্য করতে যিরূশালেম থেকে বার্ণবাকে পাঠানো হয়েছিল। তিনি বুঝতে পেরেছিলেন যে এটা এক বিরাট বড় কাজ কাজেই তিনি শৌলকে আন্তিয়খিয়ায় এনেছিলেন এবং সারা বছর ধরে তাঁরা মণ্ডলীর বহুসংখ্যক ব্যক্তিদের শিক্ষা দিয়েছিলেন।<br>৪। প্রায় সেই সময় পবিত্র আত্মা মণ্ডলীকে বলেছিলেন বার্ণবা ও শৌলকে এক নতুন কাজের জন্য দূরে পাঠাতে।<br>৫। তাঁরা কুপ্রের দিকে যাত্রা করলেন যেখানে তাঁরা ইলুমা নামে এক ব্যক্তির বিরোধিতার সম্মুখীন হয়েছিলেন, যে একজন মায়াবী ছিল, অগ্রগামী মানুষদের মধ্যে একজন, সের্গিয় পৌলকে একজন খ্রীষ্টান হওয়া থেকে বাধা দিতে চেষ্টা করেছিল। শৌল কথা বলেছিলেন, এবং ইলুমা অন্ধ হয়ে গিয়েছিল আর সের্গিয় পৌল প্রভু যীশুতে বিশ্বাস করেছিলেন।<br>৬। সুসমাচার প্রচারে বাক্য প্রচার করার গুরুত্বপূর্ণতার উপর জোর দিন। **(প্রেরিত ১১:১৯-২০)**<br>৭। খ্রীষ্টান হিসাবে বৃদ্ধি পাওয়া গুরুত্বপূর্ণতার উপরেও জোর দিন। **(১ পিতর ২:৩)**<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পৌল ও বার্ণবার কুপ্র পরিদর্শন (l)** |
| পুনরালোচনা করুন | শৌলকে আদর্শ হিসাবে ব্যবহার করে খ্রীষ্টিয় জীবনের অসুবিধাগুলির মধ্যে কয়েকটা আলোচনা করুন। | **নিম্নলিখিত প্রশ্নগুইল ব্যবহার করে পাঠটি পুনরালোচনা করুন।**<br>১। পৌল ও বার্ণবার মিশনটা কি সফল হয়েছিল? আপনার উত্তরটি ব্যাখ্যা করুন।<br>২। মন্দ আত্মার উপরে ঈশ্বরের ক্ষমতার বিষয়ে ইলুমার সাথে পৌলের সাক্ষাতকার থেকে আমরা কি শিক্ষা লাভ করতে পারি? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। কোন কোন সময় লোকেরা আশা করে জীবনটা 'সমস্যা মুক্ত' হবে যখন তারা খ্রীষ্টান হয়। আপনি কি চিন্তা করেন পৌল তাদের কি পরামর্শ দিবেন যারা এই মতটি গ্রহণ করে? **২ করিন্থীয় ১১:২৩-৩৩** পদ চিন্তা করুন।<br>২। যে সব খ্রীষ্টানরা অসুবিধার সম্মুখীন হচ্ছে তাদের জন্য উৎসাহের একটা প্রার্থনা লিখুন। একটা বুকমার্কের নকশা করুন যেখানে প্রার্থনাটি লেখা থাকবে এবং আপনার জানা একজন খ্রীষ্টানকে সেটা দিন যে হয়ত অসুবিধার সম্মুখীন হচ্ছে। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। ছাত্রছাত্রীদের এমন একজন খ্রীষ্টান প্রচারকের সাথে কথা বলতে বলুন যাকে আপনি জানেন এবং তাদের পরিচর্য্যা কাজে তাদের আভিজ্ঞতা হয়েছে এমন চমৎকার কথোপকথনের গল্পগুলির বিষয়ে তাদের জিজ্ঞাসা করুন। এটা কিভাবে আপনাকে উদ্বুদ্ধ করে?<br>২। আপনার জানা একজন খ্রীষ্টিয় নেতার সাথে আলোচনা করুন কিভাবে বাইবেলের বোধশক্তি আরও ভালভাবে উন্নতি করা যায় এবং আপনার নিজের বাইবেল পড়ার পরিকল্পনা উন্নতি করা যায়। |

| | এ৯ - ৩ নং স্তর<br>৩ নং পাঠ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - প্রচারক | এ৯ - ৪ নং স্তর<br>৩ নং অধ্যয়ণ - প্রেরিত পৌল<br>মূল বিষয় - তাঁর প্রচার |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১৩:১-১২**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ১৩:১২**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। পবিত্র আত্মা কাজ করছিলেন এবং সুসমাচারের বার্তা নতুন নতুন জায়গায় ঘোষিত হচ্ছিল।<br>২। সুসমাচারের প্রতি শয়তানের বিরোধিতা হতে পারে। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১৩:১৩-৫২**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ১৩:৪৯**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। খ্রীষ্টের বিষয়ে বার্তাটির উৎস পুরাতন নিয়মে পাওয়া যায় এবং খ্রীষ্টের মৃত্যু ও পুনরুত্থান ঈশ্বরের পরিকল্পনা অনুযায়ী হয়েছিল।<br>২। পাপের ক্ষমা কেবলমাত্র খ্রীষ্টের মাধ্যমে পাওয়া যায়। |
| পরিচয় করান | ঈশ্বর এবং শয়তানের মধ্যে সংঘর্ষটির সাথে ছাত্রছাত্রীদের পরিচয় করিয়ে দিন। এটা খুঁজতে পিছনে এদন বাগানে ফিরে যান এবং পতনের গল্পটি আলোচনা করুন। নির্দেশ করুন যে শয়তান এখনও বিভিন্ন আকারে সক্রিয় এবং প্রভু যীশুর সুসমাচার প্রচারে বাধা দিয়ে চলেছে। | ছাত্রছাত্রীদের ক্ষমার গুরুত্বের বিষয় চিন্তা করতে বলুন। প্রতিদিনের পরিস্থিতি চিন্তা করুক যখন তারা হয়ত কাউকে ক্ষমা করে। ভেবে দেখুন কেন আমাদের ঈশ্বরের ক্ষমা প্রয়োজন। পাপের ক্ষমার খ্রীষ্টিয় বার্তায় খ্রীষ্ট কত মখ্য তা আলোচনা করুন। ক্ষমার বিষয়ে কয়েকটি মিথ্যা ধারণাগুলি অনুসন্ধান করুন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। স্তিফানের মৃত্যুর পরবর্তীতে, খ্রীষ্টানরা বিস্তৃত অঞ্চল জুড়ে ছড়িয়ে পড়েছিল এবং কয়েকজন আন্তিয়খিয়ায় এসেছিল।<br>২। তারা যীশুর বিষয়ে শুভ সংবাদটি ছড়িয়ে দিয়েছিল এবং অনেকে বিশ্বাস করেছিল ও প্রভুর দিকে ফিরেছিল।<br>৩। নতুন খ্রীষ্টানদের সাহায্য করতে বার্ণবাকে যিরুশালেম থেকে পাঠান হয়েছিল। তিনি বুঝেছিলেন যে এটা এক বড় কাজ কাজেই তিনি শৌলকে আন্তিখিয়ায় এনেছিলেন এবং সারা বছর ধরে তাঁরা মণ্ডলীর বহু সংখ্যক লোককে শিক্ষা দিয়েছিলেন।<br>৪। একেবারে সেই সময় পবিত্র আত্মা মণ্ডলীকে বলেছিলেন বার্ণবা ও শৌলকে এক নতুন কাজে দূরে পাঠাতে।<br>৫। তাঁরা কুপ্র যেতে রওনা দিলেন যেখানে তাঁরা ইলুমা নামে এক ব্যক্তির বিরোধিতার সম্মুখীন হয়েছিলেন, যে ছিল এক রকমের যাদুকর যে বিশিষ্ট ব্যক্তিদের একজন, সের্গিয় পৌলকে, খ্রীষ্টান হওয়া থেকে প্রতিরোধ করতে চেষ্টা করেছিল।<br>৬। শৌল কথা বললেন এবং ইলুমা অন্ধ হয়েছিল এবং সের্গিয় পৌল প্রভু যীশুতে বিশ্বাস করেছিল।<br>৭। মন্দ আত্মাবিষ্টতার বাস্তবতা এবং প্রকৃতি আলোচনা করুন।<br>৮। সেই দিনগুলিতে এবং আজ সুসমাচারের বার্তার গুরুত্বটি আলোচনা করুন।<br>৯। কেন ঈশ্বরের বিচার ইলুমার উপর পড়েছিল আলোচনা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পৌল ও বার্ণবা সাইপ্রাসে যান (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল এবার অন্য আন্তিয়খিয়ায় (পিষিদিয়া) পৌঁছান।<br>২। তাঁর প্রথম বক্তৃতায়, তিনি যিহুদী ইতিহাসের বিস্তৃত বর্ণনা দিয়েছিলেন যেখানে যীশুর আগমন, তাঁর মৃত্যু এবং পুনরুত্থানের বিষয় সর্বোচ্চ সীমায় পৌঁছেছিলেন। তিনি একথা বলে শেষ করেছিলেন যে "যীশুর মাধ্যমে পাপের ক্ষমা আপনাদের কাছে ঘোষিত হল"। **(৩৮ পদ)**<br>৩। সমাজগৃহে তাঁর প্রথম বক্তৃতার পর পরবর্তী বিশ্রামবারে ফিরে যেতে তাঁকে আমন্ত্রণ জানানো হয়েছিল।<br>৪। পরবর্তী বিশ্রামবার প্রায় সারা শহরের লোক পৌলের কথা শুনতে এসেছিল যা যিহুদী নেতাদের মধ্যে হিংসার উদ্রেক করেছিল।<br>৫। পৌল বলেছিলেন যে যেহেতু তারা ঈশ্বরের বাক্য প্রত্যাখ্যান করেছে, তাই তিনি এখন অযিহুদীদের কাছে যাবেন, যেমন **যিশাইয় ৪৯:৬**<br>৬। ব্যাখ্যা করুন কেন যিহুদী নেতারা চেয়েছিলেন খ্রীষ্টের মৃত্যু।<br>৭। ভেবে দেখুন কেন যীশুকে মরতে হয়েছিল এবং খ্রীষ্টের মৃত্যু এবং পুনরুত্থান কিভাবে ঈশ্বরের পরিকল্পনার অংশ।<br>৮। পরিত্রাতা হিসাবে খ্রীষ্টের অপূর্বতার বিষয়ে চিন্তা করুন। **(৩৮-৩৯ পদ দেখুন)**<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — আন্তিয়াখিয়া ও ইকনিয়ে পৌল ও বার্ণবা (I)** |
| পুনরালোচনা করুন | এইমাত্র অধ্যয়ণ করা পাঠটিতে কিভাবে ঈশ্বর শয়তানকে পরাজিত করেন তার উদাহরণ দিতে ছাত্রছাত্রীদের জিজ্ঞাসা করার দ্বারা পাঠটি পুনরায় আলোচনা করুন। | পাঠটি পুনরালোচনা করার উপায় হিসাবে আজকের অধ্যয়ণের উপর ছাত্রছাত্রীদের ক্যুইজ ধরুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। সুসমাচারের বার্তার প্রতি সের্গিয়ে পৌলের সাথে ইলুমার সাড়ার পার্থক্য করুন। সুসমাচারের প্রতি তাদের সাড়া দিতে ছাত্রছাত্রীদের উদ্বুদ্ধ করুন।<br>২। আজ অনেক চলচিত্রে যাদুবিদ্যার মূল বিষয়টি সাধারণ হয়েছে, যেমন, হ্যারি পটার। খ্রীষ্টানদের কি এই চলচিত্রগুলি দেখা উচিত? শ্রেণীকক্ষে আলোচনা করুন। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। পরিত্রাতা হিসাবে খ্রীষ্টের অপূর্বতা কিভাবে আমাদের সংস্কারে চ্যালেঞ্জ করে?<br>২। **ইফিষীয় ৪:৩২** পদ পড়ুন এবং ক্ষমার বিষয়ে পৌলের কথাগুলি কিভাবে তাদের প্রভাব ফেলে তার উপর ছাত্রছাত্রীদের উদ্বুদ্ধ করুন। |

| | এ৯ - ৩ নং স্তর<br>৪ নং পাঠ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - "এক বিভক্ত শহর" | এ৯ - ৪ নং স্তর<br>৪ নং অধ্যয়ণ - প্রেরিত পৌল<br>মূল বিষয় - তাঁর সমস্যাগুলি |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১৩:১৩-১৬; ৪২-৫২**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ১৩:৪৯**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বরের বাক্য শোনা গুরুত্বপূর্ণ<br>২। খ্রীষ্টের বিষয় বার্তাটি প্রত্যেকের জন্য এবং যে তা গ্রহণ করে তাদের কাছে তা আনন্দ নিয়ে আসে। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ দৃষ্টিপাত : প্রেরিত ১৪:১-২৮**<br><br>**মূল পদ ঃ মার্ক ১৬:২০**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। খ্রীষ্টের বার্তা লোকদের বিভক্ত করে এবং খ্রীষ্টিয় বার্তার প্রতি কিছু প্রতিক্রিয়া অতি তীব্র।<br>২। খ্রীষ্টের প্রতি বিশ্বস্ততা যা পৌলের দ্বারা দেখান হয়েছে তা অতি গুরুত্বপূর্ণ। |
| পরিচয় করান | ছাত্রছাত্রীদের জিজ্ঞাসা করুন কেন তারা মনে করে বাইবেল এত গুরুত্বপূর্ণ। (লক্ষ্য করুন এই অধ্যয়ণের জন্য বাইবেল পড়ায় কতবার প্রভুর বাক্য উল্লেখ করা হয়েছে।)<br>ছাত্রছাত্রীদের কাছে এই ধারনাটি পরিচয় করিয়ে দিন যে বাইবেলের কেন্দ্রে আছে খ্রীষ্টের বার্তা যা সব মানুষের জন্য। তাদের মনে করিয়ে দিন যে খ্রীষ্টানরা সাংস্কৃতিক পটভূমির বিভিন্ন বৈচিত্রতা থেকে এসেছে। | 'বিশ্বস্ত' শব্দটির সংজ্ঞাটি করতে ছাত্রছাত্রীদের বলুন। নির্দিষ্ট নিয়মের বিশ্বস্ততা, এবং যারা বিশ্বস্ততা দেখায় এমন ব্যক্তিদের উদাহরণগুলি ছাত্রছাত্রীদের চিন্তা করতে বলুন। ভেবে দেখুন বিশ্বস্ততা কেন এত গুরুত্বপূর্ণ। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল এখন অন্য আন্তিয়খিয়ায় (পিষিদিয়া) পৌঁছান, যেখানে সমাজগৃহে তাঁর প্রথম বক্তৃতার পর পরবর্তী বিশ্রামবারে ফিরে আসতে আমন্ত্রণ জানানো হয়।<br>২। পরবর্তী বিশ্রামবারে নগরের প্রায় সব মানুষ পৌলের কথা শুনতে বেরিয়ে এসেছিল যা যিহুদী নেতাদের অত্যন্ত ঈর্ষান্বিত করেছিল।<br>৩। পৌল বলেছিলেন যেহেতু তারা ঈশ্বরের বাক্য প্রত্যাখ্যান করেছিল, তাই তিনি এখন পরজাতীয়দের কাছে যাবেন যেমন **যিশাইয় ৪৯:৫** পদে লেখা আছে।<br>৪। পৌলের দর্শকদের উপর জোর দিন। **(১৬, ৪২, ৪৩ এবং ৪৮ পদ)**<br>৫। ব্যাখ্যা করুন কেন সুসমাচার প্রথমে যিহুদীদের কাছে প্রচার করা হয়েছিল।<br>৬। কিভাবে ঈশ্বরের বাক্য ছড়িয়ে পড়েছিল তা বর্ণনা করুন। **(৪৯ পদ)**<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — আন্তিয়খিয়া ও ইকনিয়ে পৌল ও বার্ণবা (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল এবং বার্ণবা যখন ইকনিয়ায় এসেছিলেন তখন অনেক যিহুদী এবং পরজাতীয়রা বিশ্বাস করেছিল কিন্তু কয়েকজন যিহুদী বিপক্ষতার আলোড়ন তুলেছিল।<br>২। সুসমাচারের কারণে শহরটি বিভক্ত হয়ে গিয়েছিল কিন্তু কয়েকজন পৌল ও বার্ণবাকে পাথর ছোঁড়ার চক্রান্ত করেছিল কাজেই তাঁদের লুস্ত্রায় পালিয়ে যেতে হয়েছিল।<br>৩। এখানে ঈশ্বর একজন খোঁড়া লোককে সুস্থ করতে পৌলকে ব্যবহার করেছিলেন এবং ফলস্বরূপ সেই শহরের লোকেরা ভেবেছিল তাঁরা দেবতা, আর তারা তাঁদের উদ্দেশে নৈবেদ্য উৎসর্গ করতে চেয়েছিল।<br>৪। পৌল এবং বার্ণবা জনতাকে বলেছিলেন যে তাঁরা তাদের অসার দেবতা থেকে সরিয়ে জীবিত ঈশ্বরের কাছে তাদের আনবার চেষ্টা করছিলেন। তাঁরা সে সমস্ত ব্যাখ্যা করেছিলেন যা ঈশ্বর আমাদের দেন **(১৭ পদ)**<br>৫। যিহুদীরা আন্তিয়খিয়া ও ইকনিয় থেকে এসেছিল এবং জনতাকে উত্তেজিত করেছিল যেন তারা পৌলকে পাথর ছুঁড়ে আর তাঁকে টেনে নগর থেকে বাইরে নিয়ে গিয়েছিল, ভেবেছিল তিনি মারা গেছেন। কৃতজ্ঞতাসূচকভাবে পৌল রক্ষা পেয়েছিলেন এবং পরের দিন তাঁরা দর্বী গিয়াছিলেন। এখানে বৃহৎ সংখ্যক মানুষ শিষ্যে পরিণত হয়েছিলেন।<br>৬। তাঁরা তারপর খ্রীষ্টানদের উৎসাহ দিতে লুস্ত্রা, ইকনিয় এবং আন্তিয়খিয়ায় ফিরে গিয়েছিলেন, সম্ভবতঃ এই পদ্ধতিতে তাঁদের জীবনের ঝুঁকি নিয়েছিলেন।<br>৭। ঈশ্বর কে তার উপর জোর দিন। **(১৫-১৭ পদ)**<br>৮। অধ্যবসায়-এর গুরুত্বটি ভেবে দেখুন — ঠিক পৌল ও বার্ণবার মত। ২২ পদটি যত্নসহকারে দেখুন।<br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — আন্তিয়খিয়া ও ইকনিয়ে পৌল ও বার্ণবা (I)** |
| পুনরালোচনা করুন | এইমাত্র অধ্যয়ণ করা পাঠে কিভাবে ঈশ্বর শয়তানকে পরাজিত করেন তা উদাহরণ দিতে ছাত্রছাত্রীদের জিজ্ঞাসা করার দ্বারা পাঠটি পুনরালোচনা করুন। | পাঠটি পুনরালোচনা করার উপায় হিসাবে আজকের পাঠটির উপর ছাত্রছাত্রীদের ক্যুইজ নিন।<br>১। **৩ পদে** 'চিহ্ন কার্য্য এবং অদ্ভুদ লক্ষণ'-এর উদ্দেশ্য কি ছিল?<br>২। এই পাঠ্যাংশে পৌল ও বার্ণবা কি ঈশ্বরের প্রতি তাঁদের বিশ্বস্ততা অতি আন্তরিকভাবে নিয়েছিলেন? ঈশ্বর কি আমাদের কাছে আশা করেন যে আমরা তাঁর কাজের জন্য আমাদের জীবন দিই? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। **৪২ ও ৪৮ পদে** খ্রীষ্টের বিষয়ে বার্তার প্রতি পরজাতীয়দের সাড়াটি চিন্তা করুন। এখান থেকে খ্রীষ্টের বার্তার প্রতি আমাদের সাড়ার বিষয়ে আমরা কি শিখতে পারি?<br>২। একটা মিশনারী সোসাইটির কাজ অধ্যয়ণ করুন যেখানে তারা অন্য সংস্কৃতিতে খ্রীষ্টের বার্তা আনতে চেষ্টা করে। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। খ্রীষ্টিয় জীবনের উপর ভিত্তি করে 'বিশ্বস্ত' শব্দটির জন্য এক চিত্রকাব্য দলগতভাবে লিখুন।<br>২। কিভাবে খ্রীষ্টের বার্তা আজকের সমাজে আমাদের নিজেদের পৌত্তলিকতাকে উদ্বুদ্ধ করে তা চিন্তা করে একটা দেওয়াল প্রদর্শনী তৈরী করুন। |

| | এ১০ - ৩ নং স্তর<br>১ নং পাঠ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - প্রভুর জন্য কষ্টভোগ | এ১০ - ৪ নং স্তর<br>১ নং অধ্যয়ণ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - ফিলিপীতে পৌল |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১৪:১-২১**<br><br>**মূল পদ ঃ ১ পিতর ৪:১৬**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। খ্রীষ্টানরা মাঝে মাঝে তাদের বিশ্বাসের জন্য কষ্টভোগ করে এবং যখন জিনিসগুলি কষ্টকর হয়ে উঠে তখন 'ছেড়ে দেওয়া' উচিত নয়।<br>২। খ্রীষ্টানদের জীবিত ঈশ্বরে বিশ্বাস আছে যিনি সৃষ্টিকর্তা যিনি আমাদের জন্য যুগিয়ে থাকেন। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১৬:৯-৪০**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ১৬:৩১**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বরের চালনা শোনা এবং বাধ্য হওয়া গুরুত্বপূর্ণ।<br>২। ঈশ্বর মানুষের হৃদয় খুলে দেন এবং যে কোন ব্যক্তির জন্য পরিত্রাণ প্রভু যীশু খ্রীষ্টের মাধ্যমে পাওয়া যায়। |
| পরিচয় করান | ছাত্রছাত্রীদের সাথে অনুসন্ধান করুন সৃষ্টিকর্তা ঈশ্বরে বিশ্বাস করা কেন গুরুত্বপূর্ণ। ঈশ্বরের সামনে দায়িত্ববোধ এবং দায়ী হওয়ার ধারণাটির উপর দৃষ্টিপাত করুন। | প্রশ্নটি ধরুন কেন আমাদের সকলের পরিত্রান প্রয়োজন। ব্যাখ্যা করুন ঈশ্বরের পরিত্রানের প্রকৃতি এবং কিভাবে আমরা এই বিশ্বাসের মাধ্যমে পরিত্রান পেয়েছি যে ঈশ্বর প্রভু যীশুর মাধ্যমে তা করেছেন আর তা আমাদের নিজেদের কাজের দ্বারা হয় নি। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল এবং বার্ণবা যখন ইকনিয়ে এসেছিলেন তখন অনেক যিহুদী এবং পরজাতীয়রা বিশ্বাস করেছিল কিন্তু কয়েকজন যিহুদী বিরোধী আলোড়ন তুলেছিল।<br>২। সুসমাচারের কারণে শহরটি বিভক্ত হয়েছিল কিন্তু কয়েকজন পৌল ও বার্ণবাকে পাথর মারার চক্রান্ত করেছিল কাজেই তাঁদের লুস্ত্রায় পালিয়ে যেতে হয়েছিল।<br>৩। এখানে একজন খোঁড়া ব্যক্তিকে সুস্থ করতে ঈশ্বর পৌলকে ব্যবহার করেছিলেন আর তার ফল হিসাবে সেই শহরের লোকেরা ভেবেছিল তাঁরা ছিলেন দেবতা, আর তারা তাঁদের কাছে বলিদান করতে চেয়েছিল।<br>৪। পৌল এবং বার্ণবা জনতাকে বলেছিলেন যে তাঁরা তাদের আসা দেবতা থেকে সরিয়ে জীবিত ঈশ্বরের কাছে নিয়ে যেতে চেষ্টা করেছিলেন। ঈশ্বর যা আমাদের দেন তা সব তাঁরা ব্যাখ্যা করেছিলেন।<br>৫। যিহুদীরা আন্তিয়খিয়া ও ইকনিয় থেকে এসেছিল এবং জনতাকে উত্তেজিত করেছিল যেন তারা পৌলকে পাথর মারে আর তাঁকে টেনে নগর থেকে বাইরে নিয়ে যায় এই বিশ্বাসে যে তিনি মারা গিয়েছেন।<br>৬। কৃতজ্ঞতাসূচকভাবে পৌল রক্ষা পেয়েছিলেন এবং পরের দিন তাঁরা দর্বী গিয়েছিলেন।<br>৭। ঈশ্বর কে তার উপর জোর দিন। **(১৫-১৭ পদ)**<br>৮। অধ্যবসায়-এর গুরুত্বটি ভেবে দেখুন - ঠিক পৌল ও বার্ণবার মত।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — লুস্ত্রা এবং দর্বীতে পৌল ও বার্ণবা (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। এশিয়ার অন্য অংশে না যেতে পৌল পরিষ্কারভাবে চালনা পেয়েছিলেন, কিন্তু এক রাতে একটা দর্শন দেখেছিলেন যেখানে তাঁকে মাকিদনিয়া (ইউরোপ) যেতে বলা হয়েছিল।<br>২। ঘটনাগুলি বর্ণনা করুন যেখানে সুসমাচার ইউরোপে নিয়ে যেতে চালনা দিয়েছিল। **(৯ পদ)**<br>৩। ফিলিপীতে তিনি একদল মহিলার সাক্ষাত পেয়েছিলেন যারা নদীর ধারে প্রার্থনা করছিল। এদের মধ্যে লুদিয়া ছিল।<br>৪। ঈশ্বর লুদিয়ার অন্তর খুলে দিয়েছিলেন তার দ্বারা কি বোঝায় ব্যাখ্যা করুন। **(১৪ পদ)**<br>৫। পৌল যখন মন্দ আত্মাকে ভাববাদী বলা মেয়েটি থেকে বেরিয়ে আসতে বলেছিলেন, তখন তিনি এবং সীল শেষে কারাগারে গিয়েছিলেন।<br>৬। তখন একটা ভূমিকম্প হয়েছিল এবং সব কয়েদীরা মুক্ত হয়েছিল। জেলরক্ষক তার জীবন নিতে প্রায় উদ্যোগ নিয়েছিল কিন্তু পৌল তাকে নিশ্চিত করেছিলেন যে কেউ পালিয়ে যায় নি।<br>৭। জেলরক্ষক যে প্রশ্ন করেছিল এবং পৌল যে উত্তর দিয়েছিলেন তা পরিষ্কারভাবে ব্যাখ্যা করুন। **(প্রেরিত ১৬:৩১)**<br>৮। পরিত্রাণ প্রভু যীশু খ্রীষ্ট কেন্দ্রিক তাতে জোর দিন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পৌল ও সীলের ফিলিপীতে যাত্রা এবং কারাগারে পৌল ও সীল।** |
| পুনরালোচনা করুন | **যাত্রাপুস্তক ২০:১-৬** পদের সাথে বাইবেল পাঠটি সংযোগ করুন। জীবিত ঈশ্বরের বাস্তবতাটি বুঝতে ছাত্রছাত্রীদের সাহায্য করুন। ভেবে দেখুন কি ধরনের প্রতিমাগুলি আজ সমাজে আমাদের এবং ঈশ্বরের মাঝখানে আসতে পারে। | নীচের প্রশ্নগুলির মাধ্যমে পাঠটি পুনরালোচনা করুন:<br>১। জেলরক্ষকের পরিবর্তনের পর ঘটনাগুলি বর্ণনা করুন।<br>২। এই পাঠ্যাংশে বাপ্তিস্মের জন্য প্রকৃতি এবং যোগ্যতা কি? **(১৫ পদ, ৩১-৩৩)** |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। ঈশ্বরের সামনে দায়বদ্ধতার ধারনার বিষয়ে চিন্তা করুন এবং কিভাবে তা আমাদের উদ্বুদ্ধ করে? আমাদের খ্রীষ্টিয় জীবনে তার কি পরিবর্তন তৈরী করা উচিত?<br>২। 'ধীর' পূজার বিষয়ে **১৫ পদটি** আমাদের কি শিক্ষা দেয়? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। পরিত্রাণ কেবলমাত্র ঈশ্বরের অনুগ্রহ দ্বারা পাওয়া যায় ধারণাটি উপলব্ধি করা।<br>২। বিশ্বাসীর বাপ্তিস্মের গুরুত্বপূর্ণতা। |

| | এ১০ - ৩ নং স্তর<br>২ নং পাঠ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - জীবনের জন্য বন্ধু | এ১০ - ৪ নং স্তর<br>২ নং অধ্যয়ণ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - থিষলনীকী এবং বিরিয়াতে পৌল |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১৬:১-৩; ২ তীমথিয় ১:১-৫**<br><br>**মূল পদ ঃ ২ তীমথিয় ৩:১৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। শাস্ত্র পড়া এবং জানা পরিত্রাণ পেতে আমাদের জ্ঞানী করে।<br>২। খ্রীষ্টান বন্ধু থাকা এবং পরস্পরের জন্য প্রার্থনা করা গুরুত্বপূর্ণ। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১৭:১-১৪**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ১৭:১১**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। যীশুই খ্রীষ্ট, যাঁর কথা পুরাতন নিয়মে ভবিষ্যৎবাণী করা হয়েছিল এবং যাঁর মৃত্যু ও পুনরুত্থান প্রয়োজনীয় ছিল।<br>২। খ্রীষ্টিয় বিশ্বাস কি তা প্রতিষ্ঠা করতে শাস্ত্র অনুসন্ধান করা গুরুত্বপূর্ণ। |
| পরিচয় করান | আলোচনা করুন কোন জিনিসগুলি ভাল বা মন্দের জন্য আমাদের জীবনে সবচেয়ে বেশী প্রভাবিত করে। আমাদের জীবনে খ্রীষ্টিয় প্রভাব থাকার গুরুত্বপূর্ণতা ছাত্রছাত্রীদের সাথে অনুসন্ধান করুন। খ্রীষ্টিয় বিশ্বাসে কারা আপনাকে প্রভাবিত করেছে এবং কিভাবে তারা আপনাকে প্রভাবিত করেছে সে বিষয়ে কথা বলুন। | ছাত্রছাত্রীদের জিজ্ঞাসা করুন কাদের তারা গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসাবে গণ্য করে এবং কেন তারা মনে করে যে তারা গুরুত্বপূর্ণ। ব্যাখ্যা করুন যে খ্রীষ্টিয় বার্তাটি একজন অপূর্ব ব্যক্তির বিষয়ে। বার্তাটি শুনতে তাদের আমন্ত্রণ জানান যা **প্রেরিত ১৭:১-১৪** পদে পড়া হয়। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। তীমথিয়ের পরিবারের বিষয়ে ব্যাখ্যা করুন।<br>২। ব্যাখ্যা করুন তীমথিয়ের বিশ্বাসে তাঁর দিদিমা ও মা কত গুরুত্বপূর্ণ ছিলেন।<br>৩। একটা খ্রীষ্টিয় পরিবারের মূল্য দেওয়া কত গুরুত্বপূর্ণ সে বিষয়ে চিন্তা করুন।<br>৪। ভেবে দেখুন পৌল কেন বিশ্বাস করেছিলেন তীমথিয়ের ছিন্নত্বক হওয়া প্রয়োজন ছিল। এটা থেকে আমরা কি শিক্ষা লাভ করতে পারি?<br>৫। তীমথিয় তারপর পৌলের সাথে যাত্রা করতে শুরু করে এবং তাঁর একজন মহান সাহায্যকারীতে পরিণত হয়।<br>৬। তীমথিয়কে লেখা পৌলের চিঠিতে তাঁর কথাগুলির প্রতি দৃষ্টি দিন। **(২ তীমথিয় ১:৩-৫)**<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ কোন প্রযোজ্য এফবিআই নাই।** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল ফিলিপী থেকে থিষলনীকী যাত্রা করেছিলেন যেখানে তিনি সমাজগৃহে প্রচার করেছিলেন।<br>২। থিষলনীকীতে সমাজগৃহে যে বার্তা পৌল প্রচার করেছিলেন তা ব্যাখ্যা করুন। এছাড়াও ব্যাখ্যা করুন 'খ্রীষ্ট' উপাধির অর্থ কি যেমন ঈশ্বরের অভিষিক্ত পরিত্রাতা।<br>৩। বার্তাগুলির প্রয়োগ করার বিষয়ে চিন্তা করুন।<br>৪। নীচের শব্দগুলি চিন্তা করুন : "এই যে লোকেরা জগৎ-সংসারকে লন্ডভন্ড করিয়া ফেলিয়াছে।" **(৬ পদ)**<br>৫। পৌল ও বার্ণবাকে, আরেকবার, তাড়াতাড়ি করে রাতের বেলা চলে যেতে হয়েছিল এবং তারপর বিরয়াতে গিয়েছিলেন।<br>৬। বিরয়াতে যে যিহুদীরা যারা থিষলনীকীতে ছিল তারা তাদের থেকে অতি আলগা ছিল, এবং প্রতিদিন শাস্ত্র অধ্যয়ণ করত। **(১১-১২ পদ)**<br>৭। তা সত্ত্বেও সেখানে আরও বেশী বিরোধীতা ছিল এবং পৌলকে সঙ্গে নিয়ে আথীনীতে পোঁছে দেওয়া হয়েছিল।<br>৮। পৌল এবং সীল যে বিরোধিতার সম্মুখীন হয়েছিলেন তার সাথে আজকের খ্রীষ্টানরা তাদের বিশ্বাসের জন্য যারা সম্মুখীন হয় তার তুলনা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — থিষলনীকী এবং বিরিয়াতে পৌল** |
| পুনরালোচনা করুন | মূল পদটি শিখুন এবং ক্লাসটির সাথে আলোচনা করুন কিভাবে পদটি আজকের পাঠে সারমর্ম করে। | **যিহোশূয় ১:৮ পদ পড়ুন এবং তা মূল পদটির (প্রেরিত ১৭:১১)** সাথে তুলনা করুন। খ্রীষ্টান হিসাবে আমাদের কাছে কি কি চ্যালেঞ্জ আনে? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। খ্রীষ্টিয় বন্ধুবান্ধব থাকার গুরুত্বটি বোঝা<br>২। খ্রীষ্টিয় বন্ধুত্ব অন্বেষণ করা।<br>৩। আমাদের বন্ধুবান্ধব এবং আত্মীয়স্বজনদের জন্য প্রার্থনা করতে যেন তারা প্রভু যীশুর উপর বিশ্বাস রাখে। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। বাইবেল পড়ার গুরুত্ব এবং বাইবেলের উপর আমাদের মতামত ভিত্তি করা। (মূল পদটি দেখুন)<br>২। যীশুকে রাজা হিসাবে বিশ্বাস করলে কিভাবে তা আমাদের জীবনে এক পার্থক্য তৈরী করা উচিত। |

| | এ১০ - ৩ নং স্তর<br>৩ নং পাঠ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - কারাগারে পৌল | এ১০ - ৪ নং স্তর<br>৩ নং অধ্যয়ণ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - আথীনী এবং করিন্থে পৌল |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১৬:১৬-৩৪**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ১৬:৩১**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। প্রভু যীশু খ্রীষ্টের মাধ্যমেই পরিত্রাণ।<br>২। যারা পরিত্রাণ পেয়েছে তাদের বাপ্তিস্ম নেওয়া উচিত। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১৭:১৫-৩৪; ১৮:১-১৮**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ১৭:৩০-৩১**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। অনুতাপ ঈশ্বরের দ্বারা আদেশ দেওয়া হয়েছে।<br>২। ঈশ্বর জগতের বিচার করবেন। |
| পরিচয় করান | উদ্ধার পাওয়ার বিষয়ে একটি গল্প ছাত্রছাত্রীদের বলুন। রক্ষা পাওয়া, পরিত্রাতা, পরিত্রাণ : এই শব্দগুলির অর্থ ব্যাখ্যা করতে গল্পটি ব্যবহার করুন। ছাত্রছাত্রীদের বলতে উৎসাহিত করুন যদি তারা জানে যে তাদের জীবনে পরিত্রাণ। | ছাত্রছাত্রীদের অনুতাপের সংজ্ঞা বলতে বলুন। 'অনুতাপের' ধারণাটি ব্যাখ্যা করার উপায় হিসাবে **১ থিষলনীকীয় ১:৯** পদটি ব্যবহার করুন। পরিত্রাতা হিসাবে ঈশ্বরের প্রতি ফেরার ধারণাটির উপর দৃষ্টিপাত করুন এবং এর মধ্যে নিয়োজিত আছে আমাদের জীবনের পুরনো পথ পিছনে ফেলে রাখা। সুসমাচারের দ্বারা মানুষের রূপান্তরীকরণের সাক্ষ্যগুলি উৎসাহিত করা উচিত যেন অনুতাপের অর্থটি জোরালো করা যায়। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ঘটনাগুলি বর্ণনা করুন যা ইউরোপে সুসমাচার পৌঁছতে চালনা করেছিল। **(৯ পদ)**<br>২। ফিলিপীতে তিনি একদল স্ত্রীলোকের সাথে সাক্ষাত করেছিলেন যারা নদীর ধারে প্রার্থনা করছিল। এদের মধ্যে লুদিয়া ছিল।<br>৩। ঈশ্বর লুদিয়ার হৃদয় খুলে দিচ্ছেন কথাটির দ্বারা কি বোঝায় ব্যাখ্যা করুন। **(১৪ পদ)**<br>৪। পৌল যখন একজন মন্দ আত্মাকে ভাববাণী বলা মেয়েটি থেকে বেরিয়ে আসতে বলেছিলেন তখন তাঁকে এবং সীলকে স্থানীয় কারাগারে যেতে হয়েছিল।<br>৫। সেখানে এক ভূমিকম্প হয়েছিল এবং সমস্ত কয়েদীরা মুক্ত হয়েছিল। জেলরক্ষক তাঁর প্রাণ দিতে প্রায় উদ্যোগ নিয়েছিল কিন্তু পৌল তাকে নিশ্চিত করেছিলেন যে কেউ পালিয়ে যায় নি।<br>৬। জেলরক্ষক যে প্রশ্ন করেছিল এবং পৌল যা উত্তর দিয়েছিলেন তা পরিষ্কারভাবে ব্যাখ্যা করুন। **(প্রেরিত ১৬:৩১)**<br>৭। যীশুর নামে কর্তৃত্বটিতে জোর দিন। (১৮ পদ)<br>৮। ব্যাখ্যা করুন যে কোন কোন সময় খ্রীষ্টানদের উপর অবিচার করা হতে পারে। **(২৩ পদ)**<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পৌল ও সীল ফিলিপীর দিকে যাত্রা করেছিলেন এবং পৌল ও সীল কারাগারে (])** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল আথীনীতে পৌঁছান এবং চারিদিকে ঘুরে বেড়ান তাঁর সহকর্মীরাও আথীনীতে আসবেন বলে অপেক্ষা করছিলেন। বেশী সংখ্যক প্রতিমার দ্বারা তিনি মানসিকভাবে বিপর্যস্ত হয়েছিলেন।<br>২। জনসমাজে এবং সমাজগৃহে পৌল যীশুর বিষয়ে প্রচার করতে শুরু করেছিলেন।<br>৩। পৌলকে মাঝখানে আনা হয়েছিল যেখানে তাঁকে নতুন শিক্ষাটি ব্যাখ্যা করতে বলা হয়েছিল।<br>৪। পৌল মহান সৃষ্টিকর্তা ঈশ্বরের কথা বলেছিলেন যিনি জগত সৃষ্টি করেছিলেন, কিন্তু তিনি আরও বলেছিলেন ঈশ্বর আমাদের কারও কাছ থেকে দূরে নন। তিনি একথাও বলেছিলেন যে ঈশ্বর এক ব্যক্তি দ্বারা জগতের বিচার করবেন যাঁকে তিনি নিযুক্ত করেছেন যাঁকে তিনি মৃত থেকে জীবিত করে তুলেছেন।<br>৫। যখন তারা পুনরুত্থানের কথা শুনেছিল তখন বেশীরভাগ লোক তাঁকে বিদ্রূপ করেছিল, কিন্তু কয়েকজন বিশ্বাস করেছিল। পৌল শীঘ্র করিন্থে সরে গিয়েছিলেন।<br>৬। এখানে তাঁর সাথে আক্কিলা ও প্রিস্কিল্লার সাক্ষাত হয়েছিল যারা তাঁর সাহায্যকারী হয়েছিল। তিনি ১৮ মাস করিন্থে থাকলেন এবং অনেক লোক বিশ্বাসী হয়েছিল।<br>৭। **প্রেরিত ১৮:৯** — ঈশ্বর তাঁকে নিশ্চয়তা দিয়েছিলেন যে তাঁকে নিরাপদে রাখা হবে।<br>৮। **২৪-৩১ পদে** পৌল ঈশ্বরের বিষয়ে যা শিক্ষা দিয়েছিলেন তার উপর জোর দিন।<br>৯। বিচারের প্রকৃতির বিষয়ে চিন্তা করুন।<br>১০। আথীনী এবং করিন্থে লোকেরা কিভাবে পৌলের বার্তায় প্রতিক্রিয়া করেছিল তা ভেবে দেখুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — আথীনীতে পৌল এবং করিন্থে পৌল (])** |
| পুনরালোচনা করুন | ফিলিপীতে পৌল ও সীলের গল্পের উপর একটা চিত্রিত বোর্ড তৈরী করুন। | আথীনীতে যখন প্রচার করছিলেন তখন পৌলের উদ্যোগের সাথে করিন্থের উদ্যোগ তুলনা করুন। এই উদ্যোগুলির মধ্যে কি কোন পার্থক্য ছিল? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। প্রভু যীশু খ্রীষ্টের মাধ্যমে পরিত্রাণ জানার গুরুত্বের বিষয়।<br>২। বাপ্তিস্মের দ্বারা জনসমক্ষে খ্রীষ্টের সাথে পরিচিত করার বিষয়। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। অনুতাপের গুরুত্বের বিষয় এবং কিভাবে একজন খ্রীষ্টানের প্রতিদিন পাপ থেকে ঈশ্বরের দিকে ফেরা আবশ্যক।<br>২। অন্যদের সুসমাচারের বিষয় বলার সম্বন্ধে এবং কিভাবে ঈশ্বর একদিন জগতের বিচার করবেন। |

| | এ১০ - ৩ নং স্তর<br>৪ নং পাঠ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - আথীনী শহর | এ১০ - ৪ নং স্তর<br>৪ নং অধ্যয়ণ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - ইফিষে পৌল |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১৭:১০-৩৪**<br><br>**মূল পদ ঃ প্ররিত ১৭:৩০**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর হলেন জীবিত ঈশ্বর যিনি পৃথিবী সৃষ্টি করেছিলেন।<br>২। ঈশ্বর সব মানুষকে অনুতাপ করতে আদেশ দেন।<br>৩। ঈশ্বর ধার্মিকতায় জগতের বিচার করবেন। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১৯:১-৪১**<br><br>**মূল পদ ঃ ইফিষীয় ২:৮-৯**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ইফিষে ঈশ্বরের বাক্য এবং ঈশ্বরের কাজ ছড়িয়ে পড়ে।<br>২। প্রভু যীশুর নাম উচ্চীকৃত হয়েছিল। |
| পরিচয় করান | ক্লাসকে জিজ্ঞাসা করুন প্রতিমা বলতে তারা কি বুঝে। তাদের জিজ্ঞাসা করুন তাদের কাছে প্রতিমার সংজ্ঞা কি? তাদের সাথে **যাত্রাপুস্তক ২০ অধ্যায়ের** প্রথম দুইটি আজ্ঞা আলোচনা করুন। অনুতাপের অর্থ ব্যাখ্যা করতে **১ থিষলনীকীয় ১:৯ পদ** ব্যবহার করুন। | ৩নং অধ্যয়ণে যে শিক্ষাগুলি শেখা হয়েছে তা পুনরালোচনা করুন। অনুতাপের কথা এবং প্রতিদিনের জীবনে তার কি অর্থ হতে পারে সে বিষয়ে চিন্তা করুন। এই ধারনাটির উন্নতি করুন যে অনুতাপ জীবনযাত্রার এক পরিবর্তন আনে। **প্রেরিত ১৯:১৮-২০ পদ** আলোচনা করুন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল আথীনীতে পৌঁছান এবং চারিদিকে ঘুরে বেড়ান তাঁর সহকর্মীরাও অথীনীতে আসবে বলে অপেক্ষা করছিলেন। বেশী সংখ্যক প্রতিমার দ্বারা তিনি মানসিকভাবে বিপর্যস্ত হয়েছিলেন।<br>২। জনসমাজে এবং সমাজগৃহে পৌল যীশুর বিষয়ে প্রচার করতে শুরু করেছিলেন।<br>৩। পৌলকে মাঝখানে আনা হয়েছিল যেখানে তাঁকে নতুন শিক্ষাটি ব্যাখ্যা করতে বলা হয়েছিল।<br>৪। পৌল মহান সৃষ্টিকর্তা ঈশ্বরের কথা বলেছিলেন যিনি জগত সৃষ্টি করেছিলেন, কিন্তু তিনি আরও বলেছিলেন ঈশ্বর আমাদের কারও কাছ থেকে দূরে নন। তিনি একথাও বলেছিলেন যে ঈশ্বর এক ব্যক্তি দ্বারা জগতের বিচার করবেন যাঁকে তিনি নিযুক্ত করেছেন যাঁকে তিনি মৃত থেকে জীবিত করে তুলেছেন।<br>৫। যখন তারা পুনরুত্থানের কথা শুনেছিল তখন বেশীরভাগ লোক তাঁকে বিদ্রূপ করেছিল, কিন্তু কয়েকজন বিশ্বাস করেছিল পৌল শীঘ্র করিন্থে সরে গিয়েছিলেন।<br>৬। ঈশ্বরের বিষয়ে পৌল যা শিক্ষা দিয়েছিলেন তার উপর জোর দিন। **(২৪-৩১ পদ)**<br>৭। যীশুর পুনরুত্থানের গুরুত্বের উপর জোর দিন। **(৩১ পদ)**<br>৮। পৌলের প্রচারে প্রতিক্রিয়াটি আলোচনা করুন। **(৩২-৩৪ পদ)**<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — আথীনীতে পৌল (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল এবার ইফিষে যান যেখানে তিনি কয়েকজন শিষ্যের দেখা পান যারা পবিত্র আত্মা পায় নি।<br>২। ব্যাখ্যা করুন যোহনের শিষ্যদের বাপ্তিস্ম দেওয়া পৌলের জন্য কেন প্রয়োজনীয় ছিল।<br>৩। সমাজগৃহের যিহুদীরা আর একবার পৌলের প্রচার প্রত্যাখ্যান করার পর তিনি এক বক্তৃতা হলে গেলেন এবং দুই বছর থাকলেন।<br>৪। ঈশ্বর পৌলের মাধ্যমে অসাধারণ আশ্চর্য্য কাজ করেছিলেন **(১১ পদ)** পবিত্র আত্মার ক্ষমতার ফল স্বরূপ যা পৌলের মাধ্যমে দেখান হচ্ছিল এতে অনেকে বিশ্বাস করেছিল এবং সর্বসমক্ষে তাদের বিশ্বাস ঘোষণা করেছিল। ব্যাখ্যা করুন তারা কি করেছিল।<br>৫। সংক্ষেপে ঘটনাগুলি বর্ণনা করুন যা ইফিষে গন্ডোগোলের দিকে চালিত করেছিল। **(২৩-৪১ পদ)**<br>৬। ব্যাখ্যা করুন 'ঈশ্বরের রাজ্য' বলতে কি বোঝায়। **(৮ পদ)**<br>৭। বর্ণনা করুন কিভাবে ঈশ্বরের বাক্য ইফিষে সফল হয়েছিল। **(২০ পদ)**<br>৮। আলোচনা করুন কিভাবে নতুন খ্রীষ্টানদের অতীতের প্রথা এবং অভ্যাসগুলির সাথে মোকাবিলা করতে হোত।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — ইফিসে পৌল, এবং পথের বিরুদ্ধে ইফিষের গোলযোগে রৌপ্যকার।** |
| পুনরালোচনা করুন | দলগুলিতে আলোচনা করুন কিভাবে আপনার সম্প্রদায়ের মধ্যে খ্রীষ্টিয় বার্তাটি উপস্থাপিত করা যেতে পারে। এক সুসমাচার বিষয়ক ঘটনার মাধ্যমে এটার উন্নতি করুন। | 'ইফিষে সুসমাচার আসে' নাম দিয়ে এক মানসিক মানচিত্র আঁকুন। **প্রেরিত ১৯ অধ্যায়ে** বর্ণিত ঘটনাগুলির উপর একটা খবর কাগজের প্রবন্ধ লিখুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। ব্যক্তিগত অনুতাপের বিষয়ে। পাপ থেকে ঈশ্বরের দিকে ফেরার অর্থ কি?<br>২। সুসমাচার প্রচারের গুরুত্বের বিষয়। কিভাবে আমরা সুসমাচারের বার্তা বলতে পারি? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। খ্রীষ্টিয় বিশ্বাস 'পথ' হিসাবে পরিচিত। **(৯ পদ)** এর অর্থ কি? কিভাবে তা আমাদের উদ্বুদ্ধ করে?<br>২। **৩৫-৪১ পদে** নগরের সম্পাদকের আচরণ থেকে আমাদের জনসাধারণের কাছে কর্তব্যের বিষয়ে আমরা কি ব্যবহারিক শিক্ষা লাভ করতে পারি? |

| | এ১১ - ৩ নং স্তর<br>১ নং পাঠ - পৌলের দঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - অন্যের সাথে বাগ করে নেওয়া | এ১১ - ৪ নং স্তর<br>১ নং অধ্যয়ণ - পৌলের বিচার<br>মূল বিষয় - যিরূশালেম ও ক্রুদ্ধ জনতা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১৮:১-১১**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ১৮:৯-১০**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। পৌল যেখানেই যেতেন তাঁর বার্তা ছিল যীশুই খ্রীষ্ট।<br>২। ঈশ্বর পৌলের সাথে ছিলেন এবং এক দর্শনের মধ্যে তাঁকে উৎসাহ দিয়েছিলেন। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ২১:১৭-৪০; ২২;১-৩০**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ২২:১৪ ও ১৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। মন্দিরে পৌল বন্দী হওয়ার পর তিনি জনতার কাছে তাঁর সাক্ষ্য দিয়েছিলেন।<br>২। যিহুদীরা সত্যটি ঘৃণা করেছিল যে পরজাতীয়রা সুসমাচার গ্রহণ করেছিল এবং সাড়া দিয়েছিল।<br>৩। পৌল তাঁর রোমীয় নাগরিকত্ব আপীল করেছিলেন যখন তারা তাঁকে প্রহার করতে শুরু করেছিল। |
| পরিচয় করান | কিভাবে ঈশ্বর আপনাকে উৎসাহিত করেছিলেন সে বিষয়ে আপনার নিজস্ব অভিজ্ঞতা থেকে একটি গল্প ছাত্রছাত্রীদের বলুন। খ্রীষ্টিয় জীবনে উৎসাহিত করার অর্থ এবং গুরুত্বটি আলোচনা করুন। ছাত্রছাত্রীদের বলুন উৎসাহের উদাহরণ দিতে যা তারা পেয়েছিল। | সংক্ষেপে বিরোধিতাটি পরিচয় করান পৌল যার সম্মুখীন হয়েছিলেন যখন তিনি যিরূশালেমে গিয়েছিলেন। শহীদদের ওয়েবসাইট (অথবা অন্য উৎস)-এর স্বর ব্যবহার করে খ্রীষ্টানদের উদাহরণ দিন যারা খ্রীষ্টের পক্ষে সাক্ষ্য দিয়েছিল এবং কষ্টভোগ করতে ভয় পায় নি। ছাত্রছাত্রীদের জিজ্ঞাসা করুন কেন একজন খ্রীষ্টানের তা করা উচিত। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল করিন্থে পৌঁছান, এবং আক্কিলা ও প্রিস্কিল্লার সাথে তাঁর সাক্ষাত হয় যারা তাঁর সাহায্যকারী হয়েছিল।<br>২। যেমন তিনি করতেন প্রত্যেক বিশ্রামবারে সমাজ গৃহে যেতেন যিহুদীদের বিশ্বাস করাতে যে যীশুই মশীহ যাঁর জন্য তারা অপেক্ষা করছে।<br>৩। যিহুদীরা যখন খারাপ ব্যবহার করছিল তখন তিনি পরবর্তী শহরে চলে যান এবং এবার তিনি পরজাতীদের কাছে আরও প্রচার করেন। অনেকে বিশ্বাস করে এবং বাপ্তিস্ম গ্রহণ করে।<br>৪। **১৮:৯** — ঈশ্বর তাঁকে নিশ্চয়তা দিয়েছিলেন যে করিন্থে, তিনি পৌলের সাথে থাকবেন এবং তাঁকে নিরাপদে রাখবেন। ব্যাখ্যা করুন এটা পৌলের কাছে কত বড়ই না উৎসাহ ছিল।<br>৫। কিভাবে পৌল বার্তাটি ছড়িয়ে দিয়েছিলেন তার উপর জোর দিন। **(৪ ও ১১ পদ)**<br>৬। কিভাবে ঈশ্বরের বাক্য করিন্থে ছড়িয়ে পড়েছিল এবং বাপ্তিস্মের গুরুত্বটি ভেবে দেখুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — আথীনীতে পৌল এবং করিন্থে পৌল (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল যিরূশালেমে পৌঁছান এবং মন্দিরে যান। তিনি একজন পরজাতি ব্যক্তিকে মন্দিরে নিয়ে যান বলে তাঁকে ভুলভাবে দোষারোপ করা হয় এবং সেখানে গন্ডোগোল হয়।<br>২। রোমীয় সেনাপতি দ্বারা তাঁকে উদ্ধার করা হয়েছিল এবং দুর্গের সিঁড়ি থেকে জনতার কাচে কথা বলতে তাঁকে অনুমতি দেওয়া হয়েছিল।<br>৩। পৌল এক অতি পরিস্কার সাক্ষ্য দিয়েছিলেন। **(২২:১-২১)** যখন তিনি উল্লেখ করেছিলেন যে তাঁকে পরজাতিদের কাছে পাঠানো হয়েছে তখন সেখানে আর একটি গন্ডোগোল বেধেছিল।<br>৪। তাঁকে দুর্গের ভিতর নিয়ে যাওয়া হয়েছিল এবং তারা তাঁকে হয়ত প্রহার করত যদি তিনি ব্যাখ্যা না করতেন যে তিনি একজন রোমীয় নাগরিক এবং প্রহার করতে পারে নি যতক্ষন না তাঁকে অন্যায় কাজের জন্য দোষী না করা হয়।<br>৫। জোর দিন পৌল কেন মন্দিরে গিয়েছিলেন।<br>৬। পৌলের মন পরিবর্তনে প্রকৃতির উপর আরও জোর দিন।<br>৭। ব্যাখ্যা করুন জনতা কেন পৌলের প্রতি উদ্ধত হয়েছিল।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পৌল যিরূশালেমে বন্দী হন।** |
| পুনরালোচনা করুন | ক্যুইজের মাধ্যমে গল্পটি পুনরালোচনা করুন। | যিরূশালেমে থাকাকালীন মন্দিরে প্রবেশ করতে পৌল যথেষ্ট জ্ঞানী হয়েছিলেন কি না তার উপর শ্রেণীকক্ষে বিতর্ক সভা করুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। **গীতসংহিতা ২৩** পড়ুন এবং খ্রীষ্টান হিসাবে ঈশ্বরের উপস্থিতির প্রতিজ্ঞা কিভাবে আমাদের উৎসাহিত করে তা চিন্তা করুন।<br>২। উপায়গুলি চিন্তা করুন যার দ্বারা আমরা তাদের সাথে থেকে লোকদের উৎসাহিত করতে পারি। এটার উপর অভিনয় করুন। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। খ্রীষ্টানরা সারা জগত জুড়ে প্রতিদিনের ভিত্তিতে বন্দী হচ্ছে। এক নিয়মিত প্রার্থনার সময় ঠিক করুন, যেখানে তাড়নাগ্রস্থ খ্রীষ্টানদের বিষয় চিন্তা করা হবে।<br>২। ছাত্রছাত্রীদের বলুন তাদের সপ্তাহটি পুনরালোচনা করতে এবং সেই সুযোগগুলি চিন্তা করতে বলুন যা খ্রীষ্টের জন্য সাক্ষ্য দিতে হয়ত ভুল হয়ে গিয়েছে। তাদের বলুন সাহায্যের জন্য ঈশ্বরকে বলতে যেন তারা ভবিষ্যতে সাক্ষ্য দিতে বিশ্বস্ত হতে পারে। |

| | এ১১ - ৩ নং স্তর<br>২ নং পাঠ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - তাঁকে হত্যা করতে চক্রান্ত | এ৫ - ৪ নং স্তর<br>২ নং অধ্যয়ণ - পৌলের বিচার<br>মূল বিষয় - কৈসরিয়া এবং দেশাধ্যক্ষ |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ২৩:১০-২৪; ২২-২৭**<br><br>**মূল পদ ঃ গীতসংহিতা ১৮:৩০**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। যিহুদীরা যখন পৌলকে হত্যা করতে চেষ্টা করেছিল ঈশ্বর তখন তাঁকে উৎসাহিত করেছিলেন।<br>২। এমন কি একজন বন্দী হিসাবেও পৌল বিশ্বস্তভাবে ঈশ্বরের বাক্য প্রচার করা চালিয়ে গিয়েছিলেন। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ২৩:২৩-২৬; ২৪:১-২৭; ২৫:১-১২**<br><br>**মূল পদ ঃ ১ পিতর ৩:১৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। নিরাপত্তার জন্য পৌলকে কৈসরিয়ায় নিয়ে যাওয়া হয়েছিল এবং পরিণামস্বরূপ কৈসরের কাছে আবেদন করা হয়েছিল।<br>২। যে বিভিন্ন বিচারের সম্মুখীন হয়েছিলেন পৌল, তার মধ্যে তিনি ধার্মিকতা, আত্ম-নিয়ন্ত্রণ এবং আগামী বিচারের বিষয় প্রচার করেছিলেন। |
| পরিচয় করান | পৌলের সময় রোমীয় সম্রাটের ক্ষমতার কথা ছাত্রছাত্রীদের মনে করিয়ে দিন। ব্যাখ্যা করুন একটা ঢাল (আত্মরক্ষার জন্য আবরণ) কি। ঢাল নিয়ে এক রোমীয় সৈন্যের প্রাচীন গ্রেসো-রোমীয় জগত থেকে উদাহরণ দিন। ব্যাখ্যা করুন প্রভু কিভাবে তাঁর লোকদের কাছে এক ঢাল। মূল পদটি **গীতসংহিতা ১৮:৩০,** শিখতে ছাত্রছাত্রীদের উৎসাহ দিন। | মার্টিন লুথারের গল্প এবং ১৫২১ সালে ইমপারিয়াল ডায়েট অব ওয়ার্মস-এ খ্রীষ্টের জন্য তাঁর পক্ষসমর্থনটি বর্ণনা করুন। ওয়ার্মস-এ লুথারের দ্বারা দেওয়া বক্তব্যটি চিন্তা করুন ঃ যদি না আমি শাস্ত্র এবং সাধারণ কারণ দ্বারা প্রভাবিত হই — আমার বিবেক ঈশ্বরের বাক্য দ্বারা বন্দী। আমি কোনকিছু পরিত্যাগ করতে পারি না এবং আমি করব না, কারণ বিবেকের বিরুদ্ধে যাওয়া ঠিক-ও নয় নিরাপদও নয়। ঈশ্বর আমাকে সাহায্য কর। আমেন। পৌলের অভিজ্ঞতাগুলি পরিচয় করিয়ে দিতে ভূমিকা হিসাবে এটা ব্যবহার করুন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌলকে যিহুদীদের ধার্মিক কাউন্সিলের (স্যানহেড্রিন) সামনে আনা হয়েছিল।<br>২। সেখানে প্রচণ্ড ঝামেলা হয়েছিল কারণ পৌল পুনরুত্থানের কথা উল্লেখ করেছিলেন; কয়েকজন বিশ্বাস করেছিল কিন্তু অন্যেরা করে নি কাজেই সেখানে বিক্ষোভ ও দাঙ্গাহাঙ্গামা হয়েছিল। **(২২:৯)**<br>৩। পৌলের জীবনে বিপদ ছিল কাজেই তাঁকে রোমীয় সেনাপতি দ্বারা উদ্ধার করা হয়েছিল।<br>৪। সেই রাতে প্রভু পৌলের পাশে দাঁড়ালেন এবং তাঁকে বলেছিলেন সাহসী হতে কারণ তিনি সুসমাচার বিস্তার করতে রোমে যাবেন।<br>৫। কয়েকজন যিহুদী প্রতিজ্ঞা করেছিল যে তারা কিছু খাবে না এবং পান করবে না যতক্ষন না পৌলের মৃত্যু হয় এবং তারা তাঁকে হত্যা করতে এক চক্রান্ত তৈরী করেছিল।<br>৬। সৌভাগ্যবশতঃ পৌলের ভাগ্নে চক্রান্তের বিষয় শুনেছিল, সেনাপতিকে বলেছিল এবং তিনি পৌলকে পাহারায় রেখেছিলেন আর কৈসরিয়ায় নিয়ে গিয়েছিলেন।<br>৭। পৌলকে তারপর রোমীয় দেশাধ্যক্ষ, ফীষ্টের সামনে উপস্থিত হতে হয়েছিল, এবং আর একবার তিনি সুসমাচারটি ব্রাখ্যা করেছিলেন।<br>৮। ফীলিক্স-এর কাছে পৌল যে বার্তা প্রচার করেছিলেন এবং আজ আমাদের জন্য তার প্রসঙ্গটির উপর জোর দিন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পৌল যিরূশালেমে বন্দী হন এবং ফীষ্টের সামনে পৌলের বিচার (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌলকে তাঁর নিজের নিরাপত্তার জন্য কৈসরিয়াতে নেওয়া হয়েছিল এবং দেশাধ্যক্ষ ফীলিক্স-এর কাছে আনা হয়েছিল।<br>২। তারপর ফীলিক্স-এর সামনে বিচার হয়েছিল যখন যিহুদী নেতারা মন্দির অশুচি করার এবং বিক্ষোভ ঘটাবার জন্য তাঁকে দোষী করেছিল?<br>৩। পৌল তাঁর দোষারোপকারীদের উত্তর দিয়েছিলেন, এবং ফীলিক্স-এর সাথে তাঁর আর একটি সাক্ষাতকার হয়েছিল যখন তিনি খ্রীষ্ট যীশুতে বিশ্বাসের বিষয়ে পরিষ্কারভাবে বলেছিলেন। **(২৪:২৪)**<br>৪। পৌলকে দুই বছরের জন্য জেলে রেখে দেওয়া হয়েছিল যতদিন না আরেকজন দেশাধ্যক্ষ এসেছিলেন।<br>৫। এবার পৌল ফীষ্ট-এর সামনে উপস্থিত হন এবং আবার যিহুদী নেতারা আসে এবং তাঁকে দোষী করে। পৌল যিরূশালেমে যেতে অস্বীকার করেন এবং কৈসরের কাছে আবেদন করেন এবং ফীষ্ট বলেন তিনি রোমে যাবেন।<br>৬। পৌল কিভাবে ফীলিক্স-এর সামনে নিজেকে প্রতিরোধ করেন তা আলোচনা করুন।<br>৭। ভেবে দেখুন কেন ফীলিক্স পৌলের প্রচারে ভয় পেয়েছিলেন। **(২৪:২৫)**<br>৮। চিন্তা করুন পৌল কেন কৈসরের কাছে আবেদন করেছিলেন এবং তার অর্থ কি।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — ফীষ্টের সামনে পৌলের বিচার (I)** |
| পুনরালোচনা করুন | 'ঈশ্বরের প্রতিজ্ঞার উপর অপেক্ষা করা' নামে পৌলের জন্য একটা ডায়েরী লিখুন। | 'পৌল যীশু খ্রীষ্টের পক্ষে দাঁড়ান' নাম দিয়ে একটা দেওয়াল লেখনী তৈরী করুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। রাতের বেলা ঈশ্বর পৌলকে যে প্রতিজ্ঞা দিয়েছিলেন সে বিষয় চিন্তা করুন। প্রতিজ্ঞাটি পূর্ণ হতে কোনকিছু বা কেউ কি তা থামাতে পারে? এটা আজ কিভাবে আমাদের উৎসাহিত করে?<br>২। ঈশ্বরের বাক্য শুনে ফীলিক্স কেঁপে উঠেছিলেন এবং ভয় পেয়েছিলেন। **(প্রেরিত ২৪:২৫)** ঈশ্বরের বাক্যতে আমরা কি কেঁপে উঠি? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। **২ তীমথিয় ২:৩ পদটি** পড়ুন এবং প্রতিফলিত করুন। খ্রীষ্টান হিসাবে আমরা যে কষ্ট সহ্য করেছি তার একটা তালিকা প্রস্তুত করুন। এই তালিকাটি ছাড়াও লক্ষ্য করুন কিভাবে ঈশ্বর আমাদের উৎসাহিত করেছেন এবং কঠিন সময়ের মধ্য দিয়ে আমাদের নিয়ে এসেছেন।<br>২। সুসমাচার প্রচার সাহায্য করতে পৌল তাঁর রোমীয় নাগরিকত্ব ব্যবহার করেছিলেন। কিভাবে আমরা সুসমাচার ছড়াতে আমাদের সুযোগগুলি ব্যবহার করি যা আমরা উপভোগ করি? |

| | এ১১ - ৩ নং স্তর<br>৩ নং পাঠ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - রাজার সম্মুখে | এ১১ - ৪ নং স্তর<br>৩ নং অধ্যয়ণ - পৌলের বিচার<br>মূল বিষয় - কৈসরিয়া এবং রাজা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ২৫:১৩-২২; ২৬:১৩-৩২**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ২৫:২২**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। এখন ফীষ্ট-এর সামনে পৌলকে নিজেকে প্রতিহত করতে হয়েছিল।<br>২। আগ্রিপ্প রাজা খ্রীষ্টান হতে প্রায় প্রভাবিত হয়েছিলেন। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ২৫:১৩-২৪; ২৬:১-৩২**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ২৬:২৮**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর পৌলের জীবনে হস্তক্ষেপ করছিলেন। ফীষ্ট পৌলকে মৃত্যুর অযোগ্য মনে করেছিলেন যখন আগ্রিপ্প ভেবেছিলেন তাঁকে করা উচিত।<br>২। পৌল পরিষ্কারভাবে সুসমাচারের বার্তা ঘোষণা করেছিলেন এবং খ্রীষ্টান হতে আগ্রিপ্পকে প্রভাবিত করার আশা করেছিলেন। |
| পরিচয় করান | ছাত্রছাত্রীদের জিজ্ঞাসা করুন একজন খ্রীষ্টান হতে পারে এ বিষয়ে তারা কিভাবে চিন্তা করে? ব্যাখ্যা করুন জোর করে কোন মানুষ খ্রীষ্টান হয় না। খ্রীষ্টান হতে মানুষকে প্রভাবিত করার গুরুত্বটি আলোচনা করুন। আপনার অভিজ্ঞতা থেকে উদাহরণ দিন যে কিভাবে মানুষকে কোন কোন সময় জিনিসগুলি করবার জন্য জোর করা হয়, কিন্তু যা করতে তাদের জোর করা হয় সেই জিনিসগুলি করতে তারা অপ্রভাবিত থেকে যায়। | আমাদের খ্রীষ্টিয় বিশ্বাসে যে ধরনের বিরোধিতার সম্মুখীন আমরা হতে পারি সে বিষয়ে কথা বলুন। ছাত্রছাত্রীরা কিভাবে তা আয়ত্ত করতে পারে? **লূক ২১:১২-১৫ পদে** খ্রীষ্টের শিষ্যদের কাছে যে প্রতিজ্ঞা করা হয়েছিল তার উপর প্রতিফলিত করুন। ভেবে দেখুন কিভাবে এইগুলি এই অধ্যয়ণে পূর্ণ করা যাবে। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল দুই বছর ধরে কারাগারে থেকেছেন। এখন একজন নতুন দেশাধ্যক্ষ ফীষ্ট এসেছেন। যিহুদীরা চেয়েছিল তিনি যেন বিচারের জন্য পৌলকে যিরূশালেমে আনেন, কিন্তু পৌল চেয়েছিলেন তাঁর বিচার যেন রোমে হয়।<br>২। আগ্রিপ্প রাজা এবং তাঁর স্ত্রী বর্ণীকী কৈসরিয়ায় পৌঁছলেন এবং বন্দী পৌলের বিষয় শুনতে চেয়েছিলেন।<br>৩। পৌলকে আগ্রিপ্পর সামনে আনা হল।<br>৪। পৌল তাঁর জীবনের কাহিনী তাঁর কাছে ব্যাখ্যা করেন। **(২৬:১-২৩)**<br>৫। ফীষ্ট বলেন পৌল পাগল! আগ্রিপ্প স্বীকার করেন যে তিনি খ্রীষ্টান হতে প্রায় প্রভাবিত হয়েছিলেন। উভয়েই রাজী হন পৌলকে মুক্ত করা যেতে পারে কিন্তু যেহেতু তিনি কৈসরের কাছে আবেদন করেছিলেন তাই তাঁকে রোমে যেতে হয়েছিল।<br>৬। ফীষ্টের সামনে পৌলের প্রতিরোধ এবং তাঁর রায়ে জোর দিন। **(২৬:২৪-২৫)** ভেবে দেখুন, এটাও পৌল কিভাবে খ্রীষ্টান হতে আগ্রিপ্পকে প্রভাবিত করেছিলেন।<br>৭। চিন্তা করুন সেই বিষয়ে যে পৌল কিভাবে আগ্রিপ্পর স্বীকারোক্তিতে সাড়া দিয়েছিলেন। **(২৬:২৯)**<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — ফীষ্ট এবং আগ্রিপ্পর সামনে পৌলের বিচার (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল দুই বছর দূরে কারাগারে থেকেছেন। এখন একজন নতুন দেশাধ্যক্ষ ফীষ্ট এসেছেন। যিহুদীরা চেয়েছিল তিনি যেন বিচারের জন্য পৌলকে যিরূশালেমে আনেন, কিন্তু পৌল চেয়েছিলেন তাঁর বিচার যেন রোমে হয়।<br>২। আগ্রিপ্প রাজা এবং তাঁর স্ত্রী বর্ণীকী কৈসরিয়ায় পৌঁছলেন এবং বন্দী পৌলের বিষয় শুনতে চেয়েছিলেন। পৌলকে আগ্রিপ্পর সামনে আনা হয়েছিল।<br>৩। পৌল তাঁর জীবনের কাহিনী তাঁর কাছে ব্যাখ্যা করেন। **(২৬:১-২৩)**<br>৪। ফীষ্ট বলেন পৌল পাগল! আগ্রিপ্প স্বীকার করেন যে তিনি খ্রীষ্টান হতে প্রায় প্রভাবিত হয়েছিলেন। উভয়েই রাজী হন পৌলকে মুক্ত করা যেতে পারে কিন্তু যেহেতু তিনি কৈসরের কাছে আবেদন করেছিলেন তাই তাঁকে রোমে যেতে হয়েছিল।<br>৫। ফীষ্টের সামনে পৌলের প্রতিরোধ এবং তাঁর রায়ে জোর দিন। **(২৬:২৪-২৫)** ভেবে দেখুন, এটাও পৌল কিভাবে খ্রীষ্টান হতে আগ্রিপ্পকে প্রভাবিত করেছিলেন।<br>৬। চিন্তা করুন সেই বিষয়ে যে পৌল কিভাবে আগ্রিপ্পর স্বীকারোক্তিতে সাড়া দিয়েছিলেন। **(২৬:২৯)**<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — ফীষ্ট এবং আগ্রিপ্পর সামনে পৌলের বিচার (I)** |
| পুনরালোচনা করুন | 'প্রায় প্রভাবিত' নাম দিয়ে একটা মণ্ডলীর পোষ্টার তৈরী করুন। | অধ্যয়ণটির উপর প্রতিফলিত করুন এবং নীচের বক্তব্যটি আলোচনা করুন ঃ 'প্রভাবিত হওয়া' জোর করে হওয়ার চেয়ে অনেক বেশী ভাল কিভাবে এই বক্তব্যটি অধ্যয়ণে আমরা যা শিখেছি তার সাথে সম্পর্কযুক্ত? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। এই পাঠ্যাংশে সুসমাচারের প্রতি পৌলের অভিগমন কিভাবে আমাদের উদ্বুদ্ধ করে তা ভেবে দেখুন। আমাদের অভিগমনে কি সমন্বয় ঘটানো যেতে পারে?<br>২। একটা শ্রেণীকক্ষ বিতর্কসভা প্রস্তুত করুন যেখানে একজন ছাত্র অন্যকে খ্রীষ্টান হতে প্রভাবিত করতে চেষ্টা করবে। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। প্রেরিতদের পুস্তক সুসমাচারের বার্তার প্রতি যিহুদী কর্তৃপক্ষদের এবং রোমীয় কর্তৃপক্ষদের মনোভাবের পার্থক্যটি দেখান। সুসমাচারের বার্তার প্রতি মানুষের সাড়ার বিষয়ে এটা থেকে কি শিক্ষা শেখা যেতে পারে?<br>২। সুসমাচারের বার্তাটি বলতে আমাদের অভিগমনের বিষয়ে আজকের পাঠটি কিভাবে আমাদের উদ্বুদ্ধ করে তা ভেবে দেখুন। |

| | এ১১ - ৩ নং স্তর<br>৪ নং পাঠ - পৌলের দুঃসাহসিক অভিযান<br>মূল বিষয় - জাহাজডুবি | এ১১ - ৪ নং স্তর<br>৪ নং অধ্যয়ণ - পৌলের বিচার<br>মূল বিষয় - ভূমধ্যসাগরে জাহাজডুবি |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ২৭:১৩-১৪; ২০-৪৪; ২৮:১-৯**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ২৭:২৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। জীবনে আমরা যে পরিস্থিতির সম্মুখীন হই তার প্রত্যেকটির মধ্যে আমাদের সাহায্য করতে ঈশ্বর প্রতিজ্ঞা করেন।<br>২। ঈশ্বরের উদ্দেশ্যগুলি সর্বদাই পূর্ণ হয়। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ২৭:১-৪৪; ২৮:১-১০, ২৮-৩১**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ২৭:২৪-২৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। জীবনে আমরা যে পরিস্থিতির সম্মুখীন হই তার প্রত্যেকটির মধ্যে আমাদের সাহায্য করতে ঈশ্বর প্রতিজ্ঞা করেন।<br>২। কারও কারও দ্বারা সুসমাচার প্রত্যাখ্যানের ফল অন্যদের জন্য সুসমাচার শোনার সুযোগ। |
| পরিচয় করান | ছাত্রছাত্রীদের জিজ্ঞাসা করুন তারা কখনও ঝড়ের অভিজ্ঞতা লাভ করেছে কিনা। অনুসন্ধান করুন তারা কেমন অনুভব করেছিল এবং তারা ঈশ্বরের উদ্ধারের জন্য প্রার্থনা করেছিল কি না। পরিবেশটি তৈরী করুন এবং পৌলের জাহাজডুবির সাথে তাদের অভিজ্ঞতাগুলি সম্পর্কযুক্ত করুন। | ছাত্রছাত্রীদের সাথে ভয়ের ধারণাটি নিয়ে আলোচনা করুন। তাদের সবচেয়ে খারাপ ভয়গুলি তাদের বর্ণনা করতে বলুন। ভয়পূর্ণ পরিস্থিতির মধ্যে ঈশ্বরের প্রতিজ্ঞার গুরুত্বটি ভেবে দেখুন। **(গীতসংহিতা ২৩:৪)** |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল এবার রোমে যেতে জলপথে ভ্রমণ করেন। পৌল শীতকালে যাত্রাই চালিয়ে না যেতে তাদের পরামর্শ দিয়েছিলেন কিন্তু কেউ তাঁর কথা শোনে নি।<br>২। সেখানে প্রচণ্ড ঝড় উঠেছিল যা অনেকদিন যাবত টিঁকে ছিল। এক রাতে পৌল একটা স্বপ্ন দেখেছিলেন এবং সেখানে বলা হয়েছিল যে জাহাজের সকলে নিরাপদ থাকবে। তিনি প্রত্যেককে বলেছিলেন তাঁর ঈশ্বরে বিশ্বাস আছে এবং যেমন বলা হয়েছে তেমন প্রত্যেকটি জিনিসই ঘটবে।<br>৩। শেষ পর্যন্ত তারা যখন মিলিতার কাছাকাছি এসেছিল, জাহাজটি আটকে গিয়েছিল এবং ২৭৬ জনের সকলে নিরাপদে পাড়ে উঠেছিল।<br>৪। মিলিতার লোকেরা তাদের প্রতি প্রচুর দয়া দেখিয়েছিল এবং পৌল দ্বীপে কিছু আশ্চর্য্য কাজ করেছিলেন।<br>৫। ঝড়ের সময় কিভাবে ঈশ্বর পৌলকে উৎসাহিত করেছিলেন তার উপর জোর দিন।<br>৬। জোর দিন কিভাবে খ্রীষ্টানরা কষ্টভোগ থেকে মুক্ত নয়।<br>৭। ভেবে দেখুন যখন আমরা জীবন ঝড়ের মধ্য দিয়ে যাই, তখন কিভাবে আমরা প্রভুর উপস্থিতি এবং ক্ষমতাও জানতে পারি।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পৌলের জাহাজডুবি (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৌল এবার রোমে যেতে জলপথে ভ্রমণ করেন। তারা এরই মধ্যে ক্রীতে অসুবিধার অভিজ্ঞতা লাভ করছিলেন কাজেই পৌল শীতকালে যাত্রাটি চালিয়ে না যেতে তাদের পরামর্শ দিয়েছিলেন কিন্তু কেউ তাঁর কথা শোনে নি।<br>২। সেখানে প্রচণ্ড ঝড় উঠেছিল যা অনেকদিন যাবৎ টিঁকে ছিল। নাবিকরা রক্ষা পাওয়ার আশা ছেড়ে দিয়েছিল।<br>৩। এক রাতে পৌল একটা স্বপ্ন দেখেছিলেন এবং সেখানে বলা হয়েছিল যে জাহাজের সকলে নিরাপদ থাকবে। তিনি প্রত্যেককে বলেছিলেন তাঁর ঈশ্বরে বিশ্বাস আছে এবং যেমন বলা হয়েছে তেমন প্রত্যেকটি জিনিসই ঘটবে। ১৪ দিন না খেয়ে থাকার পর পৌল তাদের খেতে উৎসাহ দিলেন এবং তারপর তারা পাড়ের দিকে পৌঁছতে শুরু করল।<br>৪। শেষ পর্যন্ত তারা যখন মিলিতার কাছাকাছি এসেছিল, জাহাজটি আটকে গিয়েছিল এবং ২৭৬ জনের সকলে নিরাপদে পাড়ে উঠেছিল।<br>৫। মিলিতার লোকেরা তাদের প্রতি প্রচুর দয়া দেখিয়েছিল এবং পৌল দ্বীপে কিছু আশ্চর্য্য কাজ করেছিলেন।<br>৬। শেষ পর্যন্ত তারা রোমে পৌঁছেছিল, এবং পৌল গৃহবন্দী ছিলেন কিন্তু প্রভু যীশুর কথা লোকদের বলতে সুযোগটি ব্যবহার করেছিলেন।<br>৭। ঝড়ের সময় কিভাবে ঈশ্বর পৌলকে উৎসাহিত করেছিলেন তার উপর জোর দিন।<br>৮। জোর দিন কিভাবে খ্রীষ্টানরা কষ্টভোগ থেকে মুক্ত নয়।<br>৯। ভেবে দেখুন যখন আমরা জীবন ঝড়ের মধ্য দিয়ে যাই, তখন কিভাবে আমরা প্রভুর উপস্থিতি এবং ক্ষমতাও জানতে পারি।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পৌলের জাহাজডুবি (I)** |
| পুনরালোচনা করুন | ছাত্রছাত্রীদের কল্পনা করতে বলুন তারা পৌল। তাদের বলুন একজন বন্ধুকে একটা চিঠি লিখতে যে সমস্যার অভিজ্ঞতা লাভ করছেন এবং ঈশ্বর কিভাবে ঝড়ের মধ্য দিয়ে রোমের পথে তাদের এনেছিলেন তা তাদের সম্পর্কযুক্ত করতে বলুন। বন্ধুটিকে উৎসাহিত করতে ওই অভিজ্ঞতাটি ব্যবহার করুন। | **২ করিন্থীয় ১১:২১-২৩ এবং ২ তীমথিয় ৪:১৬-১৮ পদ** পড়ুন। ছাত্রছাত্রীদের সাথে আলোচনা করুন কিভাবে এই দুইটা পাঠ্যাংশ পরস্পরের সাথে সম্পর্কযুক্ত। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। জিজ্ঞাসা করুন পৌলের জাহাজডুবির গল্প কিভাবে আমাদের উদ্বুদ্ধ ও উৎসাহিত করে।<br>২। কিভাবে ঈশ্বর কঠিন সময়ের মধ্য দিয়ে মানুষকে উদ্ধার করেছিলেন এ বিষয়ে অন্য বাইবেলের গল্প থেকে কি শিক্ষা লাভ করা যেতে পারে, উদাহরণস্বরূপ, যোষেফ, দানিয়েল ইত্যাদি।<br>৩। আমাদের জীবনে ঈশ্বরের সার্বভৌমতার জন্য তাঁর প্রতি ধন্যবাদের প্রার্থনা তৈরী করুন। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। পৌলের জীবনে ঘটনাগুলির উপর প্রতিফলিত করুন যা আপনি অধ্যয়ণ করেছেন এবং কিভাবে তাঁর জীবনে ঈশ্বরের বিশ্বস্ততা আলোকিত করে লক্ষ্য করুন।<br>২। 'অধ্যবসায়' শব্দটির অভিধানের অর্থের দিকে দৃষ্টি দিন। কিভাবে তা পৌলের জীবনে দেখা যায়? ছাত্রছাত্রীদের উদ্বুদ্ধ করুন যে কিভাবে তারা পৌলের সাথে এই বিষয়টি তুলনা করবে। |

| | এ১২ - ৩ নং স্তর<br>১ নং পাঠ - প্রথম খ্রীষ্টানগন<br>মূল বিষয় - অসম্ভব | এ১২ - ৪ নং স্তর<br>১ নং অধ্যয়ণ - পরিত্রাতার জন্ম<br>মূল বিষয় - স্বর্গদূতের বার্তা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ লূক ১:৫-২০, ৫৭-৬৬**<br>**মূল পদ ঃ লূক ১:৩৭**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। সখরিয় এবং ইলিশাবেত এক বৃদ্ধ দম্পতি ছিলেন যাঁরা অভিজ্ঞতা লাভ করেছিলেন যে ঈশ্বর তাঁদের প্রার্থনার উত্তর দিয়েছিলেন।<br>২। ঈশ্বরের পক্ষে কোনকিছুই অসম্ভব নয়। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ মথি ১:১৮-২৫ এবং লূক ১:২৬-৩৮**<br>**মূল পদ ঃ মথি ১:২১**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। যীশুর জন্মের কথা স্বর্গদূত দ্বারা নিখুঁতভাবে ভবিষ্যতবাণী করা হয়েছিল যিনি হবু বাবাকে তাঁর জীবনের বিষয়ে গুরুত্বপূর্ণ বিবরণ বলেছিলেন।<br>২। মরিয়মকেও বলা হয়েছিল যে সে পবিত্র আত্মা দ্বারা একটি শিশুকে গর্ভে ধারণ করবে। |
| পরিচয় করান | এই বিষয়ে কথা বলুন যে কোন কোন সময় মানুষকে কিভাবে অপেক্ষা করতে হয় দেখবার জন্য যে ঈশ্বর তাদের প্রার্থনার উত্তর দেন। সখরিয় ও ইলিশাবেতের পরিস্থিতি ব্যাখ্যা করুন এবং কিভাবে তাঁদের প্রার্থনার উত্তর পেতে অনেকদিন তাঁদের অপেক্ষা করতে হয়েছিল যা কার্যতঃ অসম্ভব বলে মনে হয়েছিল। | সেই উপায়গুলির বিষয়ে চিন্তা করুন যেখানে বড় বড় ঘটনাগুলি ঘটবার সাথে সাথেই পৃথিবীর চারিদিকে ছড়িয়ে পড়ে। যাই হোক ঘটনাটি ঘটবার আগে কেউই বলতে পারে না ঠিক কি ঘটবে। কিন্তু ঈশ্বর পারেন। প্রভু যীশুর জন্মের বিষয়ে যোষেফ এবং মরিয়ম উভয়কেই তাঁর জন্মের আগে ঈশ্বর থেকে বার্তা দেওয়া হয়েছিল। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ব্যাখ্যা করুন যে সখরিয় এবং ইলিশাবেত সন্তান চেয়েছিলেন। ছাত্রছাত্রীদের মনে করিয়ে দিন বাইবেলের সময়ে মধ্য প্রাচ্যে যদি কারও সন্তান না হোত তবে তাদের কি লজ্জা এবং যন্ত্রণার অভিজ্ঞতা লাভ করতে হোত।<br>২। একজন যাজক হিসাবে, সখরিয়ের মন্দিরের ভিতরে কাজ করার সুযোগ ঘটেছিল।<br>৩। এক স্বর্গদূত তাঁর কাছে উপস্থিত হয়েছিল এবং সখরিয় ভয় পেয়েছিলেন। স্বর্গদূত তারপর তাঁকে বলে যে ইলীশাবেতের একটি ছেলে হবে যে প্রভুর দৃষ্টিতে মহান হবে, এবং প্রভুর জন্য লোকদের প্রস্তুত করবে। **(লূক ১:১৭)**<br>৪। সখরিয় বলেন সন্তান হওয়ার জন্য তাঁদের অনেক বয়স হয়েছে। স্বর্গদূত বলে যেহেতু তিনি ঈশ্বরের বাক্য বিশ্বাস করলেন না যেহেতু ঘটনাটি না ঘটা পর্য্যন্ত তিনি কথা বলতে অক্ষম থাকবেন।<br>৫। শিশুটির যখন জন্ম হল ইলিশাবেত বলেন তাঁকে যোহন নামে ডাকা হবে এবং সখরিয় সম্মতি জানান। যখনই তিনি তা করলেন, তখনই তিনি কথা বলতে সক্ষম হলেন আর যোহন যা করবে সে বিষয়ে ভাববাণী করেন।<br>৬। প্রতিবেশী ইত্যাদি মানুষের সাড়াটি ভেবে দেখুন। **(১:৬৫-৬৬)**<br>৭। স্বর্গদূতের বার্তার কাছে সখরিয়ের সাড়ার সাথে ইলিশাবেতের সাড়াটি তুলনা করুন। এটার জন্য কি শেখা যেতে পারে?<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই —যোহন বাপ্তাইজকের জন্ম (l)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। মরিয়ম ও যোষেফের মধ্যে বিয়ের জন্য বাগদান হয়েছিল। তারপর মরিয়ম এক স্বর্গদূতের কাছ থেকে একটি বার্তা পায় যে সে পবিত্র আত্মা দ্বারা গর্ভবতী হয়ে এক পুত্রসন্তানের জন্ম দিবে।<br>২। যোষেফ যখন তা শুনতে পায় তখন গোপনে তাকে ছেড়ে দিতে চায়। যাইহোক স্বপ্নে তাকে শিশুটির জন্মের বিষয়ে, তাঁর জন্ম নেবার কারণ, এবং তাঁর জন্মের সময় যে ভাববাণী পূর্ণ হবে সে বিষয়ে বলা হয়েছিল।<br>৩। যোষেফ এবং মরিয়ম উভয়ে বার্তাটি বিশ্বাস করেছিল যা তারা পেয়েছিল, এবং যেমন নির্দেশ দেওয়া হয়েছিল তেমনি যোষেফ শিশুটির নাম যীশু রেখেছিল 'কারণ তিনি তাঁর মানুষদের তাদের পাপ থেকে উদ্ধার করবেন'।<br>৪। ভেবে দেখুন ঃ ক। কেন যীশু পবিত্র আত্মা দ্বারা আশ্চর্য্য উপায়ে গর্ভে ধারিত হয়েছিলেন এবং স্বাভাবিক উপায়ে হন নি? খ। কেন মরিয়ম ও যোষেফকে তাঁর জাগতিক পিতা-মাতা হিসাবে মনোনীত করা হয়েছিল? (তাঁদের পূর্বপুরুষদের তালিকাটি দেখুন — **মথি ১ এবং লূক ৩ অধ্যায়)** গ। কেন ঈশ্বর তাঁর একমাত্র পুত্রকে এই জগতে পাঠানো বেছে নিয়েছিলেন?<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — যীশুর জন্ম (l)** |
| পুনরালোচনা করুন | 'অসম্ভব সম্ভবে পরিণত হয়েছিল' শিরোনামের অধীনে ছাত্রছাত্রীদের সেই জিনিসগুলি লিখতে অধিকার দিন যা প্রকৃতপক্ষে ঘটেছে (বিশেষতঃ বাইবেল থেকে উদাহরণগুলি) এমন কি যদিও তারা মনে করেছিল সেগুলি অসম্ভব ছিল। নীচে লিখুন : ঈশ্বর তোমাকে ধন্যবাদ। | আজকের অধ্যয়ণ থেকে আপনি কি সরিয়ে নিতে এবং আপনার জীবনে প্রয়োগ করতে পারেন? প্রভু যীশুর আসার বৈশিষ্ট্যমূলতা আমাদের কাছে কি? সকলের জন্য তোমাকে ধন্যবাদ প্রার্থনাটি প্রস্তুত করুন যা ঈশ্বর তাঁর পুত্রকে পাঠিয়ে করেছেন।<br>**২ করিন্থীয় ৯:১৫** |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। এই অধ্যয়ণের ফলস্বরূপ কি শেখ হয়েছে?<br>২। আপনি কি মনে করেন আজও স্বর্গদুত দেখা দেয়? কেন/কেন নয়? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। ঈশ্বর আপনাকে বা আপনি এমন কাউকে কি কখনও এমন কথা বলেছিলেন যা বিশ্বাস বা নির্ভর করা কঠিন?<br>২। এই অধ্যয়ণটির জন্য বাইবেল পড়ায় আমরা কি ভাববাণী পড়েছি যা পূর্ণ হয়েছিল যখন প্রভু যীশু এসেছিলেন? |

| | এ১২ - ৩ নং স্তর<br>২ নং পাঠ - প্রথম বড়দিন<br>মূল বিষয় - এক বিশেষ কাজ | এ১২ - ৪ নং স্তর<br>২ নং অধ্যয়ণ - পরিত্রাতার জন্ম<br>মূল বিষয় - সম্রাটের আদেশ |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ লূক ১:২৬-৩৮**<br>**মূল পদ ঃ লূক ১:৩৮**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। মরিয়ম ও যোষেফ এক অতি বিশেষ দম্পতি ছিলেন, যাদের ঈশ্বর এক আশ্চর্যজনক উপায়ে ব্যবহার করেছিলেন।<br>২। ঈশ্বরের পুত্র, যীশুর জন্ম এক আশ্চর্য কাজ। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ লূক ২:১-৭**<br>**মূল পদ ঃ লূক ২:৭**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। রোম সাম্রাজ্যের যে শাসনকর্তা ছিল তাঁকে কৈসর বলা হত।<br>২। কৈসর এক আদেশ জারী করেছিলেন যার অর্থ ছিল মরিয়ম ও যোষেফকে নাম লিখতে বেতলেহেমে যেতে হবে। এটা পুরাতন নিয়মের ভাববাণী পূর্ণ করেছিল। |
| পরিচয় করান | সত্যটির বিষয় চিন্তা করুন যেখানে একটি শিশু জন্ম নিল। প্রথম জিনিসগুলির মধ্যে একটি হোল শিশুটির একটি নাম দেওয়া। যীশুর অনেক নাম বা উপাধি আছে। লূক ১ ও ২ অধ্যায় এবং মথি ১ ও অধ্যায়ে যীশুর জন্মের বিবরণে এক ঝলক দৃষ্টি দিন এবং তাঁর নাম এবং উপাধির মধ্যে কয়েকটির তালিকা করুন। কোনটা আপনি সবচেয়ে বেশী পছন্দ করেন এবং কেন? | ছোট ছোট দলে যতগুলি জায়গার নাম বাইবেল পড়ায় উল্লেখ করা আছে সেগুলি লিখুন। একই জিনিস করুন নামগুলির জন্য। বাইবেল পাঠ-এ পুনরায় পড়ার দ্বারা আপনার উত্তরগুলি মিলিয়ে নিন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। মরিয়ম সম্ভবতঃ একজন কিশোরী ছিল যার যোষেফের সাথে বাগদান হয়েছিল।<br>২। স্বর্গদূত গাব্রিয়েল তাকে দর্শন দেয় এবং সে উদ্বিগ্ন হয় যখন সে শোনে যে ঈশ্বর তাকে প্রচুর অনুগ্রহ করেছেন।<br>৩। স্বর্গদূত তাকে বলে সে একটি শিশুর জন্ম দিবে যার নাম রাখা হবে যীশু। তিনি পরাৎপরের পুত্র এবং তাঁর পূর্বপুরুষ দায়ূদের সিংহাসন তাঁকে দেওয়া হবে।<br>৪। মরিয়ম উদ্বিগ্ন হয় যেহেতু সে তখনও কুমারী কিন্তু স্বর্গদূত ব্যাখ্যা করে যে শিশুটি পবিত্র আত্মার দ্বারা গর্ভে আসবে।<br>৫। মরিয়মের উত্তর বেশ আশ্চর্যজনক হয়, তিনি বলেন, 'আপনার কথামত আমার প্রতি ঘটুক।'<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — যীশুর জন্ম (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। মরিয়ম এবং যোষেফ উভয়েই দায়ূদ রাজার বংশধর ছিলেন, এবং সেজন্য যখন নাম গণনার জন্য আদেশ দেওয়া হয়েছিল, তখন তাঁদের বেতলেহেমে যেতে হয়েছিল।<br>২। এটা কমপক্ষে ৭০ মাইল উত্তরে ছিল এবং যাত্রাটি খুব কষ্টকর ছিল কারণ মরিয়মের শিশুটি জন্ম দিবার সময় হয়েছিল। অনুমান করা যায় বেতলেহেমে জনতার ভীড় ছিল কাজেই সম্ভবতঃ তাদের কোন প্রকারের আস্তাবল ব্যবহার করতে স্থান নিতে হয়েছিল।<br>৩। এখানে যীশু সবচেয়ে নীচু, জঘণ্যতম জায়গায় জন্ম নিয়েছিলেন।<br>৪। ঠিক মীখা যেমন বলেছিলেন তেমনি বেতলেহেমে জন্ম নিতে যীশুর জন্য যে সংখ্যক জিনিসগুলি ঘটবার কথা ছিল সে বিষয়ে চিন্তা করুন, এবং এই সব পূর্ণ করতে ঈশ্বরের ক্ষমতায় আশ্চর্য্য হন। **(মীখা ৫:২)**<br>৫। **যোহন ৩:১৬ এব গালাতীয় ৪:৪ পড়ুন** এবং এই মহৎ ঘটনাটি বুঝতে প্রত্যেককে সাহায্য করতে এই পদগুলির অর্থের বিষয় চিন্তা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — যীশুর জন্ম (I)** |
| পুনরালোচনা করুন | ১। এই স্বর্গদূতটির নাম কি ছিল?<br>২। খবরটিতে মরিয়মের প্রথম প্রতিক্রিয়া কি ছিল?<br>৩। কিছুক্ষণ পর সে কেমন অনুভব করেছিল? **(৪৬ ও ৪৭ পদ দেখুন)** | ১। আপনি যেখানে বাস করেন সেখান থেকে প্রায় ৭০ মাইল দূরে একটা শহর বা নগরের নাম বলুন।<br>২। ছাত্রছাত্রীরা সেই দূরত্বটি কিভাবে শখ করে হাঁটবে, এমন কি গর্ভবতী না হয়ে?<br>৩। আধুনিক সময়ের জন্মের সাথে যীশুর জন্মের চারিপাশের বিষয়ে কি আলাদা ছিল? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>ছোট ছোট দলে সমস্ত জায়গাগুলির নাম লিখুন যা বাইবেলের অংশটিতে উল্লেখ করা আছে, তারপর ব্যক্তির নামগুলির জন্য একই করুন। অংশটি পুনরায় পড়ার দ্বারা ভাল করে দেখুন আপনি কোন নাম বাদ দিয়েছেন কি না। প্রতিটি জিনিসের বৈশিষ্ট্যতার বিষয়ে চিন্তা করুন যা লেখা হয়েছে। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>'গর্ভবতী অবস্থায় অতিরিক্ত ভারগ্রস্ত হয়েও মরিয়ম তার শিশু প্রসব করার আগে ৭০ মাইল যাত্রা করেছিল যে শিশুকে যাবপাত্রে শোয়ানো হয়েছিল'। নাম দিয়ে যোষেফের চিন্তাধারা থেকে একটি রচনা লিখুন। |

| | এ১২ - ৩ নং স্তর<br>৩ নং পাঠ - প্রথম বড়দিন<br>মূল বিষয় - বেতলেহেমে | এ১২ - ৪ নং স্তর<br>৩ নং অধ্যয়ণ - পরিত্রাতার জন্ম<br>মূল বিষয় - মেষপালকদের আগমন |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ লূক ২:১-২০**<br>**মূল পদ ঃ লূক ২:১১**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। এটা ছিল ঈশ্বরের পরিকল্পনা যে যীশু গরীব এবং কঠিন পরিস্থিতির মধ্যে জন্ম নিবেন।<br>২। যে সব ঘটেছিল তার উপর ঈশ্বরের নিয়ন্ত্রণ ছিল এবং আজও আছে। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ লূক ২:৮-২০**<br>**মূল পদ ঃ লূক ২:১১**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। স্বর্গদূত মেষপালকদের কাছে উপস্থিত হয়েছিল যখন তারা তাদের প্রতিদিনের কাজে ব্যস্ত ছিল।<br>২। তারা যা শুনেছিল তা বিশ্বাস করেছিল এবং সাথে সাথে সক্রিয় হয়েছিল। |
| পরিচয় করান | ছাত্রছাত্রীদের বলুন ইতিহাসের কয়েকটি মহৎ মহৎ ঘটনার নাম করতে। ব্যাখ্যা করুন যে ঈশ্বরের পুত্রের আসাটি ছিল এক বড় ঘটনা। একটা সময় রেখা আঁকুন যেখানে এই অনুচ্ছেদের সব ঘটনাগুলি দেখায়। | ছোট ছোট দলে এই অনুচ্ছেদটি নাটকে পরিণত করুন। কয়েকটি সাধারণ জিনিস ব্যবহার করুন যেমন মেষপালকদের মাথার জন্য ছোট গামছা। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। মরিয়ম এবং যোষেফ উভয়েই দায়ূদ রাজার বংশধর ছিল আর তাই যখন লোকগণনার জন্য আদেশটি জারী করা হয়েছিল তখন তাদের বেতলেহেমে যেতে হয়েছিল।<br>২। জায়গাটি কমপক্ষে ৭০ মাইল দূরে ছিল এবং যাত্রাটি মরিয়মের জন্য খুব কষ্টকর ছিল যার সন্তান প্রসব করার সময় হয়ে গিয়েছিল।<br>৩। ধরে নেওয়া যায় বেতলেহেমে তখন প্রচুর ভীড় হয়েছিল কাজেই সম্ভবতঃ গোয়ালঘরের মত কোন জায়গায় অথবা গুহায় তাদের জায়গা করে নিতে হয়েছিল। এখানেই সবচেয়ে নীচু, গরীর পরিস্থিতিতে যীশু জন্মেছিলেন।<br>৪। আমরা ধরে নিই জন্মটি রাতে হয়েছিল এবং মেষপালকদের কয়েকজন জেগে ছিল।<br>৫। তারা খ্রীষ্ট প্রভু — পরিত্রাতার জন্মের খবরটি পেয়েছিল।<br>৬। স্বর্গদূতদের এক বিরাট দল মেষপালকদের কাছে উপস্থিত হয়েছিল যারা ঈশ্বরের প্রশংসা করছিল।<br>৭। মেষপালকরা বেতলেহেমে যাবার সিদ্ধান্ত নিয়েছিল এবং কি ঘটেছে তা দেখতে চেয়েছিল। তারা মরিয়ম ও যোষেফ এবং শিশুটিকে খুঁজে পেয়েছিল।<br>৮। তারা যা দেখেছিল সেই সব খবর ছড়িয়ে দিয়েছিল এবং তারপর ঈশ্বরের প্রশংসা ও গৌরব করতে করতে ফিরে এসেছিল।<br>৯। স্বর্গদূতরা যে প্রথম শুভেচ্ছাটি দিয়েছিল যা এখানে এবং বাইবেলের অন্য জায়গায় যেমন রেকর্ড করা আছে তা ভেবে দেখুন।<br>১০। যুব দম্পতি তাদের যাত্রায় কেমন অনুভব করেছিল তা একবার চিন্তা করুন।<br>১১। মেষপালকদের গল্পটি থেকে যে শিক্ষা লাভ করা যেতে পারে সেগুলি আলোচনা করুন।<br><br>**মুল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — মেষপালকরা যীশুর জন্মের কথা শোনে (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। আমরা ধরে নিই জন্ম রাতে হয়েছিল এবং মেষপালকরাই কয়েকজন যারা জেগে ছিল।<br>২। তারা খ্রীষ্ট প্রভু — পরিত্রাতার জন্মের খবরটি পেয়েছিল।<br>৩। স্বর্গদূতদের এক বিরাট দল মেষপালকদের কাছে উপস্থিত হয়েছিল যারা ঈশ্বরের প্রশংসা করছিল।<br>৪। মেষপালকরা বেতলেহেমে যাবার সিদ্ধান্ত নিয়েছিল এবং কি ঘটেছে তা দেখতে চেয়েছিল। তারা মরিয়ম ও যোষেফ এবং শিশুটিকে খুঁজে পেয়েছিল, ঠিক যেমন তাদের বলা হয়েছিল।<br>৫। তারা যা দেখেছিল সেই সব খবর ছড়িয়ে দিয়েছিল এবং তারপর ঈশ্বরের প্রশংসা ও গৌরব করতে করতে ফিরে এসেছিল।<br>৬। ভেবে দেখুন যে ঈশ্বর স্বর্গদূতের মাধ্যমে এই মানুষদের কাছে উপস্থিত হয়েছিলেন যারা কাজ করছিল। আজও তিনি আমাদের সাথে কথা বলতে পারেন যখন আমরা আমাদের দৈনন্দিন জীবনে চলাফেরা করি।<br>৭। ঈশ্বর আমাদের জন্য কি করেছেন যখন আমরা তা শুনি তখন সে বিষয়ে আমাদের অন্যকে বলা উচিত।<br><br>**মুল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — মেষপালকরা যীশুর জন্মের কথা শোনে (I)** |
| পুনরালোচনা করুন | **এই প্রশ্নগুলির উত্তর দিন।**<br>১। কেন আপনি মনে করেন ১০ পদের মত স্বর্গদূতরা মানুষকে শুভেচ্ছা জানায়?<br>২। আপনি কি মনে করেন আজও ঈশ্বর স্বর্গদূতদের মাধ্যমে মেষপালকদের মত সাধারণ মানুষের সাথে কথা বলেন? কেন/কেন নয়?<br>৩। আপনি কি মনে করেন মরিয়মের মনে কি ছিল? **(১ পদ)** | **এই প্রশ্নগুলির উত্তর দিন।**<br>১। আপনি কেন মনে করেন স্বর্গদূত মেষপালকদের কাছ থেকে চলে যাবার পর তারা এত শীঘ্র সক্রিয় হয়েছিল?<br>২। মেষপালকেরা তাদের শীঘ্র সক্রিয় হওয়ার জন্য ধন্য হয়েছিল। ২০ পদটি কি আপনি আধুনিক দিনের ভাষায় তৈরী করতে পারবেন?<br>৩। মরিয়মের মনে কি ছিল সে বিষয়ে আপনি কি চিন্তা করেন? **(১৯:৪)** |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>মনে করুন আপনি একজন মেষপালক। **৮-১৭ পদ** ব্যবহার করে একটা ডায়েরী লিখুন যেখানে বর্ণনা করা হবে আপনি কি শুনেছেন ও দেখেছেন এবং অনুভব করেছেন। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>ঈশ্বর আমাদের কি বলেছেন এবং কবে বলেছেন সেই জিনিসগুলি রেকর্ড করতে একটা ডায়েরী রাখার কথা ভেবে দেখুন যেন আপনি পিছন ফিরে দেখতে পারেন এবং ঈশ্বর আপনার জীবনে কি করছেন তাতে উৎসাহিত হতে পারেন। |

| | এ১২ - ৩ নং স্তর<br>৪ নং পাঠ - প্রথম বড়দিন<br>মূল বিষয় - মন্দির | এ১২ - ৪ নং স্তর<br>৪ নং অধ্যয়ণ - পরিত্রাতার জন্ম<br>মূল বিষয় - পণ্ডিত ব্যক্তিদের উপহার |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ লূক ২:২২-৪০**<br>**মূল পদ ঃ লূক ২:৩০**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। শিমিয়োন এবং হান্না যীশুর জন্মে আনন্দিত হয়েছিলেন কারণ তাঁরা তার বৈশিষ্ট্যটি বুঝেছিলেন।<br>২। যীশুকে জগতে পাঠাবার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দেওয়া গুরুত্বপূর্ণ। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ মথি ২:১-২৩**<br>**মূল পদ ঃ মথি ২:১১**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। যদিও পণ্ডিতরা মূল্যবান সম্পদ এনেছিল, কিন্তু যীশুই প্রকৃত মূল্যবান সম্পদ।<br>২। এই লোকেরা বুঝেছিল যে যীশু একজন অতি বিশেষ ব্যক্তি। |
| পরিচয় করান | যখন একটা মিশু জন্মায় তখন সব উত্তেজনার বিষয়গুলি চিন্তা করুন। যীশুর জন্মের বিষয়ে কি আলাদা ছিল? ব্যাখ্যা করুন যে যিহুদীদের নিয়ম ছিল শিশুর নাম রাখতে, ত্বকছেদ করতে, এবং মার শুচির জন্য নৈবেদ্য উৎসর্গ করতে এবং ঈশ্বরকে ধন্যবাদ দিতে বাবা-মাকে মন্দিরে যেতে হবে। **(লেবীয় পুস্তক ১৫ অধ্যায়)** | যখন একটা শিশু জন্মায় তখন সব উত্তেজনার বিষয়গুলি চিন্তা করুন। পরিবার এবং বন্ধুবান্ধব নতুন শিশুকে দেখতে যাত্রা করে সে বিষয়ে চিন্তা করুন। পণ্ডিত ব্যক্তিদের এবং তারা যে লম্বা যাত্রা করেছিল তা জানিয়ে দিন।<br>এই গল্পে ঈশ্বর কিভাবে সর্বদা শয়তানের চেয়ে এক পা এগিয়ে ছিলেন সে বিষয়ে চিন্তা করুন। পাঠ্যাংশ থেকে উদাহরণগুলির তালিকা তৈরী করুন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। যীশুর জন্মের পর তাঁকে যিরূশালেমে মন্দিরে নিয়ে যাওয়া হয়েছিল।<br>২। মরিয়ম ও যোষেফ উভয়কেই বলা হয়েছিল শিশুটির নাম যেন যীশু রাখা হয় আর তারা তাই করেছিল। এবার তারা নৈবেদ্য উৎসর্গ করেছিল যেমন নিয়মে তাদের নির্দেশ দেওয়া হয়েছিল।<br>৩। তাদের সাথে শিমিয়োনের সাক্ষাত হয়েছিল যাঁকে বলা হয়েছিল তিনি যতক্ষণ না "প্রভুর খ্রীষ্টকে" না দেখেন তিনি মারা যাবেন না।<br>৪। তিনি শিশুটিকে তাঁর কোলে নিয়েছিলেন এবং ঈশ্বরের প্রশংসা করেছিলেন কারণ তিনি চিনতে পেরেছিলেন যে যীশুই ছিলেন পরিত্রাতা।<br>৫। তারা হান্না নামে একজন বৃদ্ধা মহিলারও সাক্ষাত পেয়েছিল, তিনিও ঈশ্বরকে ধন্যবাদ দিয়েছিলেন এবং "শিশুটির বিষয়ে সকলকে জানিয়েছিলেন যারা যিরূশালেমের পরিত্রাণের জন্য অপেক্ষা করছিল।"<br>৬। ভেবে দেখুন শিমিয়োন এবং হান্না কিভাবে জানতেন যে যীশু অতি বিশেষ একজন ছিলেন।<br>৭। যীশুর প্রতি কি ঘটবে বলে তাঁরা বলেছিলেন সেই জিনিসগুলির বিষয়ে চিন্তা করুন। **(৩১-৩২, ৩৪, ৩৫, ও ৩৮ পদ দেখুন)**<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — শিমিয়োন ও হান্না শিশু যীশুর সাথে সাক্ষাত করেন (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পণ্ডিতরা পূর্ব দিকে একটা তারা দেখেছিল এবং তাদের অধ্যয়ণ থেকে সিদ্ধান্ত নিয়েছিল যে একজন নতুন রাজার জন্ম হয়েছে এবং তারা তাঁকে দেখতে চেয়েছিল।<br>২। তারা যিরূশালেমের প্রাসাদে হেরোদের কাছে এসেছিল, মনে করেছিল যে নতুন রাজা সেখানে জন্মাবেন।<br>৩। হেরোদ উদ্বিগ্ন হন, মনে করেন তাঁর একজন প্রতিদ্বন্দী আছে কিন্তু ধর্মীয় ব্যক্তিদের মাধ্যমে তাঁকে **মীখা ৫:২ পদের** কথা এবং বেতলেহেমে রাজার জন্মের কথা বলা হয়েছিল।<br>৪। পণ্ডিত ব্যক্তিরা বেতলেহেমে যায়, শিশুটিকে খুঁজে পায়, তাঁকে তাদের উপহার দেয় এবং তাঁর আরাধনা করে।<br>৫। স্বপ্নে তাদের অন্য পথে বাড়ী যেতে সতর্ক করা হয় এবং তারা যাকে খুঁজে পেয়েছে তা হেরোদকে বলতে না করা হয়।<br>৬। যোষেফকে বলা হয় নিরাপত্তার জন্য মরিয়ম ও শিশুটিকে মিশরে নিয়ে যেতে।<br>৭। হেরোদ বুঝতে পারেন যে তাঁকে ঠকানো হয়েছে আর তিনি বেতলেহেমে দুই বছর বয়সের নীচে সমস্ত ছেলেদের হত্যা করার আদেশ দেন।<br>৮। শেষ পর্য্যন্ত যোষেফকে বলা হয় ফিরে যাওয়া এবং নাসারতে এসে বাস করা নিরাপদ।<br>৯। কিভাবে ঈশ্বর শত শত বৎসর আগে বিভিন্ন ভাববাণীগুলি দিয়ে এ সমস্ত পরিকল্পনা করে রেখেছিলেন সে বিষয়ে চিন্তা করুন। **(৫-৬, ১৫, ১৭-১৮ এবং ২৩ পদ দেখুন)**<br>১০। এছাড়াও কিভাবে হেরোদ শয়তানের কাজ করছিলেন সেবিষয়েও চিন্তা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পণ্ডিত ব্যক্তিরা যীশুকে পরিদর্শন ও আরাধনা করে। (I)** |
| পুনরালোচনা করুন | শিমিয়োন বলেছিলেন যে তিনি একজন আলো হবেন। ছোট ছোট দলে জোড়া জোড়া করে সমস্ত জিনিসগুলির বিষয়ে চিন্তা করুন যা আজও করে। কি কি উপায়ে তারা ৩২ পদটি এখন একটু ভিন্নভাবে দেখে? ছাত্রছাত্রীদের প্রার্থনা করতে উদ্বুদ্ধ করুন যেন ঈশ্বর তাদের জীবনে তাঁর আরও আলো পাঠান। বিশেষ বিশেষ দিকগুলি চিন্তা করতে তাদের উৎসাহিত করুন যেখানে তাদের সাহায্যের প্রয়োজন এবং তা প্রার্থনায় পরিণত করুন। | যীশুকে যে উপহার দেওয়া হয়েছিল সেগুলির কথা ভেবে দেখুন — স্বর্ণ বোঝায় তিনি একজন রাজা, কুন্দুরু বোঝায় তিনি একজন পরিত্রাতা যিনি কষ্টভোগ করবেন এবং মারা যাবেন, আর গন্ধরস বোঝায় তিনি ঈশ্বর যাঁকে আমরা আরাধনা করি। সমস্ত উপায়গুলি ভেবে দেখুন যেখানে যীশু একটি মূল্যবান সম্পদের মত, একটি বিনামূল্যে উপহার যে কারও কাছে যে তাঁকে পরিত্রাতা এবং প্রভু হিসাবে গ্রহণ করে। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। এই পাঠটি থেকে আমরা আমাদের জীবনে কি শিখতে এবং প্রয়োগ করতে পারি?<br>২। মনে রাখবেন পরিত্রাণের অর্থ সম্পূর্ণতা এবং কেবলমাত্র এক বাদ দেওয়া ঘটনা নয় কিন্তু এক জীবনব্যাপী পদ্ধতি। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে ঃ**<br>১। উপহার হিসাবে প্রভু যীশুর কাছে আমরা কি আনতে পারি সে বিষয়ে চিন্তা করুন।<br>২। কয়েকটি দৈনন্দিন উদাহরণ/সত্য ঘটনাগুলির তালিকা করুন যেখানে শয়তান একজন 'প্রবঞ্চক'। সে কিভাবে কাজ করে সে বিষয়ে সাবধান থাকুন। |

# পাঠগুলিতে মান দিতে শিক্ষক-শিক্ষিকাদের পরিচালনা

## ৩নং স্তরের পাঠগুলি

- ছাত্রছাত্রীরা বাইবেলকে উল্লেখ না করে এই পাঠগুলি সম্পূর্ণ করতে পারে না এবং হয়ত একটা বা আরও বাইবেল পাঠ উল্লেখ করতে পারে।
- প্রশ্নগুলি বিভিন্ন আকারের হয় যেখানে থাকে শব্দের ধাঁধাঁ, শব্দকোষ, হারানো শব্দ, ইত্যাদি।
- সেগুলি বাইবেলের পুরনো অনুবাদ থেকে করা হয়েছে।
- আমাদের উদ্দেশ্য এই যে সমস্ত ছাত্রছাত্রীরা, যেন প্রশ্নগুলির উত্তর দিতে সক্ষম হয়।
- প্রতি সপ্তাহের জন্য কুড়ি নম্বর ধার্য করা হয়েছে, যেখানে মাসের জন্য সবচেয়ে বেশী ৮০ নম্বর, যখন পাঠগুলি সম্পূর্ণটাই সঠিক হয়।
- ৩নং স্তর — সাধারণত প্রতি প্রশ্নের জন্য ১ নম্বর প্রয়োজন, যেমন নির্দেশ দেওয়া হয়েছে।

## ৪নং স্তরের পাঠগুলি :

- এইগুলি ৩নং স্তরে পাঠগুলির প্রতি এক কঠিনতম সংস্করণ।
- আরও জটিল প্রশ্ন এবং উত্তরগুলি প্রয়োজন।
- প্রতি সপ্তাহের জন্য কুড়ি নম্বর এবং মাসের জন্য ৮০ নম্বর, যখন পাঠগুলি সম্পূর্ণরূপে সঠিক এবং প্রশ্নগুলির সম্পূর্ণ উত্তর থাকে।

## মান দেওয়ার আভাস

শিক্ষক-শিক্ষিকাদের বলা হয়, প্রথমে :

- প্রতিটি পাঠ পরীক্ষা করতে এবং সঠিক বা ভুল উত্তরগুলির মান দিতে।
- প্রয়োজনীয় পয়েন্টগুলি পুরস্কৃত করতে যেমন নির্দেশ দেওয়া হয়েছিল।
- সর্বদা এক আলাদা রং দিয়ে মান দিতে, এবং সঠিক উত্তরে টিক দিতে।
- যেখানে প্রয়োজন, সঠিক উত্তরটি বসাতে এবং ভুল বানানগুলি ঠিক করতে, যদিও এগুলির জন্য কোন নম্বর বাদ দেওয়া হবে না।
- আংশিক ঠিক উত্তরের জন্য কম নম্বর দিতে।
- মাসটির জন্য মোট নম্বর যোগ করতে এবং পিছনের পৃষ্ঠায় যোগান জায়গায় এটা লিখতে।

মোটামুটি উদার হওয়া প্রয়োজন এবং ছাত্রছাত্রীদের বাইবেল অধ্যয়ণে উৎসাহ দিতে যতটা সমভব ততটা করা প্রয়োজন। এটা সাহায্য করে, যেখানে প্রতি মাসে শিক্ষক-শিক্ষিকাদের জন্য যখন সম্ভব তখন ছাত্রছাত্রীদের প্রতি উৎসাহজনক বাক্য লেখা এবং এটা করার জন্য পাঠটির পৃষ্ঠায় জায়গা দেওয়া আছে। ভাল রং করা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, নম্বর পাওয়া, পাঠটির বিষয়ে ছাত্রছাত্রীদের বোধশক্তি ইত্যাদিতে মন্তব্য করা যেতে পারে।
আমরা মন্তব্যগুলি যতটা সম্ভব আলাদা করতে চেষ্টা করি। প্রশ্ন, বক্তব্য, পর্য্যবেক্ষণ, উৎসাহ ইত্যাদি বিভিন্নতা রক্ষা করতে ব্যবহার করা যেতে পারে। এতে প্রয়োজন চিন্তাধারণা, কিন্তু এটা গুরুত্বর্ণ যেন ছাত্রছাত্রীদের উৎসাহটি জাগিয়ে রাখা হয়। যদি একই মন্তব্য বা প্রশ্ন প্রত্যেক মাসে পুনর্বার দেওয়া হয়, তবে প্রভাবটা হারিয়ে যায়।

## ৩নং স্তর

### সাধারণ মন্তব্যগুলি

"দারুণ কাজ। তুমি অবশ্যই অতি সতর্কতার সাথে প্রশ্নগুলি পড়েছ। আমি বিশেষভাবে শেষ প্রশ্নে তোমার উত্তরটা পছন্দ করেছি যেখানে খুব ভালভাবে শব্দগুলি বসান হয়েছে?"
"এই যোনাথন, তোমার সব কঠোর পরিশ্রমের জন্য ধন্যবাদ। এটা খুব মহৎ যে তুমি প্রায় সমস্ত উত্তরগুলি পেরেছ। আমি তোমার জন্য হারানো উত্তরগুলি পূর্ণ করে দিয়েছি।"

### আত্মিক মন্তব্যগুলি

"ইস্রায়েল সন্তানদের সাথে মোশির কিছু কঠিন সময় কেটেছিল, কিন্তু ঈশ্বর সব সমস্যাগুলির সমাধান করতে তাকে নিজেকে একা ফেলে রাখেন নি।"
"যোষেফ কখনও ভুলে যায় নি যে তার বাবা তাকে ঈশ্বরকে ভালবাসতে তাকে শিখিয়েছিলেন। এমন কি সে যখন বাড়ী থেকে অনেক দূরে ছিল তখনও তা মনে রেখেছিল।"
"বরতীময় প্রভু যীশুর কাছে পৌঁছতে দৃঢ় প্রতিজ্ঞ ছিল। সে হতাশ হয় নি কারণ সে তখন দেখতে সক্ষম হয়েছিল এবং সে জানত প্রভু যীশু কোন একজন প্রকৃতই বিশেষ ব্যক্তি।"

## ৪নং স্তর

### সাধারণ মন্তব্যগুলি

"আরেকটি অপূর্ব পাঠগুচ্ছ। তুমি এই বাইবেলের গল্পগুলি খুব ভালভাবে বুঝতে পেরেছ বলে মনে হয় এবং আমি সত্যিই আশা করি তুমি এগুলিতে আনন্দ পেয়েছ। পাঠগুলি সতর্কতার সাথে করতে সময় দেওয়ার জন্য তোমাকে ধন্যবাদ। এগুলির মধ্য দিয়ে তাড়াতাড়ি যাওয়া সহজ হোত, কাজেই আমি তোমার সব প্রচেষ্টার প্রশংসা করি।"
"রাহেল, খুব ভাল চেষ্টা করেছ। তোমার উত্তরগুলি দেখে আমার মনে হয়, তুমি হয়ত গল্পটা সম্পূর্ণ বুঝতে পার নি। সম্ভবতঃ তুমি আবার তা পড়তে চেষ্টা করতে পার।"

### আত্মিক মন্তব্যগুলি

"উপমাগুলিকে মাঝে মাঝে বলা হয় স্বর্গীয়, বা গভীর অর্থ দিয়ে জাগতিক গল্প। ৩নং অধ্যয়ণে উপমাটির মধ্যে কি গভীর অর্থ আছে তা কি তুমি চিন্তা করতে পার?"
"স্তিফানের নিষ্ঠুরভাবে মৃত্যু হয়েছিল, তথাপি তিনি মরতে ভয় পান নি, কারণ তিনি জানতেন যে ঈশ্বর তখনও নিয়ন্ত্রণ করেছিলেন, এবং তিনি জানতেন যে তিনি স্বর্গে প্রভু যীশুর সাথে থাকবেন।"

bes INDIA
bible educational services
PO. BOX NO-9. MOOKANNUR.P.O. ANGAMALY, ERNAKULAM 683577
KERALA, E-mail:besindia1@gmail.com.
© Bible Educational Services 2019. **Visit www.besweb.com**